নূতন পঞ্জিকা।

শকাব্দাঃ ১৭৬৯ সন ১২৫৪ ইং ১৮৪৭।৪৮

নবদ্বীপাধিপতি ।।

শ্রীলশ্রীযুক্ত শ্রীশচন্দ্র নৃপতেরনুজ্ঞায়।

শ্রীব্রজমোহন মুখোপাধ্যায় ও শ্রীগোপালচন্দ্র ভট্টাচার্য্য

কর্ত্তৃক।।

অর্থাৎ।

সম্বৎ।

বাঙ্গালা ও ইংরাজী প্রচলিত বঙ্গদিনের সহিত ঐক্য করিয়া

প্রাতিদৈবসীয় তিথ্যাদি জ্ঞানার্থ

নিরূপণ করিয়া প্রাত্যহিক লগ্ন মুহূর্ত্ত ভুক্তি

এবং স্মার্ত্ত ভট্টাচার্য্য

সম্মত শুভক্ষণ শ্রাদ্ধ দিনাদি নির্ণয় পূর্ব্বক

ও খোনার নানা প্রকার বচন সংগ্রহ করিয়া এবং হরিভক্তি

বিলাসের মত একাদশী ব্যবস্থা

ইত্যাদি সংগ্রহ করিলা।

কলিকাতা।

সেণ্ডরস এণ্ড কোন্স সাহেব দিগের যন্ত্রে

মুদ্রাঙ্কিত হইল।।

এই পঞ্জিকা যাহার প্রয়োজন হইবেক তিনি মোং কলিকাতা

নং ৮, মিসিয়ান রো যন্ত্রে পাইবেন ইতি।।

বিজ্ঞাপন।

এই বিজ্ঞাপন পত্র দ্বারা সর্বসাধারণ লোকদিগের জ্ঞাপন করাযাইতেছে যে আমরা এই পঞ্জিকার অনুষ্ঠান কালিন কহিয়াছিলাম যে শ্রীরামপুরের পঞ্জিকাপেক্ষা অতি মনোহর রূপে মুদ্রিত করিব, ইহা মনস্থ করিয়া ছবি, বার্ডর অর্থাৎ পৃষ্ঠার চতুস্পার্শ্বের ফুল ও আর২ দ্রব্যের নিমিত্ত বিলাতে পত্র লিখিয়াছিলাম। কিন্তু ঐ সকল দ্রব্য বিলাত হইতে আসিবার অনেক বিলম্ব দেখিয়া বর্ত্তমান বৎসর এতদ্দেশীয় ছবি সকল গ্রহণ করিলাম। সংপ্রতি বিলাত হইতে ঐ সকল দ্রব্য এবং বিলাতি কাগজ আসিয়াছে তাহা আগামি বৎসরের পঞ্জিকায় মুদ্রিত করা যাইবেক॥

অশুদ্ধ শোধন।

"অশৌচ ব্যবস্থা হেতু" কতিপয় পংক্তি যাহা ৯৪ পৃষ্ঠার প্রথম অংশেই মুদ্রিত হইয়াছে তাহা উদ্ধৃত হইবেক ইতি॥

অথ শুভ দিনের নির্ঘণ্ট ॥

বিবাহ বৈশাখ ১৯।২২।২৫ জ্যৈষ্ঠ ০ আষাঢ় ১৬।১৭।২৬ শ্রাবণ ৫।১৩।২২ অগ্রহায়ণ ৭।৮।২৫।২৬।২৭ পৌষ ০ মাঘ ১৫।১৬ ফাল্গুণ ৭।১৭।১৯।২১ চৈত্র ১২।১৮

দ্বিরাগমণ বৈশাখ ৯।১০।১৬।১৮ অগ্রহায়ণ ৩ ফাল্গুণ ৩।৫

গর্ত্তাধান বৈশাখ ২০।২৭ জ্যৈষ্ঠ ১২।২১ আষাঢ় ২।১১।১৬।১৮।৩০ শ্রাবণ ১৪।২১।২৪।২৯ ভাদ্র ২।৭।৯।১৬।২১।২৮ আশ্বিন ১।৪।৬।১৮।২৭ কার্ত্তিক ৩।১২।২৪ অগ্রহায়ণ ৮।২৭ পৌষ ১৯।২৬।২৮ মাঘ ৪।৬।১৮।২৬ ফাল্গুণ ৩।৪।৯।২১ চৈত্র ২।১৫।২৮।২৯

পঞ্চামৃত বৈশাখ ৯।১৩।১৮ জ্যৈষ্ঠ ১১।১৪।১৭ আষাঢ় ৫।১১ শ্রাবণ ৮।১০ ভাদ্র ৪।২৬

অন্নপ্রাশন নাম করণ বৈশাখ ১৬ জ্যৈষ্ঠ ৪।৬।১১।১৪ আষাঢ় ০ শ্রাবণ ৭ ভাদ্র ১।২৮ আশ্বিন ৭।২৬।২৯ কার্ত্তিক ৬।২৫ অগ্রহায়ণ ২৭ পৌষ ৫।২৬ মাঘ ২৮ ফাল্গুণ ৩।৬।২৬ চৈত্র ৫

চূড়াকরণ কর্ণবেধ বৈশাখ ৯।১৬।১৮ জ্যৈষ্ঠ ০ আষাঢ় ০ মাঘ ২৮ ফাল্গুণ ৩।৫।৬।২৬ চৈত্র ০

বিদ্যারম্ভ বৈশাখ ১৩ জ্যৈষ্ঠ ০ আষাঢ় ০ মাঘ ৪।২৯ ফালগুণ ০ চৈত্র ২৫।২৮

উপনয়ন ফাল্গুণ ২৬ চৈত্র ৩


নবান্ন আশ্বিন ২৯ অগ্রহায়ণ ৭ মাঘ ৪।৮।২৮

গ্রহপূজা বৈশাখ ১৩ জ্যৈষ্ঠ ০ আষাঢ় ০ শ্রাবণ ৪।৮ ভাদ্র ৪ আশ্বিন ০ কার্ত্তিক ৬ অগ্রহায়ণ ৪ পৌষ ৩ মাঘ ৮।২৮ ফাল্গুণ ৩।৬।২৬ চৈত্র ৩।৭।২৮

ঔষধ করণ ও ভক্ষণ বৈশাখ ৬।৯।১৬।১৮ জ্যৈষ্ঠ ০ আষাঢ় ১০।১৫ শ্রাবণ ৮।১৩।১৫ ভাদ্র ১১।১৮।১৯ আশ্বিন ১।১৪।২২ কার্ত্তিক ৬।১৩। অগ্রহায়ণ ৩।৪।৯।১৮।২০।২৪ পৌষ ৩।১৬ মাঘ ৮।১৫।২৮।২৯ ফাল্গুণ ৫।৬।১৩।২১।২৬ চৈত্র ১০।১৮

বাণিজ্য বৈশাখ ৯।১৬।১৮ জ্যৈষ্ঠ ০ আষাঢ় ১০।১৯ শ্রাবণ ৮।১৩।১৪।১৫ ভাদ্র ১১।১৫।১৯।২৮ আশ্বিন ১৪।১৮ কার্ত্তিক ৪ ১২।১৩।২০ অগ্রহায়ণ ৯।১৮।২০।২৭ পৌষ ৩।১০।১৭ মাঘ ৮।৯।১৪।১৫।১৮।২৮।২৯ ফাল্গুণ ৫।৬।২৬ চৈত্র ৩।১০।১১।১৮।২৮।

শুক্রুরাজা।



ভগ্ন নরি চন্দ্র

শ্রীশ্রীকৃষ্ণঃ ॥

শরণং।

নূতন পঞ্জিকা।

শুভমস্তু শকাব্দাঃ ১৭৬৯ সন ১২৫৪ সাল। ইংরাজী ১৮৪৭।৪৮। সম্বৎ ১৯০৪। বঙ্গাব্দাঃ ১২৫৪ ফসলী ১২৫৪।৫৫ বিলায়তী ১২৫৪।৫৫। মগী সন ১২০৯। হিজরী সন ১২৬৪।৬৫।

অথ হর পার্ব্বতী সংবাদ।

হর প্রতি প্রিয় ভাষে কন হৈমবতী। বৎসরের ফলাফল কহ পশুপতি॥ কোন গ্রহ হৈল রাজা কেবা মন্ত্রিবর। প্রকাশ করিয়া কহ শুনি দিগম্বর॥ ভব কন ভবানীকে কহি বিবরণ। বৎসরের ফলাফল করহ শ্রবণ॥

অথ পঞ্জিকা শ্রবণক্রম।

শ্রীসূর্য্যায় নমঃ। অচিন্ত্য ব্যক্তরূপায় নির্গুণায় গুণাত্মনে। সমস্ত জগদাধারমূর্ত্তয়ে ব্রহ্মণে নমঃ। কৈলাশশিখরে রম্যে গৌরী পৃচ্ছতি শঙ্করং। অধুনা ব্রূহি মে নাথ নব পঞ্জীফলাফলং॥ শ্রীশঙ্কর উবাচ শৃণু দেবি প্রবক্ষ্যামি নব পঞ্জীফলাফলং। যস্য শ্রবণ মাত্রেন দিব্য জ্ঞানং লভে নরঃ। শ্বেতবারাহ কল্পাতীতাব্দাঃ ১৯৫৫৮৮৪৯৪৬। অস্মিন্ কল্পে কিয়ন্ম ন্বন্তর কালো গতঃ বর্ত্তমানস্য বৈবস্বত মন্বন্তরস্যাপি সপ্তবিংশতি মহা যুগানি গতানি অষ্টাবিংশতি মহাযুগস্য চ সত্য ত্রেতা দ্বাপর নামানস্ত্রয় যুগ পাদা গতাঃ কলিনামযুগ পাদঃ সম্প্রতি বর্ত্ততে॥

অথ সত্যযুগোৎপত্তিঃ।

বৈশাখ শুক্ল পক্ষে তৃতীয়ায়াং রবিবারে সত্যযুগোৎপত্তিঃ। তত্র অবতার চতুষ্টয়ং মৎস্য কূর্ম্ম বরাহ নৃসিংহাঃ। পুণ্যংপূর্ণং পাপংনাস্তি কুরুক্ষেত্রং

তীর্থং গ্রহাংশো ব্রাহ্মণঃ মজ্জাগতাঃ প্রাণাঃ ইচ্ছামৃত্যুঃ একবিংশতি হস্ত পরিমিতো মানবদেহঃ লক্ষবর্ষং পরমায়ুঃ। সুবর্ণনির্ম্মিত ভোজন পাত্রং সত্যযুগস্য লক্ষণং। সত্য ধর্ম্মরতো নিত্যং তীর্থানাঞ্চ সদাশ্রয়ং। নন্দন্তি দেবতাঃ সর্ব্বাঃ সত্যে সত্যপরা নরাঃ। তারক ব্রহ্মনাম নারায়ণ পরাবেদা নারায়ণ পরাক্ষরাঃ নারায়ণপরা মুক্তির্নারায়ণ পরা গতিঃ।

অথ ত্রেতা যুগোৎপত্তিঃ।

কার্ত্তিক শুক্ল নবম্যাং সোমবারে ত্রেতা যুগোৎপত্তিঃ তত্র অবতারত্রয়ং বামন পরশুরাম শ্রীরামচন্দ্রাঃ পুণ্যং ত্রিপাদঞ্চ পাপমেক পাদং পুষ্করনামকং তীর্থং স্বাগ্নিকো ব্রাহ্মণঃ অস্থিগতা প্রাণাঃ চতুর্দ্দশ হস্ত পরিমিতো মানবদেহঃ দশ সহস্রবর্ষং পরমায়ুঃ ব্যবহার্য্যং রৌপ্য পাত্রং ত্রেতাযুগস্য লক্ষণং। দানধর্ম্মরতোনিত্যং তপস্যা তীর্থদর্শনং। অগ্নিহোত্র পরালোকা রাজানো যজ্ঞ কারিণঃ। তারক ব্রহ্মনাম। রাম নারায়ণানন্ত মুকুন্দ মধুসূদন কৃষ্ণ কেশব কংসারে হরে বৈকুণ্ঠ বামনঃ।

অথ দ্বাপর যুগোৎপত্তিঃ।

ভাদ্র কৃষ্ণ ত্রয়োদশ্যাং গুরুবারে দ্বাপর যুগোৎপত্তিঃ। তত্র অবতার দ্বয়ং শ্রীকৃষ্ণবুদ্ধৌ পুণ্যমর্দ্ধং পাপমর্দ্ধং নৈমিষারণ্যং তীর্থং। নাড়ীস্থো ব্রাহ্মণঃ রক্তগতাঃ প্রাণাঃ সপ্তহস্ত পরিমিতো মানবদেহঃ সহস্রাব্দমায়ুঃ তাম্রপাত্রে ভোজনং। দ্বাপর যুগস্য লক্ষণং। ধর্ম্মাধর্ম্মরতো লোকঃ প্রলাপী চপল সদা স্নান নিষ্ঠঃ কপট বাক্ দ্বাপরে রাজরিশ্বরঃ। তারক ব্রহ্ম নাম। হরে মুরারে মধুকৈটভারে গোপাল গোবিন্দ মুকুন্দ সৌরে যজ্ঞেশ নারায়ণ কৃষ্ণবিষ্ণো নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ॥

অথ কলিযুগোৎপত্তিঃ।

মাঘী পূর্ণিমায়াং শুক্রবারে কলিযুগোৎপত্তিঃ। অবতারঃ কল্কী তত্র পুণ্যমেকপাদং পাপঃ ত্রিপাদং গঙ্গাতীর্থং নিরগ্নিঃ ব্রাহ্মণঃ। অন্নগতাঃ প্রাণাঃ [illegible] মিতো মনুষ্যদেহঃ। অষ্টাধিক [illegible] বর্ষং পরমায়ুঃ ভোজনং পাত্রস্য নির্ণয়ো নাস্তি। কলিযুগস্য লক্ষণং। ধর্ম্ম সঙ্কুচিতস্তপো বিরহিতং সত্যঞ্চ দূরংগতং। লোকা ধর্ম্মহিতা দ্বিজাশ্চ লুভিতা নারী বশা মানবাঃ। তারক ব্রহ্ম নাম। হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

নূতন পঞ্জিকা।

শুভমস্তু শকাব্দাঃ ১৭৬৯ শক নরপতে রতীতাব্দাদয়ঃ ১৭৬৯ অথ শ্বেতবরাহ কল্পাব্দা ঃ ৪৩২০০০০০০০ তৎকল্পাতীতাব্দা ঃ ১৯৫৫৮৮৪৯৪৮ কলিযুগাব্দাঃ ৪৩২০০০ গতকলি ৪৯৪৮ কলিস্থিতিঃ ৪২৭০৫২ সম্বৎ ১৯০৪ অয়নাংশাঃ ২০।১৩।১২ প্রভবাদি বার্হস্পত্য গত বর্ষাদিঃ ৫১।২৮।১৩।৩৬।। তেন রুদ্র বিংশতৌ গতে সৌরবৈশাখস্য সপ্তম দিনাবধি অশ্বিন বর্ষীয় বৈশাখ সৈ্যক দিনং নটনায়ক নামা বৎসর ঃ তৎফলং গোমহিষ্যো বিনশ্যন্তি যেচান্যে নটনায়কাঃ বাসবো বর্ষতে দেবি সর্বশস্যং নজায়তে। ততসিদ্ধার্থনামা বৎসর ঃ তৎফলং তোয় পূর্ণা স্মৃতা মেঘা বহুশস্যাচ মেদিনী। নিষ্ঠুরাঃ পার্থিবাঃ সর্বে সিদ্ধার্থেচ বরাননে।। অন্যেষাং ফলং কিয়চ্ছুভং কিয়দশুভঞ্চ।।

অথ রাজাদয়ঃ। ভৃগোরাজা বিধুমন্ত্রী জলানামধিপো গুরুঃ রবিশস্যাধিপো জ্ঞেয় ঃ দ্রোনাখ্যো মেঘনায়কঃ তক্ষকো নাগ রাজশ্চ প্রবোনাম বিষস্তথা বায়ুঃস্যাৎ বিবহো নাম হস্তিশ্চ বামনস্তথা।। বাহকো মেঘনাদাখ্যঃ সমুদ্রো দুগ্ধ নামক ঃ। দ্বীপ ঃ শাম্মলি নামাচ নন্দলস্তু চিকিৎসকঃ। রৌদ্রোগ্নিনামাহুতভুক হাহাকারাভিধস্তথা। ভীমসেনাঢ়ক জ্ঞেয়ঃ গরুড়ো ধ্বজ ধরকঃ। তীরেচ করকা পাতঃ ধনুবন্যাঢ়কং জলং।।

অথ শুক্র রাজ্ঞ ফলং।। দেবারি পূজ্যে নৃপতৌ ধরিত্রী জলেন পূর্ণা বহুশস্য যুক্তা। ধর্ম্মান্বিতো সর্ব জনানুরক্তো নিরন্তরং মঙ্গল গীতবাদ্যৈঃ।।

অথ চন্দ্র মন্ত্রি ফলং। নিশাকরে মন্ত্রিমি সর্বলোকাঃ প্রমোদ পূর্ণা ভয় বৃদ্ধি যুক্তা মহীচ পূর্ণা জলদা ফলাঢ্যা নৃত্যন্তি লোকা ধন ধান্য যুক্তা।।

অথ বৃহস্পতি জলাধিপ ফলং।। গুরৌ জলেশে জলদাশ্চ সর্বে বর্ষন্তি নীরান্যমৃতো মৃতানি। সমৃদ্ধি শস্যৈঃ সকলাশ্চ লোকাঃ প্রযান্তি মোদং নিরুপ দ্রবাণঃ।।

অথ রবি শস্যাধিপ ফলং। চক্ষুরোগো জ্বরাবৃষ্টি সর্বোপদ্রব এব চ। মন্দ বৃষ্টিঃ সদাবাতো যত্র শস্যাধিপো রবিঃ। অথ দ্রোণ নামা মেঘ ফলং। বহুতোয়া স্তথা মেঘা বহু শস্যবতী মহী। যত্রাব্দেচ জলাধারো দ্রোণাখ্যো মেঘনায়কঃ।।

অথ তক্ষক নামা নাগ ফলং। তক্ষকো নাগ রাজশ্চ বিনা দোষেণ দংশতি দংশমাত্রেন নাশঃ স্যাৎ সর্বদাচ অমঙ্গলং। অথ বিবহ নামাবায়ু ফলং।বিবহো বায়ু নামাচ সদা ভ্রমতি মেদিনী। চতুর্দশ মরুৎসঙ্ঘে পীড়নং বৃক্ষ পর্বতং।

অথ বামন নাম্ন গজফলং।। বামনো গজরাজশ্চ সর্ব দেশেষু মঙ্গলং শস্য পূর্ণা ভবেৎ পৃথ্বী জল পূর্ণার্চ মেদিনী। অথ মেঘনাদ মাহুত ফলং। মেঘ

নাদো মাহুতশ্চৈব সর্ব্বত্র অশলং ভবেৎ॥ শস্য পূর্ণা ভবেন্নিত্যং নানাসুখ সমন্বিতং॥

অথ দুগ্ধ সমুদ্রস্য জল ফলং॥ দুগ্ধাম্বুসাং নিধের্ব্বারি সুখস্বাদু জলোদ্ভব সর্ব্বশস্যা ভবেৎ পৃথ্বী নরানাং সুখদায়কঃ। অথ শাল্মলি দ্বীপ ফলং। যত্রাব্দে শাল্মলিদ্বীপো নরানাং সুখ সংযুতং। শস্যহানিঃ অবৃষ্টিশ্চ ক্রুরঃ পাপরতঃ সদা, অথ মঙ্গল বৈদ্যফলং। মঙ্গলো বৈদ্যরাজশ্চ দর্শনে রোগনাশনং স্পর্শ মাত্রে বিষংহন্তি সর্ব্ব কল্যান দায়কঃ। অথ অগ্নি নামা রৌদ্র ফলং। অগ্নি নামা মহারৌদ্রং ধূম্র মূর্ত্তিঞ্চ কারয়েৎ। জ্বরাদি পিত্তরোগশ্চ ক্লেশশ্চ সর্ব্বদা ভবেৎ॥ অথ হাহাকার নামাগ্নি ফলং। হাহাকারাগ্নি নামাচ নানাদুঃখ প্রদায়কঃ শস্য হানিভবেৎ পৃথ্বী প্রাণ সংশয় মানব ঃ॥

অথ ভীমাঢ়ক ধারিফলং॥ভীমে শস্যং ক্কচিৎ কিঞ্চিৎ কাচম্ভুয়ঃ কৃচিন্নহি মার্গ পৌষে সমং মূল্য তৎ পরেচ মহার্ঘ্যতা। অথ দণ্ড ধারি ফলং।গরুড়োদণ্ডধারী চ বিষ রোগ ভয়ং নহি। অথ গুটিকা পাত ফলং। তীরেচ গুটিকা পাতঃ সর্ব্বদা চ সুমঙ্গলং। নাদ্রবেণ সংপূর্ণা পৃথিবী চনসংশয়ঃ। অথ জল বিভাগঃ ৯৬ অঢ়কং। সমুদ্রে ৫৮ পর্ব্বতে ২৮৬ পৃথিব্যাং ১৯।০ বর্ষাঃ ১৩ ধান্য ১৯ তৃণ ১১ শীত ১৭ ঘর্ম্ম ৯ বায়ু ১৫ প্রজাবৃদ্ধিঃ ৭ ক্ষয় ১৩ রাজ বিগ্রহ ১৯। এতে বিশ্বা॥ বিষ্ণুস্থিতি ৫০৫২ গঙ্গাস্থিতি ৫২ গ্রাম্য দেবতাগতঃ॥

বর্ষ চক্র গণনা। শতভিষা অদ্য বর্ষস্য রাশি।

পর্ব্বতে ২৭।১।২ ধনধান্য লাভ	স্বর্গে ২৪।২৫।২৬ সুখ সম্পত্তি	গগণে ১৮।১৯।২০ মান ভঞ্জনং
চক্রে ৩।৪।৫ দারিদ্রতা	ক্রোড়ে ২১।২২।২৩ সর্ব্ব সম্পত্তি	শঙ্খে ১৫।১৬।১৭ মহালক্ষ্মী
সমুদ্রে ৬।৭।৮ ভ্রমণং	ধরনী ৯।১০।১১ পুত্র সম্পত্তি	পাতালে ১২।১৩।১৪ মরনং

অথ বর্ষচক্র ফলং।

রেবতী অশ্বিনী ভরণী পর্ব্বতে ফলং ধন ধান্য লাভ। শতভিষা পূর্ব্ব ভাদ্রপদ উত্তরভাদ্রপদ স্বর্গেফলং সুখ সম্পত্তি। জ্যেষ্ঠা মূল। পূর্ব্বাষাঢ়া গগনে

ফলং মান ভঙ্গনং। কৃত্তিকা রোহিণী মৃগশিরা চক্রেফলং দারিদ্রতা। উত্তর ষাঢ়া শ্রবণা ধনিষ্ঠা ক্রোড়ে ফলং সব সম্পত্তি স্বাতি। বিশাখা অনুরাধা শঙ্খে ফলং মহালক্ষ্মী। আদ্রা পুনর্ব্বসু পুষ্যা সমুদ্রে ফলং ভায়নং। অশ্লেষা মঘা পূর্ব্বফলগুণী ধরণীতে ফলং পুত্র সম্পত্তি। উত্তরফলগুনী হস্তা চিত্রা পাতালে ফলং মরণ ভয়।

চক্রে ছত্র দান সমুদ্রে শীতল পাটি রসাতলে ঘৃত ও তণ্ডুল অম্বু স্বর্ণ গগণে রৌপ্য শ্বেত বস্ত্র ও অস্ত্র এই দ্রব্য গ্রহ বিপ্রকে দান করিলে দোষ শান্তি হয়॥

	আয়	ব্যয়	স্থিতি		আয়	ব্যয়	স্থিতি
মেষ	৮	২	৯	তুলা	৫	২	৩
বৃষ	৫	২	৩	বৃশ্চিক	৮	২	৬
মিথুন	১১	২	৯	ধনু	২	২	০
কর্কট	৫	২	৩	মকর	৮	৩	৫
সিংহ	২	২	০	কুম্ভ	৮	৩	৫
কন্যা	১১	২	৯	মীন	২	২	০

অথ মেষাদি দ্বাদশ মাসের ফল॥

বৈশাখ মাসের ফল॥ মেষের রাজ সম্মান কিঞ্চিৎ অর্থ লাভ বৃষের সম্মান ও অর্থলাভ মিথুনের পটুতা ও অর্থলাভ কর্কটের ও সিংহের অর্থ লাভ কন্যার অর্থপ্রাপ্তি তুলার অর্থপ্রাপ্তি ও মহাদুঃখ বৃশ্চিকের মহাদুঃখ ও সুখভোগ ধনুর সুখ ভোগ ও ভ্রমণ মকরের ভ্রমণ কুম্ভের ভ্রমণ ও রাজ সম্মান অর্থলাভ মীনের রাজ সম্মান ও অর্থলাভ॥

জৈষ্ঠ মাসের ফল॥ মেষের রোগ ও সুখ বৃষের ও মিথুনের সুখ কিঞ্চিৎ সম্মান কর্কটের ও সিংহের সম্মান ও বন্ধন ভয় কন্যার বন্ধন ভয় তুলার বন্ধন ও লাভ বৃশ্চিকের ও ধনুর লাভ এবং ঐশ্বর্য্য মকরের ও কুম্ভের ঐশ্বর্য্য ও রাজ পূজ্য মীনের রাজ পূজ্য ও অপমৃত্যুবৎ॥

আষাঢ় মাসের ফল॥ মেষের অপমান ও মৃত্যুবৎ বৃষের মৃত্যুবৎ দুঃখ মিথুনের দুঃখ ও লাভ কর্কটের লাভ সিংহের ও কন্যার ভ্রমণ স্ত্রীলাভ তুলার ও বৃশ্চিকের স্ত্রীলাভ ধনুর বন্ধন ভয় মকরের বন্ধন ভয় ও সম্মান কুম্ভের সম্মান মীনের সম্মান ও অপমান।

শ্রাবণ মাসের ফল। মেষের কিঞ্চিৎ লাভ বৃষের কিঞ্চিৎ লাভ ও নিষ্ফল মিথুনের নিষ্ফল কর্কটের নিষ্ফল ও সম্মান সিংহের সম্মান ও বিদ্যা

লাভ কন্যার বিদ্যালাভও ধন সঞ্চয় তুলার ও বৃশ্চিকের ধন সঞ্চয় ধনুর ধন সঞ্চয় ও ভিক্ষালাভ মকরের ভিক্ষালাভ কুম্ভের ভিক্ষালাভও প্রবাস মীনের প্রবাস।

ভাদ্র মাসের ফল ॥ মেষ ও বৃষ ও মিথুনের লাভ এবং পরম ঐশ্বর্য্য কর্কটের ঐশ্বর্য্য বৃদ্ধি সিংহের রাজ পূজ্য ও অপমৃত্যু কন্যার অপমৃত্যু ও রোগ কিঞ্চিৎ সুখ তুলার ও বৃশ্চিকের সুখযুক্ত ও মান ধনুর মান মকরের মান কুম্ভের মান ও বন্ধন ভয় মীনের বন্ধন ভয় ॥

আশ্বিন মাসের ফল ॥ মেষের স্ত্রীলাভ বৃষের স্ত্রীলাভ ও বন্ধন ভয় মিথুনের বন্ধন ভয় কর্কটের বন্ধন ভয় ও সম্মান সিংহের সম্মান ও কিঞ্চিৎ অপমান কন্যার ও তুলার অপমান ও মৃত্যুবৎ বৃশ্চিকের মৃত্যুবৎ ও দুঃখ ও লাভ ধনুর ও মকরের লাভ ও ভ্রমণ কুম্ভের ভ্রমণ মীনের ভ্রমণ ও স্ত্রীলাভ।

কার্ত্তিক মাসের ফল ॥ মেষের ও বৃষের শত্রু বৃদ্ধি মিথুনের সুখ কর্কটের সুখ যুক্ত ও ভোগ সিংহের ভোগ ও ত্রাস কন্যার ত্রাস ও ভোগ তুলার ভোগ বৃশ্চিকের ভোগ ও ত্রাস ধনুর ত্রাস ও সম্মান মকরের ও কুম্ভের সম্মান মীনের সম্মান ও শত্রু বৃদ্ধি ॥

অগ্রহায়ণ মাসের ফল ॥ মেষের ও বৃষের মান মিথুনের মান ও বন্ধন ভয় কর্কটের বন্ধন ভয় সিংহের ও কন্যার লাভ তুলার লাভ ও ঐশ্বর্য্য বৃশ্চিকের ঐশ্বর্য্য ধনুর রাজপূজ্য ও অপমৃত্যু মকরের রোগ ও কিঞ্চিৎ সুখ কুম্ভের ও মীনের সুখ ও মান ॥

পৌষ মাসের ফল ॥ মেষের লাভ ও ভ্রমণ বৃষের ভ্রমণ মিথুনের ভ্রমণ তুলার বন্ধন ভয় ও সম্মান বৃশ্চিকের সম্মান ধনুর অপমান মকরের অপমান ও মৃত্যুবৎ কুম্ভের মৃত্যুবৎ দুঃখ ও লাভ মীনের লাভ ॥

মাঘ মাসের ফল ॥ মেষেরও বৃষের অর্থ লাভও সুখ মিথুনের ও কর্কটের সুখ সিংহের সৌখ্যও অর্থনাশ কন্যার অর্থনাশ তুলার সৌখ্য বৃশ্চিকের সৌখ্য ধনুর সুখ ও ভয় মকরের ও কুম্ভের সুখযুক্ত মীনের প্রবাস ও অর্থলাভ

ফাল্গুণ মাসের ফল ॥ মেষের মৃত্যুবৎ ও রোগ ও সুখ বৃষের সুখ মিথুনের সুখ ও মান কর্কটের মান সিংহের মান কন্যার মান ও বন্ধন ভয় তুলার বন্ধন ভয় বৃশ্চিকের বন্ধন ভয় ও লাভ ধনুর লাভ মকরের লাভ ও ঐশ্বর্য্য কুম্ভের ঐশ্বর্য্য মীনের ঐশ্বর্য্য ও রাজ পূজ্য॥

চৈত্র মাসের ফল ॥ মেষের অপমান ও মৃত্যুবৎ বৃষের মৃত্যুবৎ দুঃখ মিথুনের লাভ কর্কটের লাভ ও ভ্রমণ সিংহের ভ্রমণ কন্যার ভ্রমণ ও স্ত্রী লাভ তুলার স্ত্রী লাভ বৃশ্চিকের স্ত্রীলাভ ও বন্ধন ভয় ধনুর বন্ধন ভয় মকরের বন্ধন ভয় ও সম্মান কুম্ভের সম্মান মীনের সম্মানও কিঞ্চিৎ অপমান।

মেষাদি দ্বাদশ রাশির লক্ষণ ।

মেষরাশি। সদাচার ধর্ম্মশীল বিরল চাঁচর। ধনবান দারিদ্র রহিত মুক্ত কর। বন্ধু যুক্ত সর্বদা পণ্ডিত সুবিচার। চিরকাল প্রবাসী সে মেষ রাশি যার।

বৃষ রাশি। বড় চক্ষু চরণ কপাল দীর্ঘাকার। স্বজন পালক সে বৃষ রাশি যার ।। দেবতা ব্রাহ্মণ গুরু সেবায় অনুগত। প্রেমি বাক্য সত্য ব্যাক্ত শ্লেষ্মপীড়াযুক্ত ।।

মিথুন রাশি। ক্ষীণদেহ শিষ্টভাব স্পষ্ট বাক্য কয়। পরিজনের হিত কারী ধীর হয়ে রয় ।। পিত্তশ্লেষ্ম স্বভাব সুশীল গুণবান। প্রকৃতি সঙ্গেতে প্রিয় মিথুনের বিধান ।।

কর্কট রাশি। বায়ু কফস্বভাব আয় প্রিয় অনুরক্ত। স্বয়ং উপার্জ্জিত ধন ধর্ম্ম কার্য্যযুক্ত ।। স্বল জনে সুখদ সত্যবাদী মান্য রয় ।। কর্কট রাশির এই ফল সুনির্ণয় ।।

সিংহ রাশি। আপনার উদর পূরিলে তুষ্ট হয়। ক্রোধাং মাসিলোভী বন্ধু সেবানা করয় ।। কটা চক্ষু সদা ইচ্ছা বনে বাস তার। স্থূল বক্ষ পিত্ত ভাব সিংহ রাশি যার ।।

কন্যা রাশি। সুলেখক অল্পাহারী ধার্ম্মিক সুধীর। গুরুজন হিতকারী ক্ষীণতা শরীর ।। নেত্ররোগী বিত্তহীন অন্তর বিমল। সুশীলতা লজ্জা যুক্ত কন্যা রাশি ফল।

তুলা রাশি। বান্ধবের প্রিয় উষ্ণ গাত্র দীর্ঘাকার। জয়যুক্ত জ্যোতিষ শাস্ত্রেতে জ্ঞান তার ।। ভৃত্যবর্গে অনুরক্ত বহুরক্ত ভার্য্যা। নিশ্চয় জানিবা যার হয় তুলা রাশি রীতি।

বৃশ্চিক রাশি ।। বহু জন উপকারী বহু ধন পায়। সুখযুক্ত অনুরক্ত রাজার সেবায় ।। স্ত্রী সৌভাগ্য অভিলাষ সচঞ্চল মতি। নিত্য উদ্যোগী বলি বিছা রাশি রীতি ।।

ধনু রাশি। বন্ধু বর্গে প্রিয় পূজনীয় গুণবান ।। দেব বিপ্র সেবী স্বল শ্রেষ্ঠ কীর্ত্তিমান ।। ধন জনযুক্ত সদা হর্ষযুক্ত হয় ।। ধনু রাশির ফল এই জ্যোতিষেতে কয় ।।

মকর রাশি।। সুন্দরী স্ত্রীযুক্ত রাজকন্যা অভিলাষী ।। ইষ্ট মন্ত্রে প্রসন্ন সর্বদা অপ্রবাসী। ধনলোভী রতিযুক্ত হ্রস্ব কলেবর। বন্ধু প্রিয় মকর রাশি হইলে হয় নর ।

কুম্ভ রাশি। সদা বাহু বলযুক্ত দেব বিপ্র অনুরক্ত শিল্পকর্ম্ম কারী

মিষ্টভাষী। ধনবান মতিস্থির সুন্দর শরীর ধীর বৃহৎপরিবার অপ্রবাসী জ্ঞাতিবর্গ অনুরক্ত সুশীল হরিষযুক্ত বহু মনুষ্যের হিতকারী। শিষ্টশাল কীর্ত্তিমান গুণবান মান্যমান এই ফল জন্ম রাশি ধরি।

মীন রাশি। লোমযুক্ত উদরের সমান শরীর দীর্ঘ নাসিকা বহু বিদ্বান সুধীর।। ধনভোগী পরমসুন্দরী নারী হয়। মীন রাশির এই ফল জ্যোতিষেতে কয়।

গণ প্রকরণ।

দমা রাম দমা দিহু রারাম মদরাদরে। ছুরে রাম মদারারি নামেদং গণ নির্ণয়ঃ। অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রে দেব মনুষ্য রাক্ষসাদি গণ অক্ষরা নুসারে যথাক্রমে জানিবে। অর্থাৎ দ অক্ষরে দেবগণ ম অক্ষরে নরগণ র অক্ষরে রাক্ষসগণ।

অথ সূর্য্য গ্রহণ কথনং।

খোনা। সূর্য্য গ্রহণ গণনা বুঝিবে প্রবীণে। কৃষ্ণ পক্ষে তৃতীয়া হইবে যেই দিনে। সে মাসের যে নক্ষত্র আছয়ে নিশ্চিত। সেই নক্ষত্র সেই দিনে হইলে মিলিত। তস্য পরে ত্রয়োদশ যে নক্ষত্র হয়। সে নক্ষত্রে যদি রবি থাকেন সদয়। তবে অমাবস্যা প্রতিপদ সন্ধিক্ষণে। হইবে সূর্য্য গ্রহণ এইরূপ ক্ষণে।

অথ চন্দ্র গ্রহণং।

খোনা। যে মাসের যে রাশি তাহার সপ্তমে থাকে শশী। সেই দিন যদি হয় পৌর্ণমাসী অবশ্য রাহু গ্রাসে শশী। দুই তিন পাঁচ ছয় একা দশে দেখিতে হয়।

প্রশ্নের অভিপ্রায় গণনা।

খোনা। সাত পাঁচ তিন কুশল বাত। নয়ে একে হাতেহাত। কি করিবে ছুটে চটে। কার্য্য নষ্ট দুয়ে আটে।

গর্ভের সন্তান পরীক্ষা।

খোনা। বাণের গুণে দিয়ে বাণ। পেটের ছেলে গণে আন। নামে মাসে করে এক। সাতে হরে সন্তান দেখ। এক তিন থাকে বাণ। তবে নারী পুত্রবান। দুই চারি ছয় অবশ্য তার কন্যা হয়। যদি থাকে শূন্য সাত। তবে নারীর গর্ভপাত।

খোনার মতে ঐ।

গ্রাম গর্ব্তিণী ফলে যুতা। তিন দিয়ে হর পুতা। একে সুত দুয়ে সুতা। তিন হইলে গর্ভ মিথ্যা। এ কথা যদি মিথ্যা হয়। সে ছেলে তার বাপের নয়।

দম্পতীর মধ্যে অগ্রপশ্চাৎ মৃত্যুপরীক্ষা।

খোনা। অক্ষর দ্বিগুণ চৌগুণ মাত্রা। নামে ২ করি সমতা।। তিন দিয়ে হরে॰ আন। তাতে মরা বাঁচা জ্ঞান।। এক শূন্য মরে পতি। দুই থাকিলে ঘরে যুবতী।

পীড়িতের নিদান সংবাদ শুভাশুভ গণনা।

খোনা। অশুভ বার্ত্তা যে জন ভনে। তাহার মুখে যে জন শুনে। তিথি বার করে এক। সাতে হ'র পরমায়ু দেখ।। এক তিন থাকে বাণ। যম ঘর হইতে টেনে আন। দুই চারি ছয় অবশ্য তার মৃত্যু হয়।

অথ জন্ম নক্ষত্র দ্বারা যাত্রার শুভাশুভ গণনা।

খোনা। আপনার জন্ম নক্ষত্রে মাসের যত দিন। তিথিবার ঐক্য করে সাতে কর হীন। একে শুভ দুয়ে ভাল তিনে শত্রুক্ষয়। চতুর্থেতে কার্য্য সিদ্ধি পঞ্চমে সংশয়।। ষষ্ঠে মৃত্যু শূন্য হলে পায় বড় সুখ। খোনা বলে এ যাত্রায় কভু নাহি দুখ।

অথ যাত্রায় শুভক্ষণ নির্ণয়।

খোনা। দ্বাদশ অঙ্গুলি করি কাটি। সূর্য্য মণ্ডলে দিয়া দিটি। রবির চৌদ্দো সোমের ষোল। পঞ্চদশ মঙ্গলের ভাল। বুধ সতেরো গুরু আঠারো শুক্র শনি বারোবারো। এ যাত্রায় যে জন যায়। সম্বৎসরের ফল এক দিনে পায়। হাঁচি জেটি পড়ে যার। শতগুণে লভ্য হয় তার।

নক্ষত্রাশ্রিতদিকশূল।

খোনার বচন। উত্তরে হস্তা দক্ষিণে শ্রবণা। পূর্ব্বে অশ্বিনী না কর গমনা। পশ্চিমে যাইতে রোহিণী রোষে। হরিহর ব্রহ্মা বাহুড়ে না আইসে

অশুভ যাত্রায় শুভদৃষ্টি।

খোনা। ভরাহইতেশূন্য ভাল যদি ভরিতে যায়। আগে হইতে পাছে ভাল যদি ডাকে মায়। মরাহইতে তাজা ভাল যদি মরিতে যায়। বামে হইতে ডাইনে ভাল যদি ফিরে চায়। বাঁধা হইতে খালি ভাল মাথা তুলে চায়। হাঁসা হইতে কাঁদা ভাল যদি কাঁদে বাঁয়।

যোগিনীচক্রং।

খোনা। পূর্ব্বা দুই পয়া উনি। চারি ২ দণ্ড ভিরে যোগিনী। ঘোড়ার পৃষ্ঠে দেবী যায় সম্মুখে দক্ষিণে ধরে খায়।

অথ জাতক গণনা।

খোনা। মীন অন্ত মকর মেষা। আদ্য অন্তে হয় পুরুষা। বিছা সিংহ তুলে হইতে ইহাতে শ্রী খোনা বলে।

অথ জাত বালকের শিয়র নির্ণয় ।

খোনা । অজ সিংহ ধনু পূর্ব্ব । বৃষ কন্যা মকর দক্ষিণা কর্কট মীন মিথুন তুলা ঘট পশ্চিমা ।

অথ জন্ম লগ্নের শুভাশুভ গণনা ।

খোনা । বরাহে বলে কোন লগ্নে দেখ । লগ্নের সপ্তম ঘরে কোন গ্রহ দেখ । আছে শনি সপ্তম ঘরে । অবশ্য তারে খোঁড়া করে । রবি থাকে ভ্রমায় ভূখণ্ড । চন্দ্র থাকে ধরে নব দণ্ড । মঙ্গল থাকে করে খণ্ড২ । অস্ত্রাঘাতে যায় তার মুণ্ড । বুধ থাকে বিষয় করা গুরু শুক্র থাকে বহু ধন পায় ।

খোনা । লগ্নে আঁকা লগ্নে বাঁকা লগ্নে থাকে ভানু তনুজা । লগ্নের সপ্তম অষ্টমে থাকে পাপ । মরে জননী পীড়ে বাপ ।

অথ আয়ু গণনা ।

খোনা কিসের তিথি কিশের বার । জন্ম নক্ষত্রে কর সার । কি কব শ্বশুর মতি হীন । পলকে জীবন বারো দিন ।

অথ অয়নাংশ ।

রাশি চক্র ও পৃথিবীর মধ্যরেখার যে স্থলে সমসূত্রপাতে মিলন হয় সেই স্থলকে ক্রান্তিপাত কহেন সেই ক্রান্তিপাত স্থলে উত্তর দক্ষিণে এক রেখা কল্পনা করিয়া ঐ রেখাকে বিষুবরেখা কহেন সেই বিষুবরেখা ক্রমে পশ্চিম দিগে গমন করত রাশিচক্রের সর্ব্বত্র ভ্রমণ করে ইহা আর্য্যভট্টের মত হয় ইংলণ্ডীয় মত ও এই কহেন কিন্তু সূর্য্যসিদ্ধান্তকার এবং স্মার্ত্ত ভট্টাচার্য্য কহেন যে ক্রমে ২৭ অংশ পূর্ব্ব দিকে পরে ক্রমে ২৭ অংশ পশ্চিম দিকে এই ৫৪ অংশ ঐ বিষুবরেখা দোদুল্যমানমাত্র হয় । যে দুই দিন সূর্য্য ঐ রেখায় থাকেন সেই দুই দিন দিবা রাত্রি মান সমান হয় । ঐ রেখা ৬৬ বৎসর ৮ মাসে এক এক অংশ সরে তৎপ্রযুক্ত দিবারাত্রিমান কালের ব্যত্যয় হইতেছে ঐ রেখা পূর্ব্ব দিকে যত অংশ সরে মেষ সংক্রান্তির তত দিন পরে আর পশ্চিমে যত অংশ সরে এ সংক্রান্তির তত দিন পূর্ব্বে দিবারাত্রিমান সমান হয় । এক্ষণে বিষুবরেখা পশ্চিমে ২০ অংশ ৫ কলা ৬ বিকলা সরাতে উত্তর ভাদ্রপদে ১২ অংশ ৩৪ কলা ৫৪ বিকলায় আছে অতএব চৈত্রমাসের এবং আশ্বিন মাসের ১০ দিনে দিবারাত্রিমান সমান হইতেছে আর পৌষে ১০ দিনে উত্তরায়ণ এবং আষাঢ়ের ১০ দিনে দক্ষিণায়ন আরম্ভ হইতেছে । ১৩৪১ বৎসর পূর্ব্বে

বৈশাখের ও কার্ত্তিকের প্রথম দিবসে অয়ন পরিবর্ত্ত হইত। এই বিষুবরেখা এক এক অংশ সরাতে অয়ন পরিবর্ত্তের অন্যথা হয় এই হেতু ইহাকে অয়নাংশ কহা যায়।

অথ কাল নিরূপণ।

কাল দুই প্রকার হয় এক স্থূল অপর সূক্ষ্ম তাহার মধ্যে এক গুরুবর্ণ উচ্চারণে যে কাল লাগে তাহার নাম বিপল দশ বিপলে এক প্রাণ হয় এই প্রাণাদিকাল স্থূল আর শত শত পদ্মপত্র একত্র করিয়া অতিসূক্ষ্ম সূচিদ্বারা একবারে বিদ্ধ করিলে এক পত্রহইতে অপর পত্র যাইতে ঐ সূচের যে কাল লাগে তাহার নাম ক্রুটি ঐ ক্রুটিপ্রভৃতি যে কাল তাহাকে সূক্ষ্ম কহা যায়। নক্ষত্রগণ সূর্য্য চন্দ্র এবং ইংলণ্ডীয় মতে ভিন্ন ভিন্ন গ্রহ ইহারা সকলে স্বীয় স্বীয় গতিদ্বারা এই দুই প্রকার কালের নিশ্চায়ক হয়েন।

অথ নাক্ষত্র মান।

ষাইট অনুপলে এক বিপল ষাইট বিপলে অথবা ছয় প্রাণে এক পল ষাইট পলে এক দণ্ড ষাইট দণ্ডে এক নাক্ষত্র অহোরাত্র ত্রিশ নাক্ষত্র অহোরাত্রেতে এক নাক্ষত্র মাস বারো নাক্ষত্র মাসের এক নাক্ষত্র বৎসর হয়। নাক্ষত্র ৩৬৬ অহোরাত্র ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপলে এক সৌর বৎসর হয় অতএব সাবন ৩৬৫ দিন ১৫৩১ পল ৩১ বিপল ২৪ অনুপলে নাক্ষত্র এক অহোরাত্র অধিক হয়। তারা গণের উদয় দর্শনাধীন এই নক্ষত্র কালের নিশ্চয় হয় কোন বিশেষ নক্ষত্রের উদয়স্থানহইতে পুনর্ব্বার উদয় স্থানে আসিতে যে কাল লাগে তাহা কোন প্রকারে কোন যন্ত্রদ্বারা স্থির করিলে সেই কাল দ্বারা এক নাক্ষত্র অহোরাত্রের পরিমাণ বিদিত হইবেক। এই নাক্ষত্র অহোরাত্রের মান প্রত্যহই সমান থাকে যে হেতু তারাগণের গতির প্রায় ব্যত্যয় নাই নাক্ষত্র অহোরাত্রেতে দ্বাদশ লগ্ন হয় তাহার বিশেষ পরে লেখা যাইবেক।

অথ সৌর মান।

এক শত ক্রুটিতে এক তৎপর ত্রিশ তৎপরে এক নিমেষ অষ্টাদশ নিমেষে এক কাষ্ঠা ত্রিশ কাষ্ঠায় এক কলা ষাইট কলায় এক অংশ ত্রিশ অংশে এক রাশি বারো রাশিতে এক সৌর বৎসর হয় সৌর বৎসরে সূর্য্য দ্বাদশ রাশি ভোগ করেন প্রত্যেক রাশিতে তিনি যত কাল থাকেন সেই কালে এক এক সৌর মাস হয় সূর্য্যের গতির শীঘ্রতা ও মন্দতা দ্বারা এই সৌর মাসের হ্রাসবৃদ্ধি হইতেছে সৌর বৎসরে সাবন ৩৬৫ দিন ১৫ দণ্ড ৩১

পল ৩১ বিপল ২৪ অনুপল হয়। সূর্য্যের রাশিচক্রে যে সাংবৎসরিক গতি তদ্দ্বারা এই সৌর কালের নির্ণয় হয়॥

অথ সাবন মান।

সূর্য্যের এক উদয়াবধি অপর উদয়পর্য্যন্ত যে দিন তাহাকে সাবন দিন কহা যায় তাহার স্থূল পরিমান রবি যে লগ্নে উদয় হয়েন সেই লগ্ন মানের ত্রিশ ভাগের এক ভাগ সহিত নাক্ষত্র ষাইট দণ্ড হয় কিন্তু সূর্য্যের কখন মন্দ এবং কখন শীঘ্র গতিদ্বারা আর রাশিচক্রের বক্রিমাহেতুক এই সাবন দিনের হ্রাসবৃদ্ধি হয় অতএব তাহার মানের প্রত্যহই বিভিন্নতা দৃষ্ট হইতেছে সাংবৎসরিক সাবন দিন সকলকে সমান করিয়া বিভক্ত করিলে নাক্ষত্র মানের কিঞ্চিৎ অধিক ষাইট দণ্ডে যে এক এক দিন হয় তাহাকে মধ্যম সাবন দিন কহে সৌর বৎসরে নাক্ষত্র দিনাপেক্ষায় সাবন এক দিন ন্যূন হয় এই পরিমাণে নাক্ষত্র ও এই মধ্যম সাবন কালের ন্যূনাতিরেক হয়। যে কোন দিনাবধি সাবন ত্রিশ দিনে এক সাবন মাস হয়। সাবন বারো মাসে এক সাবন বৎসর হয় এই সাবন বৎসর সৌর বৎসরাপেক্ষায় ৫ দিন ১৫ দণ্ড ৩১ পল ৩১ বিপল ২৪ অনুপল ন্যূন হয় এই সাবন দিন নাক্ষত্র অহোরাত্রের ন্যায় দণ্ড পল বিপল অনুপলে বিভক্ত হয়॥

অথ চান্দ্র মান।

আপন গতিক্রমে ভ্রমণ করিতেছেন যে সূর্য্য তাঁহার অধঃসূত্রহইতে নিঃসৃত হইয়া চন্দ্র যত ক্ষণে ঐ সূর্য্যহইতে ১২ অংশ অন্তর গমন করেন তত ক্ষণে এক তিথি হয় প্রথম ১২ অংশ গমনে শুক্ল প্রতিপদ দ্বিতীয় ১২ অংশ গমনে দ্বিতীয়া এই রূপে সূর্য্যহইতে রাশিচক্রের অর্দ্ধেক অর্থাৎ ১৮০ অংশ গমনে ১৫ তিথি হয় তাহাকে শুক্ল পক্ষ কহেন পরে ঐ রূপ ১২ অংশ গমনক্রমে যে ১৫ তিথিতে চন্দ্র ক্রমশঃ সূর্য্যের নিকটগামী হইয়া সমসূত্রপাতন্যায়ে পুনর্ব্বার সূর্য্যের অধোবর্ত্তী হয়েন সেই ১৫ তিথিকে কৃষ্ণ পক্ষ কহেন সূর্য্যাপেক্ষায় চন্দ্র যত ১২ অংশ দূর গমন করেন চন্দ্রের তত কলা দৃষ্ট হয় আর যত ১২ অংশ নিকটগামী হয়েন তত কলা অদৃশ্য হয় সূর্য্যের উভয় পার্শ্বে ২ অংশের মধ্যে চন্দ্রের অবস্থিতি হইলে তাহার অদর্শন হয় অতএব কৃষ্ণ চতুর্দ্দশীর শেষাবধি শুক্ল প্রতিপদের শেষপর্য্যন্ত চন্দ্র দর্শন হয় না চন্দ্র আপন গতিক্রমে সূর্য্য হইতে ১২ অংশ দূর যাইবার মধ্যে সূর্য্য আপন গতিক্রমে প্রায় ১ অংশ চন্দ্রের নিকট হয়েন ঐ ১ অংশ গমনে চন্দ্রের যে কাল লাগে তাহার সহিত চন্দ্রের ১২ অংশ গমনের কালকে ঐক্য করিলে প্রায় ৫৯ দণ্ড হয় ইহাতে চন্দ্রের গতি

প্রায় ১৩ অংশ ১০।। কলা হইবেক কিন্তু চন্দ্র ও সূর্য্যের কদাচিৎ মন্দ গতি ও কদাচিৎ শীঘ্র গতিপ্রযুক্ত তিথি মানের হ্রাসবৃদ্ধি হইতেছে। ১ তিথিতে ১ চান্দ্র দিন ৩০ তিথিতে ১ চান্দ্র মাস ১২ চান্দ্র মাসে ১ চান্দ্র বৎসর হয়। চান্দ্র মাস তিন প্রকার হয়। শুক্ল প্রতিপদঅবধি অমাবস্যা পর্য্যন্ত যে ত্রিশ তিথি তাহাকে মুখ্য চান্দ্র আর কৃষ্ণপ্রতিপদঅবধি পূর্ণিমাপর্য্যন্ত যে ত্রিশ তিথি তাহাকে গৌণচান্দ্র আর শুক্লপক্ষীয় বা কৃষ্ণপক্ষীয় যে কোন তিথিহইতে আরম্ভ করিয়া তাহার পূর্ব্ব তিথিপর্য্যন্ত যে ত্রিশ তিথি তাহাকে চান্দ্র সাবন কহা যায়।।

অথ নাক্ষত্রাদি কালের ব্যবস্থা।।

নাক্ষত্র দিনের গণনাক্রমে পরমায়ুর গণনা হয় সাবন গণনাক্রমে সুদ এবং বেতন অশৌচ প্রায়শ্চিত্ত গর্ভাধান পুংসবন সীমন্তোন্নয়ন নাম করণ নিষ্ক্রমণ অন্নপ্রাশন চূড়াকরণাদি স্থলে দিন ও মাসাদি গণনা কর্ত্তব্য হয় আর সৌরগণনাক্রমে যাত্রায় ও বিবাহে চৈত্রাদি মাস গণনা হইতেছে এবং যে কর্ম্মে রাশির উল্লেখ থাকে তাহাও সৌর গণনাক্রমে কর্ত্তব্য হয় স্মৃতিতে উক্ত শ্রাদ্ধাদি নানা কর্ম্মের মধ্যে যে কোন২ কর্ম্ম মুখ্য চান্দ্রে ও দুর্গোৎসবাদি কোন কোন কর্ম্ম গৌণ চান্দ্রে আর প্রেতশ্রাদ্ধে মাস ও বৎসর গণনা চান্দ্র সাবনে হয়।।

অথ যুগাদি নিরূপণ।

সৌর মানের দুই মাসে এক ঋতু তিন ঋতুতে এক অয়ন দুই অয়নে এক বৎসর হয় মনুষ্যদিগের এই বৎসরে দেবতা ও অসুরদিগের এক দিন এক রাত্রি হয় তাহার মধ্যে দেবতাদিগের উত্তরায়ণ দিন দক্ষিণায়ন রাত্রি অসুরদিগের দক্ষিণায়ণ দিন উত্তরায়ণ রাত্রি। ৪৩২০০০ সৌর বৎসরে কলিযুগ তাহার দ্বিগুণে ৮৬৪০০০ বৎসরে দ্বাপর যুগ ত্রিগুণে ১২৯৬০০০ বৎসরে ত্রেতা যুগ চতুর্গুণে ১৭২৮০০০ বৎসরে সত্য যুগ হয় এই চারি যুগকে এক মহাযুগ কহা যায় ইহাতে দেবতাদিগের বারো হাজার বৎসর হয় ৭১ মহাযুগে এক মন্বন্তর হয় তাহার শেষে সত্য যুগের পরিমাণে ১৭২৮০০০ সাবন বৎসর সন্ধিকাল হয় এই রূপ সন্ধিকাল সহিত চৌদ্দ মন্বন্তরে ব্রহ্মার এক দিবস অর্থাৎ এক কল্প হয় তাহার আদিতে ও ঐ সত্য যুগের পরিমাণে সন্ধিকাল হয় অতএব কল্পের মান ১০০০ মহাযুগ হয়।

অথ নক্ষত্রদ্বারা রাশিনির্ণয়।

ইহা পূর্ব্বে কথিত হইয়াছে যে রাশিচক্রস্থ সাতাইশ নক্ষত্রকে বারো

ভাগ করিলে তাহার নয় পাদ নক্ষত্রে এক এক ভাগ হয় সেই সকল ভাগকে এক এক রাশি কহা যায় এক্ষণে যে নয় পাদে যে রাশি হয় তাহার পরিচয় দেখা যাইতেছে। অশ্বিনী ভরণী কৃত্তিকার এক পাদ পর্য্যন্ত মেষ কৃত্তিকার তিন পাদ রোহিণী মৃগশিরার অর্দ্ধপর্য্যন্ত বৃষ মৃগশিরার অর্দ্ধ আর্দ্রা পুনর্ব্বসুর তিন প্রাদ মিথুন পুনর্ব্বসুর এক পাদ পুষ্যা অশ্লেষা কর্কট মঘা পূর্ব্বফলগুণী উত্তরফলগুণীর এক পাদ সিংহ উত্তর ফলগুণীর তিন পাদ হস্তা চিত্রার অর্দ্ধ কন্যা চিত্রার অর্দ্ধ স্বাতি বিশাখার তিন পাদ তুলা বিশাখার এক পাদ অনুরাধা জ্যেষ্ঠা বৃশ্চিক মূলা পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়ার এক পাদ ধনু উত্তরাষাঢ়ার তিন পাদ শ্রবণা ধনিষ্ঠার অর্দ্ধ মকর ধনিষ্ঠার অর্দ্ধ শতভিষা পূর্ব্বভাদ্রপদের তিন পাদ কুম্ভ পূর্ব্বভাদ্রপদের এক পাদ উত্তর ভদ্রপদ রেবতী মীন রাশি হয়॥

অথ বারোমাস।

এই মেষাদি রাশির মধ্যে এক রাশিতে সূর্য্য যত দিন থাকেন ততদিনে এক সৌর মাস হয় মেষে থাকিলে বৈশাখ এবং বৃষে থাকিলে জ্যৈষ্ঠ মিথুনে থাকিলে আষাঢ় কর্কটে থাকিলে শ্রাবণ সিংহে থাকিলে ভাদ্র কন্যাতে থাকিলে আশ্বিন তুলায় থাকিলে কার্ত্তিক বৃশ্চিকে থাকিলে অগ্রহায়ণ ধনুতে থাকিলে পৌষ মকরে থাকিলে মাঘ কুম্ভে থাকিলে ফালগুণ মীনে থাকিলে চৈত্র মাস হয়॥

সিদ্ধান্ত রহস্য মতে বৈশাখাদি মাসের পরিমাণ।

মাস	দিন	দণ্ড	পল	মাস	দিন	দণ্ড	পল	মাস	দিন	দণ্ড	পল
বৈশাখ	৩০	৫৬	৪৯	ভাদ্র	৩১	০	২০	পৌষ	২৯	১৯	৫
জ্যৈষ্ঠ	৩১	২৫	৪১	আশ্বিন	৩০	২৫	৪১	মাঘ	২৯	২৭	২১
আষাঢ়	৩১	৩৮	৪০	কার্ত্তিক	২৯	৫২	৫১	ফালগুণ	২৯	৫০	৪
শ্রাবণ	৩১	২৭	৫৯	অগ্রহায়ণ	২৯	২৮	৫৮	চৈত্র	৩০	২২	৩

এতদ্দেশে যে দিবস সংক্রান্তির পুণ্য কাল হয় সে দিবসে সংক্রান্তি ব্যবহার হইয়া থাকে অতএব কোটিসংক্রান্তি স্থলে এবং উভয় দিন পুণ্য কাল স্থলে সঞ্চারদিনের পর দিবস পূর্ব্বার্দ্ধ পুণ্য কাল হয় তৎপ্রযুক্ত পর দিনে সংক্রান্তি ব্যবহার হয় কোন কোন দেশে যে দিবস সূর্য্যের সঞ্চার হয় সেই দিন সংক্রান্তির ব্যবহার হয় আর উভয় দিন পুণ্য কাল স্থলে এবং কোটিসংক্রান্তি স্থলে পর দিবসকে পরমাসীয় করিয়া ব্যবহার করেন পরন্তু সূর্য্যের ভিন্ন রাশিতে গমন কালের পরক্ষণাবধি যাহারা পর মাস ব্যবহার করেন তাহারদিগের সে ব্যবহার শাস্ত্রসিদ্ধ হয়।

অথ লগ্ন নিরূপণ।

নাক্ষত্র অহোরাত্রের মধ্যে ১২ রাশির ক্রমে উদয় হয় রাশির প্রথম অংশ উদয় স্থানে উপস্থিত হওনাবধি তাহার শেষ অংশ উদয় হওন পর্য্যন্ত যত ক্ষণ হয় সেই কালকে ঐ রাশির লগ্ন কহা যায়। প্রতিরাশির লগ্নমান ভিন্ন হয় তাহার কারণ এই যে রাশিচক্রের বক্রতা জন্য রাশি দিগের উদয়হইতে স্বস্ব অবস্থানের বক্রিমানুসারে ভিন্ন ভিন্ন কাল লাগে। এই কারণে ও দেশভেদে দশনের বক্রতা অবক্রতা প্রযুক্ত লগ্ন মানের ভেদ হইতেছে কিন্তু বারো লগ্ন এক নাক্ষত্র দিনের মধ্যে হইবেক অতএব কোন লগ্নের বৃদ্ধি হইলে অন্য লগ্নের হ্রাস হয়।

বৈশাখ মাসের প্রথম মেষ পরে বৃষ তৎপরে মিথুন ইত্যাদি ক্রমে জ্যৈষ্ঠ মাসের প্রথমে বৃষ পরে মিথুন তৎপরে কর্কট ইত্যাদি ক্রমে এবং আষাঢ় মাসের প্রথমে মিথুন শ্রাবণের প্রথমে কর্কট ভাদ্রের প্রথমে সিংহ আশ্বিনের প্রথমে কন্যা কার্ত্তিকের প্রথমে তুলা অগ্রহায়ণের প্রথমে বিছা পৌষের প্রথমে ধনু মাঘের প্রথমে মকর ফালগুণের প্রথমে কুম্ভ চৈত্রের প্রথমে মীন এই ক্রমে দ্বাদশ মাসে প্রতিদিন দ্বাদশ লগ্ন হয়। রবির যে লগ্নে উদয় হয় তাহার সপ্তম লগ্নে তিনি অস্ত হয়েন যে মাসে যত দিন হইবেক সেই মাসীয় উদয় লগ্নকে তত ভাগ করিলে তাহার এক এক ভাগ প্রত্যহ রাত্রি প্রবিষ্ট হইবেক ঐ ভাগকে রবি ভুক্তি কহেন আর অস্ত লগ্নে রও সেই রূপ ভাগ দিবা প্রবিষ্ট হয় অতএব মাসের যত দিনে যত দণ্ড সময়ে লগ্ন নির্ণয় কর্ত্তব্য হইবেক সে লগ্ন দিবাতে হইলে উদয় লগ্নের রাত্রি প্রবিষ্ট ভাগ ত্যাগ করিয়া অবশিষ্ট ভাগ গ্রহণ করিয়া উদয় লগ্নের পরস্পর লগ্ন যোগ করিলে অভীষ্ট সময়ের লগ্ন নিশ্চয় হইবেক আর রাত্রিতে লগ্ন নিশ্চয় করিতে হইলে অস্ত লগ্নের দিবা প্রবিষ্ট ভাগ ত্যাগ করিয়া তাহার পর পর লগ্নের যোগ করিলে সেই সময়ের লগ্ন হইবেক যেমন বৈশাখ মাসের ১৪ দিনে দিবা ১৫ দণ্ড ১০ পলের সময়ে কর্ম্ম কর্ত্তব্য হইলে ঐ বৈশাখের মান ৩১ দিন হইলে উদয় লগ্ন মেষ তাহার মান ৪ দণ্ড ২ পল ইহাতে প্রত্যহ রাত্রি প্রবিষ্ট ভাগ ৭ পল ৫৮ বিপল ৪ উৎপল হয় ১৪ দিনের রাত্রি প্রবিষ্ট ভাগ দং ১।৫১।৩৩ হইল তাহার অবশিষ্ট দং ২।১৫।২৭ তাহার সহিত অপর লগ্ন বৃষ তৎপর লগ্ন মিথুন যোগ করিলে ১২ দণ্ড ২৩ পল ৩৭ বিপল হয় পরে কর্ম্ম কালে কর্কট লগ্ন হইবেক রাত্রিতে অস্ত লগ্ন হইতে ঐই রূপ গণনা করিলে লগ্ন নিশ্চয় হইবেক। এই

প্রকারেতে নানা দেশীয় লগ্নমান লইয়া নানা দেশে লগ্ন নিশ্চয় কর্ত্তব্য হয়।

পঞ্চাঙ্গুল প্রায় সপ্ত ব্যঙ্গুল ছায়াপ্রযুক্ত কলিকাতার এবং তাহার সমান রেখায় পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪। ৭। ৭	সিংহ	৫।৩২।৫১	ধনু	৫।১৭।৩৯
বৃষ	৪।৪৯।৫০	কন্যা	৪।২৯।২০	মকর	৪।৩২।৫৮
মিথুন	৫।২৮।২০	তুলা	৫।৩৫।২৬	কুম্ভ	৩।৫৭।২৬
কর্কট	৫।৪১।২৬	বিছা	৫।৪০।৫৭	মীন	৩।৪৬।৪০

পঞ্চাঙ্গুল দশ ব্যঙ্গুল ছায়া হেতু নবদ্বীপ বর্দ্ধমান ও তৎ সমসূত্র পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪। ৬।২৭	সিংহ	৫।৩৩।২২	ধনু	৫।১৭।২২
বৃষ	৪।৪৯।৪৬	কন্যা	৫।২৯।৪০	মকর	৪।৩২।১২
মিথুন	৫।২৮।৪৯	তুলা	৫।৩৬।২৪	কুম্ভ	৩।৫৭।২৬
কর্কট	৫।৪০।৪৫	বিছা	৫।৪১।২৫	মীন	৩।৪৬।২০

পঞ্চাঙ্গুল প্রায় ১১ ব্যঙ্গুল ছায়া হেতু ঢাকায় ও তাহার সমান পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান॥

মেষ	৪। ৬।২৪	সিংহ	৫।৩৩।৪১	ধনু	৫।১৭।১৮
বৃষ	৪।৪৯।২৮	কন্যা	৫।২৯।৫২	মকর	৪।৩৩।১৫
মিথুন	৫।২৮।৪২	তুলা	৫।৩৭।২২	কুম্ভ	৩।৫৬।৪৮
কর্কট	৫।৪০।৪৫	বিছা	৫।৪১।২৫	মীন	৩।৪৬।২৩

পঞ্চাঙ্গুল প্রায় দ্বাদশ ব্যঙ্গুল ছায়াপ্রযুক্ত মুরসিদাবাদে এবং তাহার সমান পূর্ব্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান॥

মেষ	৪। ৬।৩১	সিংহ	৫।৩৩।৩৩	ধনু	৫।১৭।২৪
বৃষ	৪।৪৯।৩৩	কন্যা	৫।৩০। ০	মকর	৪।৩৩।৪০
মিথুন	৫।২৮।৪৬	তুলা	৫।৩৭।১৫	কুম্ভ	৪।৫৫।৪৯
কর্কট	৫।৪০।৪৯	বিছা	৫।৪০।৪১	মীন	৩।৪৬।০

পঞ্চাঙ্গুল প্রায় ৫ ব্যঙ্গুল ছায়াপ্রযুক্ত চট্টগ্রামের এবং ৫ ব্যঙ্গুল ছায়াহেতু মেদিনীপুরে অয়নাংশ শুদ্ধ লগ্নমান॥

মেষ	৪।৮।২	সিংহ	৫।৩২।৮	ধনু	৫।১২।৫৯
বৃষ	৪।৪৯।৩৩	কন্যা	৫।৩০। ০	মকর	৪।৩৩।৪০
মিথুন	৫।২৮।২০	তুলা	৫।৩৫।৫৫	কুম্ভ	৩।৪৭।৪০
কর্কট	৫।৩৯।৩০	বিছা	৫।৩৯।৫৮	মীন	৩।৪৭।৪০

পঞ্চাঙ্গুল পঞ্চাশৎ ব্যঙ্গুল ছায়াহেতু রংপুরে এবং তাহার সমান পূর্ব পশ্চিমস্থ দেশে অয়নাংশ শুদ্ধ লগ্নমান।

মেষ	৪। ১।৩৬	সিংহ	৫।৩৬।৩২	ধনু	৫।১৭।৩৫
বৃষ	৪।৪৬।২৮	কন্যা	৫।৩৩।২০	মকর	৫।৩১।২৫
মিথুন	৫।২৯।৩৪	তুলা	৫।৩১।২৭	কুম্ভ	৩।৫৫।৫
কর্কট	৫।৪৪।৩১	বিছা	৫।৪৭।৪৮	মীন	৩।৩৯।৪০

বার

১ রবিবার। ২ সোমবার। ৩ মঙ্গলবার। ৪ বুধবার। ৫ বৃহস্পতিবার। ৬ শুক্রবার। ৭ শনিবার।

অথ শুক্লা তিথিঃ।

১ প্রতিপদ। ২ দ্বিতীয়া। ৩ তৃতীয়া। ৪ চতুর্থী। ৫ পঞ্চমী ৬ ষষ্ঠী। ৭ সপ্তমী। ৮ অষ্টমী। ৯ নবমী। ১০ দশমী। ১১ একাদশী। ১২ দ্বাদশী। ১৩ ত্রয়োদশী। ১৪ চতুর্দ্দশী। ১৫ পূর্ণিমা॥

কৃষ্ণা তিথি॥

১৬ প্রতিপদ। ১৭ দ্বিতীয়া। ১৮ তৃতীয়া। ১৯ চতুর্থী। ২০ পঞ্চমী। ২১ ষষ্ঠী। ২২ সপ্তমী। ২৩ অষ্টমী। ২৪ নবমী। ২৫ দশমী। ২৬ একাদশী ২৭ দ্বাদশী। ২৮ ত্রয়োদশী। ২৯ চতুর্দ্দশী। ৩০ অমাবস্যা॥

নক্ষত্র॥

১ অশ্বিনী। ২ ভরণী। ৩ কৃত্তিকা। ৪ রোহিণী। ৫ মৃগশিরা। ৬ আর্দ্রা। ৭ পুনর্ব্বসু। ৮ পুষ্যা। ৯ অশ্লেষা। ১০ মঘা। ১১ পূর্ব্বফল্গুনী ১২ উত্তরফল্গুনী। ১৩ হস্তা। ১৪ চিত্রা। ১৫ স্বাতি। ১৬ বিশাখা। ১৭ অনুরাধা। ১৮ জ্যেষ্ঠা। ১৯ মূলা। ২০ পূর্ব্বাষাঢ়া। ২১ উত্তরাষাঢ়া ২২ শ্রবণা। ২৩ ধনিষ্ঠা। ২৪ শতভিষা। ২৫ পূর্ব্বভাদ্রপদ। ২৬ উত্তর ভাদ্রপদ। ২৭ রেবতী॥

করণ।

১ বব। ২ বালব। ৩ কৌলব। ৪ তৈতিল। ৫ গর। ৬ বণিজ। ৭ বিষ্টি। ৮ শকুনি। ৯ চতুষ্পাদ। ১০ নাগ। ১১ কিন্তুঘ্ন॥

যোগ।

১ বিষ্কুম্ভ। ২ প্রীতি। ৩ আয়ুষ্মান। ৪ সৌভাগ্য। ৫ শোভন। ৬ অতিগণ্ড। ৭ সুকর্ম্মা। ৮ ধৃতি। ৯ শূল। ১০ গণ্ড। ১১ বৃদ্ধি। ১২ ধ্রুব। ১৩ ব্যাঘাত। ১৪ হর্ষণ। ১৫ বজ্র। ১৬ অসৃক। ১৭ ব্যতীপাত। ১৮ বরী

য়ান। ১৯ পরিঘ। ২০ শিব। ২১ সাধ্য। ২২ সিদ্ধি। ২৩ শুভ। ২৪ শুক্র। ২৫ ব্রহ্ম। ২৬ ইন্দ্র। ২৭ বৈধৃতি।

মেষাদি দ্বাদশ রাশি।

১ মেষ। ২ বৃষ। ৩ মিথুন। ৪ কর্কট। ৫ সিংহ। ৬ কন্যা। ৭ তুলা ৮ বৃশ্চিক। ৯ ধনু। ১০ মকর। ১১ কুম্ভ। ১২ মীন।

অথ দ্বাদশ রাশিতে দ্বাদশ মাস।

বৈশাখে মেষ। জ্যৈষ্ঠে বৃষ। আষাঢ়ে মিথুন। শ্রাবণে কর্কট। ভাদ্রে সিংহ। আশ্বিনে কন্যা। কার্তিকে তুলা। অগ্রহায়ণে বৃশ্চিক। পৌষে ধনু। মাঘে মকর। ফাল্গুণে কুম্ভ। চৈত্রে মীন।

অথ বার কথন।

শুক্রেন্দু বুধজীবানাং বারাঃ সর্বত্র সোভনাঃ। ভানু ভূসুতমন্দানাং শুভকর্ম্মসু কেষ্বপি।

অস্যার্থঃ। শুক্র সোম বুধ বৃহস্পতি চারি বার। সর্ব কর্ম্মে জান শুভ এই কহি সার। শনি রবি ভূমিসুত এই গ্রহ তিন। কোন কোন কর্ম্মে শুভ হন কোন দিন। অথ বারবেলা ও কালবেলা।

রবৌ বর্জ্জ্যং চতুঃপঞ্চ সোমে সপ্তদ্বয়ং তথা। কুজে ষষ্ঠদ্বয়ঞ্চৈব বুধে বাণতৃতীয়কং। গুরৌ সপ্তাষ্টকঞ্চৈব ত্রিচত্বারিচ ভার্গবে। শনাবাদ্যন্তথা চান্ত্যং যষ্ঠঞ্চ পরিবর্জয়েৎ।

অস্যার্থঃ। দিনমান এবং রাত্রিমানকে আট আট ভাগ করিলে এক এক ভাগকে যামার্দ্ধ কহা যায়। সেই যামার্দ্ধ ভাগে বারবেলা ও কালবেলা হয়। রবিবারে দিবসে চতুর্থ ভাগ বারবেলা। ও পঞ্চম ভাগ কালবেলা রাত্রির ষষ্ঠ ভাগ কালবেলা। সোমবারে দিবসে সপ্তম ভাগ বারবেলা ও দ্বিতীয় ভাগ কালবেলা। রাত্রিতে চতুর্থ ভাগ কালবেলা। মঙ্গলবারে ষষ্ঠ ভাগ বারবেলা। দ্বিতীয় ভাগ কালবেলা। রাত্রিতে দ্বিতীয় ভাগ কাল বেলা। বুধবারে পঞ্চম ভাগ বারবেলা। তৃতীয় ভাগ কালবেলা। রাত্রিতে সপ্তম ভাগ কালবেলা। বৃহস্পতিবারে অষ্টম ভাগ বারবেলা। সপ্তম ভাগ কালবেলা। রাত্রিতে পঞ্চম ভাগ কালবেলা। শুক্রবারে তৃতীয় ভাগ বারবেলা। চতুর্থ ভাগ কালবেলা। রাত্রিতে তৃতীয় ভাগ কালবেলা। শনিবারে ষষ্ঠ ভাগ বারবেলা। প্রথম ভাগ এবং শেষ ভাগ কালবেলা। আর রাত্রিতে প্রথম ভাগ এবং শেষ ভাগ কালবেলা হয় পরন্তু দিবাতে যে কাল বেলা তাহাকে বারবেলা বলিয়া ব্যবহার করিয়া থাকেন।

এই বারবেলা ও কালবেলাতে যাত্রা করিলে মৃত্যু। উপনয়নে ব্রহ্ম হত্যাজন্য পাপ। আর অন্য অন্য তাবৎ শুভ কর্ম্মে দোষ হয়।

অথ কালরাত্রি ও গুলিকরাত্রি।

রবৌ রসাব্ধি সিতগোহয়াব্দিদ্বয়ং মহীজে বিধুজে সরাশ্বৌ গুরৌ শরাষ্টৌ ভৃগুজেতৃতীয়ং শনৌরসাদ্যন্তমিতি ক্ষপায়াং।

অস্যার্থঃ। রবিবারে রাত্রিতে ষষ্ঠ ভাগ আর চতুর্থ ভাগ সোমবারে সপ্তম ভাগ আর চতুর্থ ভাগ। মঙ্গলবারে দ্বিতীয় ভাগ। বুধবারে পঞ্চম ভাগ আর সপ্তম ভাগ। বৃহস্পতিবারে পঞ্চম ভাগ আর অষ্টম ভাগ। ভৃগুবারে তৃতীয় ভাগ। শনিবারে ষষ্ঠ ভাগ প্রথম ভাগ আর অষ্টম ভাগ। এই কাল রাত্রিতে আর গুলিক রাত্রিতে যাত্রা করিলে মৃত্যু বিবাহে বৈধব্য ব্রত করিলে ব্রহ্মহত্যাজন্য পাপ আর অন্য অন্য শুভ কর্ম্মে দোষ হয়।

অথ নন্দাদি কথনং।

প্রতিপদেকাদশী ষষ্ঠী নন্দা জ্ঞেয়া মনীষিভিঃ। দ্বিতীয়া দ্বাদশী চৈব ভদ্রা প্রোক্তা চ সপ্তমী। ত্রয়োদশ্যষ্টমী চৈব তৃতীয়া চ তথা জয়া। চতুর্থী নবমী চৈব রিক্তা চতুর্দ্দশী তথা। পঞ্চমী দশমী চৈব অমাবস্যা চ পূর্ণিমা পূর্ণাশ্চ তিথয়ঃ প্রোক্তাঃ সর্ব্বদা চ মনীষিভিঃ।

অস্যার্থঃ। নন্দা জানি প্রতিপদ ষষ্ঠী একাদশী। দ্বিতীয়া সপ্তমী ভদ্রা আর দ্বাদশী। জয়া হয় অষ্টমী তৃতীয়া ত্রয়োদশী। রিক্তা বলি চতুর্থী নবমী চতুর্দ্দশী। অমাবস্যা পঞ্চমী দশমী পৌর্ণমাসী। পূর্ণা তিথি বলিয়া কহেন সর্ব্ব ঋষি ॥

অথ সিদ্ধিযোগ।

শুক্রে নন্দা বুধে ভদ্রা শনৌ রিক্তা কুজে জয়া। গুরৌ পূর্ণা চ সংযুক্তা সিদ্ধিযোগাঃ প্রকীর্ত্তিতাঃ ॥

অস্যার্থঃ। শুক্রবারে নন্দা আর বুধে ভদ্রা হয়। শনিবারে রিক্তা তিথি কুজে জয়া পায় ॥ পূর্ণা তিথি যদি হয় বৃহস্পতিবারে। তাহে সিদ্ধি হয় সিদ্ধিযোগ বলি তারে।

অথ অমৃতযোগ।

বুধ মন্দগতা নন্দা কুজে ভদ্রা গুরৌ জয়া। ভৃগৌ রিক্তামৃতং প্রোক্তং পূর্ণাচ রবিচন্দ্রয়োঃ ॥

অস্যার্থঃ। বুধ শনিবারে নন্দা কুজে ভদ্রা হয়। বৃহস্পতিবারে জয়া শুক্রে রিক্তা পায় ॥ রবি সোমবারে যদি হয় পূর্ণা তিথি। কহেন অমৃত যোগ শুভদায়ী অতি ॥

অথ মৃত্যুযোগ।

ত্যজ রবিমনুরাধে বৈশ্বদেবঞ্চ সোমে। শতভিষামপি ভৌমে চন্দ্রজে চাশ্বিনৌ চ॥ মৃগশিরামপি জীবে সর্পদেবঞ্চ শুক্রে। রবিসুতমপি হস্তে মৃত্যুযোগশ্চ সংজ্ঞা॥

অস্যার্থঃ। রবিবারে অনুরাধা উত্তরাষাঢ়া সোমে গণি। মঙ্গলবার শতভিষা আর বুধে অশ্বিনী॥ গুরুবারে মৃগশিরা গণিবে নিশ্চয়। ভৃগু বারে অশ্লেষা শনিতে হস্তা হয়। এই সকল নক্ষত্র পণ্ডিতগণে কয়। এই সকল বারে যাত্রা করিলে মৃত্যু হয়॥

অথ পাপযোগ।

আদিত্যভৌমযোর্নন্দা ভদ্রা শুক্রশশাঙ্কয়োঃ। বুধে জয়া গুরৌ রিক্তা শনৌ পূর্ণা চ পাপদা॥

অস্যার্থঃ। নন্দা হলে রবি মঙ্গলে ভদ্রা ভৃগু সোমে। বুধে জয়া গুরু রিক্তা যদি পায় ক্রমে॥ পূর্ণা তিথি যদিস্যাৎ পায় শনৈশ্চরে। পাপ যোগ শুভ কার্য্য নিবারণ করে॥

অথ নাক্ষত্রিক মৃত্যুযোগ।

প্রতিপদ্যুত্তরাষাঢ়া নবম্যাং কৃত্তিকা যদি। পূর্ব্ব ভাদ্রপদাষ্টম্যামেকাদশ্যাঞ্চ রোহিণী॥ দ্বাদশ্যাঞ্চ যদাশ্লেষা ত্রয়োদশ্যাং মঘা ভবেৎ। এভির্যাতাঃ প্রণশ্যন্তি যদি শক্রসমা নরাঃ॥

অস্যার্থঃ। প্রতিপদ তিথিতে উত্তরাষাঢ়া যোগ। নবমী দিবসে যদি কৃত্তিকার ভোগ॥ অষ্টমী দিবসে হয় পূর্ব্ব ভাদ্রপদ। রোহিণীতে একাদশী ঘটিলে আপদ॥ দ্বাদশী দিবসে পায় অশ্লেষা নক্ষত্র। ত্রয়োদশী দিনে মঘা নিষেধ সর্ব্বত্র॥ নাক্ষত্রিক মৃত্যুযোগ ইহাকে কথয়। করিলে ইহাতে যাত্রা জীবনসংশয়।

অথ বিশেষ যোগকথনং।

ত্যজাদৌ পঞ্চ বিষ্কুম্ভে সপ্ত শূলেচ নাড়িকাঃ॥ গণ্ডব্যাঘাতয়োঃ ষট্কং নব হর্ষণবজ্রয়োঃ॥ পরিঘস্য ত্যজেদর্দ্ধং শুভকর্ম্ম ততঃপরং। বৈধৃতি ব্যতীপাতৌ চ সমস্তৌ পরিবর্জ্জয়েৎ॥

অস্যার্থঃ। বিবাহপ্রভৃতি কর্ম্ম যতেক মঙ্গল। অংশে অংশে শুভা শুভ কহিব সকল। পাচ দণ্ড বিষ্কুম্ভের ত্যজিবে প্রথম। সাত দণ্ড শূল যোগের ঐরূপ নিয়ম। ছয় দণ্ড প্রথম ব্যাঘাত আর গণ্ড। হর্ষণ বজ্র যোগের ত্যাজ্য নয় দণ্ড। পরিঘ যোগের ত্যাজ্য প্রথম অর্দ্ধেক। ব্যতীপাত বৈধৃতির আছয়ে যতেক।

অথ দিনদগ্ধা।

দ্বাদশ্যেকাদশী চৈব দশমীচ ত্রিষষ্ঠিকা। তৃতীয়া সপ্তমী চৈব দগ্ধাঃ সূর্য্যাদিবারতঃ।

অস্যার্থঃ। রবিতে দ্বাদশী সোমে একাদশী হইলে। যদি কুজে দশমী তৃতীয়া বুধে মিলে। বৃহস্পতিবারে ষষ্ঠী দ্বিতীয়া শুক্রেতে। শনিতে সপ্তমী হৈলে দিন মন্দ তাতে।

অথ বিষ্টিভদ্রা কথনং।

তৃতিয়া দশমী শেষে তৎপঞ্চমস্য পূর্ব্বতঃ। কৃষ্ণে বিষ্টিঃ সিতে তদ্বৎ তাসাং পরতিথিষপি। বিহায় বিষরৌদ্রাণি বিষ্টিং সর্ব্বত্র বর্জ্জয়েৎ। বিষ্টি শেষে ত্রিদণ্ডে হি পুচ্ছে কার্য্যে ধ্রুবং জয়ঃ।

অস্যার্থঃ। কৃষ্ণপক্ষে তৃতীয়া দশমীর শেষ অর্দ্ধ। বিষ্টি ভদ্রা নাম তার অত্যন্ত বিরুদ্ধ। কৃষ্ণপক্ষে সপ্তমী আর চতুর্দ্দশী তিথি। এ দুয়ের পূর্ব্ব অর্দ্ধ জান সেই রীতি। শুক্ল একাদশী আর চতুর্থী তেমন। শেষ অর্দ্ধ ভদ্রা বলি আছে নিরূপণ। শুক্লপক্ষে অষ্টমী পূর্ণিমা এই তিথি। এ দুয়ের পূর্ব্ব অর্দ্ধ জানিহ তেমতি। ভদ্রার বিষয়ে এই আছে উপদেশ। কিন্তু তার মধ্যে ভাল তিন দণ্ড শেষ।

অথ ত্র্যহস্পর্শঃ।

ত্র্যহস্পর্শং নাম যদেতদুক্তমাত্র প্রযত্নঃ স্মৃতিভির্বিধেয়ঃ। বিবাহ যাত্রাশুভ পুষ্টি কর্ম্ম সর্ব্বং ন কার্য্যং ত্রিদিনস্পর্শেঽপি। একস্মিন্ সাবনেহ্নিতিথী নাং ত্রিতয়ং যদা। তদাদিনক্ষয়ঃ প্রোক্তঃ তত্র সাহস্রিকংফলং।

অস্যার্থঃ। তিন তিথি যদি মিলে এক রাত্রি দিনে। ত্র্যহস্পর্শ করিয়া পণ্ডিতে শাস্ত্রে গণে। ত্র্যহস্পর্শে কোন কর্ম্ম না করিও ভাই। দান ধ্যান পূজাদিতে কিন্তু মানা নাই।

অথ মাসদগ্ধা।

দ্বিতীয়া মীনধনুষোশ্চতুর্থী বৃষকুম্ভয়োঃ মেষকর্কটয়োঃ ষষ্ঠী কন্যা মিথুনকেষ্টমী। দশমী বৃশ্চিকে সিংহে দ্বাদশী মকরে তুলে। শুক্লা তু বিষমে প্রোক্তাঃসমে কৃষ্ণা প্রকীর্ত্তিতা।

বিবাহে বিধবা নারী বাণিজ্যে ধননাশনং কৃষিঃ শস্যবিনাশায় সংগ্রামে দারুণং ভয়ং যাত্রায়াং বহুবিঘ্নানি নিস্ফলং কারণং ধ্রুবং।

অস্যার্থঃ। মাসদগ্ধা কহি শুন ভাষায় নির্ণয়। চৈত্র পৌষ মাসের দ্বিতীয়া দগ্ধা হয়। চতুর্থী জানিও দগ্ধা ফাল্গুন জ্যৈষ্ঠের। ষষ্ঠী দগ্ধা কথিত

বৈশাখ শ্রাবণের। দগ্ধা কহে ভাদ্র অগ্রহায়ণের দশমী। আশ্বিন আষাঢ় মাসের জানহ অষ্টমী। মাঘ আর কার্ত্তিকের দগ্ধা দ্বাদশী. ইহাতে করিলে যাত্রা বিঘ্ন রাশি রাশি। দগ্ধাতে বিবাহ দিলে বিধবা নিশ্চয়। বানিজ্যে করিলে যাত্রা মূলক্ষয় হয়। কৃষি কর্ম্ম করিলেও শস্য নাশ হয়। সংগ্রামে করিলে যাত্রা জীবন সংশয়। অথ দিক্‌শূল।

শুক্রাদিত্যদিনে ন বারুণ দিশং ন জ্ঞে ঙ্গজে চোত্তরাং মন্দেন্দ্বোশ্চ দিনে ন শক্রককুভং যাম্যাং গুরৌ ন ব্রজেৎ।

অস্যার্থঃ। রবি শুক্র পশ্চিম দিকেতে প্রতিঙ্গল। উত্তরে মঙ্গল বুধে হয় দিক্‌শূল। পূর্ব্ব দিকে শনি সোমে যাত্রা না করিবে। বৃহস্পতিবারে মাত্র দক্ষিণে বাধিবে। মতান্তরে বুধবারে দক্ষিণে নিষিদ্ধ। ইহার প্রমাণ বচনান্তরে প্রসিদ্ধ।

অথ যোগিনী স্থিতি নির্ণয়।

প্রতিপন্নবমী পূর্বে রামারুদ্রাশ্চ পাবকে। শর ত্রয়োদশী যাম্যে বেদা মাসাশ্চ নৈঋর্তে। ষষ্ঠী চতুর্দ্দশী পশ্চাৎ সপ্তমী পূর্ণিমা মরুৎ। দ্বিতীয়া দশমী যক্ষে ঐশান্যামষ্টমী স্মৃতঃ। যোগিনী নবদণ্ডাস্তু শেষাবর্জ্যাঃ প্রয়ত্নতঃ। বামে শুভকরী দেবী পৃষ্ঠে সর্ব্বার্থসাধিনী। বধবন্ধকরী চাগ্রে দক্ষিণে মৃত্যুদায়িনী।

অস্যার্থঃ। পূর্ব্ব দিকে যোগিনী নবমী প্রতিপদে। অগ্নিকোণে একাদশী তৃতীয়ার মতে। ত্রয়োদশী পঞ্চমীতে দক্ষিণার ভিতে। চতুর্থী দ্বাদশী যোগে থাকেন নৈঋর্তে। ষষ্ঠী চতুর্দ্দশীতে পশ্চিমে অধিষ্ঠান। সপ্তমী পূর্ণিমা প্রাচ্যে বায়ুকোণে যান। দ্বিতীয়া দশমী হৈলে উত্তরে সদয়। অমাবস্যা অষ্টমীতে ঈশানে উদয়। শেষ নবদণ্ড ত্যাগ অবশ্য করিবে। শাস্ত্রেতে প্রমাণ ইহা নিতান্ত জানিবে। এই রূপ যোগিনীর স্থিতি বিবরণ। সম্মুখ হইলে পরে নিষেধ গমন। পৃষ্ঠে বামে দক্ষিণে যোগিনীর নির্ণয়। তাহাতে করিলে কর্ম্ম বাঞ্ছাসিদ্ধি হয়।

অথ তিথির শূল কথনং।

প্রাচীং শ্রবণ শক্রাভাং ভাদ্রাশ্বিন্যৌ চ দক্ষিণে। প্রতীচীং পুষ্য রোহিণ্যাং করেৰ্য্যম্ণি চোত্তরাং।

অস্যার্থঃ। পূর্ব্ব দিকে নিষেধ শ্রবণা জেষ্ঠা বটে। দক্ষিণে অশ্বিনী উত্তরভাদ্রপদ ঘটে। পশ্চিমে রোহিণী পুষ্য জানিবে নিষেধ। উত্তর ফল্গুনী হস্তা উত্তরেতে বেধ।

অথ ঊষাপ্রদোষ কথনং।

তিথ্যাদিষু বিরুদ্ধেষু চন্দ্রতারাবলং মতং। ঊষাং গোধূলিযোগম্বা স্বীস্বীত্য গমনং চরেৎ। প্রাচ্যোমুষাং প্রতীচ্যাস্তু গোধূলিং বর্জ্জয়েৎ বুধঃ।

অস্যার্থঃ। আবশ্যক কর্ম্ম আছে না করিলে নয়। তিথি বার নক্ষত্র বিরুদ্ধ যদি হয়। গোধূলি করিবা যাত্রা অথবা ঊষায়। খণ্ডিবে সকল দোষ তিথ্যাদির দায়। তাহার কিঞ্চিৎ বলি বিশেষ কথন। পূর্ব্ব দিকে ঊষাতে না যাবে কদাচন। পশ্চিমে নাহিক যাবে গোধূলি সময়। সংক্ষেপে কহিলাম এই যাত্রার নির্ণয়।

অথ বিবাহের ব্যবস্থা।

অযুগ্মে দুর্ভগা নারী যুগ্মে চ বিধবা ভবেৎ। তস্মাদ্গর্ভান্বিতে যুগ্মে বিবাহে সা পতিব্রতা।

অস্যার্থঃ। কন্যার বিবাহ যুগ্ম বর্ষে দেওয়া নয়। যুগ্মেতে বিধবা হয় ধর্ম্মশাস্ত্রে কয়। অযুগ্মে দুর্ভাগ্যবতী বিবাহ না হয়। গর্ভ মাস ধরে কিন্তু বিচার নির্ণয়। গর্ভমাস লয়্যা গণনা করিবে। এমতে অযুগ্মে বর্ষে কন্যা দান দিবে। পুন পুত্রবতী সতী হবে সীমন্তিনী। চিরকাল যাবে সুখে হয়্যা যশস্বিনী। কন্যার বিবাহ কিন্তু জন্ম মাসে উক্ত। সুপ্রসূতি শীঘ্র হয় সুলক্ষণ যুক্ত। পুরুষের বিবাহের শুনহ কথন। জন্মমাস জন্মদিনে নহে কদাচন।

অথ বিবাহের বিহিত নক্ষত্রাদিঃ।

রেবত্যুত্তর রোহিণী মৃগশিরো মূলানুরাধা মঘা হস্তা স্বাতিষু তৌলি ষষ্ঠ মিথুনেষূদ্যৎসু পাণিগ্রহঃ। ইত্যাদি পাণিং গৃহীয়াৎ ত্রিষূত্তরাদিষু। স্বাতৌ মৃগশিরসি রোহিণ্যামিতি পারস্করোক্তং। চিত্রা শ্রবণা ধনিষ্ঠাঽশ্বিনী নক্ষত্র যজুর্বেদি বিষয়ং আপস্তম্বস্মৃত্যা। আদ্যে মঘা চতুর্ভাগে নৈঋত স্যাদ্য এব চ। রেবত্যাশ্চ চতুর্ভাগে বিবাহঃ প্রাণনাশকঃ।

অস্যার্থঃ। রেবতী উত্তরাত্রয় আরত রোহিণী। মৃগশিরা মূলা মঘা চন্দ্রের কামিনী। অনুরাধা হস্তা স্বাতি তুলা এই কয়। বিহিত নক্ষত্র এই বিবাহে নির্ণয়। ইহার মধ্যেতে আছে বিশেষ কথন। মঘা মূলার আদ্যপাদ করিবে বর্জ্জন। রেবতীর চতুর্থাংশ ত্যজিবেক পুন। বিবাহ হইলে প্রাণ নাশ হয় শুন।

অথ বার নিয়মঃ।

গুরুশুক্রবুধেন্দূনাং দিনেষু সুভগা ভবেৎ। সূর্য্যার্কি ভূমিপুত্রাণাং

দিনেষু স্বলটা ভবেৎ। ন বারদোষাঃ প্রভবন্তি রাত্রৌ বিশেষতোর্কাবনি ভূশমীনাং।

অস্যার্থঃ। শুক্র বুধ সোমবার আর বৃহস্পতি। বিবাহ করিলে নারী হয় পুত্রবতী। রবি শনি মঙ্গলে স্বলটা দোষ পাই। কিন্তু রাত্রি কর্ম্ম মাত্রে বার দোষ নাই। বিশেষতঃ রবি শনি মঙ্গল বাসরে। রাত্রি হুত বার দোষ কভু নাহি ধরে।

অথ তিথি নিয়মঃ।

অমাবস্যাঞ্চ রিক্তায়াং করণে বিষ্টিসংজ্ঞকে। যঃ করোতি বিবাহঃস্যাৎ শীঘ্রং যাতি যমালয়ং। শনৈশ্চরদিনে চৈব যদি রিক্তা তিথির্ভবেৎ তস্যাং বিবাহিতা কন্যা পতিসন্তানবর্দ্ধিনী।

অস্যার্থঃ। অমাবস্যা বিষ্টি ভদ্রা রিক্তা তিথি দিন। বিবাহ করিলে তার পরমায়ু হীন। কিন্তু শনিবার রিক্তা বিবাহিতা হয়। পতিপুত্রবতী সেই নাহিক সংশয়।

অথ বর্ণকথনং।

মীন কর্কট বৃশ্চিক বিপ্রাঃ সিংহ তুলা ধনু ক্ষত্রিয় উক্তাঃ। স্বস্ত নরদ্বয় মেষবিশঃ স্যর্মকবৃ বৃষস্ত্রী চাপরজাতিঃ। জাতিঃশ্রেষ্ঠা চ যা নারী জাতিহীন-শ্চয়ঃ পুমান। তয়োর্বিবাহে মৃত্যুঃস্যাৎ মন্মাসে নাত্র সংশয়। প্রণষ্টজন্ম-ভং যস্য তস্য নামর্ক্ষতো ভবেৎ। দ্বয়োর্জন্মভয়োর্বেধ ন কর্ত্তব্যং কদাচন।

অস্যার্থঃ। কর্কট বৃশ্চিক মীনে বিপ্রবর্ণ হয়। সিংহ তুলা ধনু তিনে ক্ষত্রিয় নির্ণয়। মেষ স্বস্ত মীনেতে বৈশ্যবর্ণ জানি। বৃষ কন্যা মকরেতে শূদ্রবর্ণ মানি। পুরুষের শ্রেষ্ঠবর্ণ উত্তম গণন। বর্ণশ্রেষ্ঠা কন্যা হৈলে হয় অমিলন। বিপ্রবর্ণ পুরুষের সকল সমান। ক্ষত্রিয় পুরুষ বিপ্র ভিন্নত বিধান। বৈশ্যবর্ণ পুরুষের এইরূপ ধারা। ত্যজিয়া ক্ষত্রিয় বিপ্র করিবেন দারা। ইহাতে যদ্যপি কন্যা বর্ণ শ্রেষ্ঠা হয়। হীনবর্ণ পুরুষের বিবাহ যোগ্য নয়। বিবাহ করিলে হয় সবারি মরণ। সপ্রমাণ আছে ইথে গর্গের বচন।

অথ গণকথনং।

হস্তাস্বাতি মৃগশিরা হরিগুরু পৌষ্ণাহ্নুরাধাদিতিঃ। চার্দ্রারোহিণী চোত্ত-রাণি ভরণী পূর্বাণি ভানি ত্রয়ং। জ্যেষ্ঠাশ্লেষা বিশাখা মূলা বরুণা বস্বগ্নি চিত্রামঘাঃ কথ্যন্তে মুনিভিঃযথাক্রমমমী দেবা নরা রাক্ষসাঃ।

অস্যার্থঃ। মৃগশিরা হস্তা স্বাতী, শ্রবণা পুষ্যা রেবতী, অনুরাধা অশ্বিনী পুনর্বসু। ইহবেক দেবগণ, শাস্ত্রে এই নিরূপণ, ইহাতে জন্মিবে যেই শিশু।

ত্রিউত্তর ত্রিপূর্ব্বাদি, রোহিণী ভরণী আদি, কিম্বা আর্দ্রাতে হয়। ইহাতে হইলে জনম, জ্যোতিষের নিরূপণ, নরগণ হইবে নিশ্চয়। জ্যেষ্ঠা মূলা অশ্লেষা, কৃত্তিকা শতভিষা, চিত্রা মঘা ধনিষ্ঠা বিশাখা। আছে ইথে নিরূপণ, হইবে রাক্ষসগণ, শুন এই জ্যোতিষের লেখা।

অথ বর্ণ মিলনং।

বর্ণশ্রেষ্ঠা চ যা নারী বর্ণহীনশ্চয়ঃ পুমান্। তয়োর্বিবাহে মরণং যন্মাসে নাত্র সংশয়।

অস্যার্থঃ। পুরুষের শ্রেষ্ঠবর্ণ উত্তম গণন। বর্ণশ্রেষ্ঠ কন্যা হইলে হয় অমিলন। বিপ্রবর্ণপুরুষের সকলি সমান। ক্ষত্রিয় পুরুষ বিপ্র ভিন্নত বিধান বৈশ্য পুরুষের এই রূপ ধারা। ত্যজিয়া ক্ষত্রিয় বিপ্র করিবেন দারা। শূদ্র পুরুষের পক্ষে শুন গুণনিধি। কেবল সবর্ণা সঙ্গে বিবাহের বিধি।

অথ গণমিলনং।

স্বজাতৌ পরমা প্রীতির্মধ্যমা দেবমানুষে। দেবাসুরে কনিষ্ঠা চ মৃত্যু-র্মানুষরাক্ষসে।

অস্যার্থঃ। স্বজাতি মিলন হয় অত্যন্ত উত্তম। নতুবা দেবতা নরে মিলন মধ্যম। রাক্ষস নরেতে মৃত্যু জানিবে নিশ্চয়। দেবাদি দেবতা গণে বৈরি-যোগ্য হয়।

অথ রাজযোটকঃ

এক রাশৌ চ দম্পত্যোঃ শুভং স্যাৎ সমসপ্তকে। চতুর্থ দশমে চৈব তৃতীয়ৈকাদশে তথা।

অস্যার্থঃ। বর কন্যা এক রাশি যদি মিলে যায়। চতুর্থ দশম কিম্বা সম সপ্ত পায়। একাদশ তৃতীয়েতে মেলকের সার। মৈত্র মেলকের কিছু নাহিক বিচার।

অথ বিষম সপ্তম।

তথাচ যোটিকে সপ্তকে মেষ তুলে যুগ্মহয়ো তথা। সিংহঘটৌ সদা বর্জ্জ্যৌ মৃতিং তত্রাব্রবীচ্ছিবঃ।

অস্যার্থঃ। বরের বা কন্যার রাশি মেষ কিম্বা মিথুন অথবা সিংহ কিম্বা তুলা বা ধনু কিম্বা কুম্ভ হইলে তাহাদের একের রাশিহইতে অন্যের রাশি সপ্তম হইলেও সে মেলকে বিষম সপ্তম কহেন উহাতে বিবাহ হইলে মৃত্যু হয়।

অথ দ্বিদ্বাদশ নব পঞ্চম।

পুংযোগৃহাৎ ধনগৃহে ধনস্থাচ কন্যা রিপ্যেক স্থিতা ধনবতী পতিবল্লভা চ। পুংযোগৃহাৎ সুতগৃহে সুতস্থা চ কন্যা ধর্ম্মে স্থিতা সুতবতী পতি বল্লভা চ।

অস্যার্থঃ। বরের রাশিহইতে দ্বাদশ যে রাশি তাহা কন্যার হইলে ঐ কন্যা ধনবতী ও পতিপ্রেয়সী হয়, কিন্তু দ্বিতীয় রাশি হইলে ধননাশিনী হয়। আর বরের রাশিহইতে কন্যার রাশি নবম হইলে পুত্রবতী ও পতি প্রিয়া হয়, আর পঞ্চম রাশি হইলে মৃতপুত্রা হয়, অতএব দ্বিতীয় পঞ্চম রাশি যে কন্যার তাহার সহিত মিলন হয় না।

অথ মিত্রষড়ষ্টকং।

মকরসমেতং মিথুনং কন্যাকলসৌ মৃগেন্দ্রমীনৌ চ; বৃষতুলে অবি কীটৌ কর্কট ধনুর্দ্ধী চ মিত্রবিধৌ।

অস্যার্থঃ। বর কন্যা উভয়ের রাশি নিরূপণে। তুলার সহিত যদি বৃষের মিলনে। সিংহের সহিত মীন মকর মিথুনে। কিম্বা কুম্ভ রাশি হয় কন্যা রাশি সনে। কর্কট কার্ম্মুকে আর বৃশ্চিকেতে মেষে। মৈত্র ষড়ষ্টক হয় পরম হরিষে। এ মেলকে কখন নাহিক হয় দ্বন্দ্ব। সুসন্তান ধনমান বাড়িবে আনন্দ।

অথ অরিষড়ষ্টকং।

মকরঃ করিঙ্কলরিপুণা কন্যা মেষেন সহ ঝসস্তুলয়া। কর্কিঘটৌ বৃষ ধন্বুর্দ্ধী বৃশ্চিকমিথুনৌ চারিবিধৌ।

অস্যার্থঃ। বরের রাশি সিংহ কন্যার রাশি মকর হইলে, কিম্বা বরের রাশি মেষ কন্যার রাশি কন্যা হইলে, অথবা বরের রাশি মীন কন্যার রাশি তুলা হইলে, কিম্বা বরের রাশি কর্কট কন্যার রাশি কুম্ভ হইলে, অথবা বরের রাশি ধনু কন্যার রাশি বৃষ হইলে, কিম্বা বরের রাশি বৃশ্চিক কন্যার রাশি মিথুন হইলে অরিষড়ষ্টক মেলক কহেন, এই মেলকে বিবাহ হইলে মৃত্যু হয়।

অথ মেলকের দোষনাশক যোগঃ।

সুহৃদেকাধিপে যোগে তারাবলে বশ্যরাশৌ বা। অপি মৃত্যাদিবিরোধে ভবতি বিবাহো হিতাথায়।

অস্যার্থঃ। যদি বরের এবং কন্যার রাশির অধিপতি গ্রহ এক হয় কিম্বা উভয় রাশির অধিপতি গ্রহদিগের পরস্পর মিত্রতা থাকে অথবা কন্যার

নক্ষত্রের যে জাতি তাহা বরের নক্ষত্রের জাতির বশীভূত হয় কিম্বা উভয়ের নক্ষত্রে তারাশুদ্ধি হয় তবে বিষম সপ্তম ভিন্ন সকল মেলকের দোষ নাশ হয় অরিষড়ষ্টক মেলক স্থলে এইরূপ যোগ হইলে মৃত্যু দোষ নষ্ট হইয়া স্ত্রী পুরুষে বিরোধ দোষমাত্র হয়।

অথ মেলকের তারাশুদ্ধিঃ।

সুহৃদোহ্ভয়োর্দ্বয়ো রপি তয়ো রেকাধিপত্যেপিচ। তারাষষ্ঠ সুমিত্র মিত্রজননক্ষেমার্থ সম্পদ যদি।

অস্যার্থঃ। বরের নক্ষত্র হইতে করিয়া গণনা। কন্যার নক্ষত্র যদি কর বিবেচনা। জন্ম সম্পদ ক্ষেম সাধক মিত্র যদি। অতিমিত্র তারা হইলে নাশে দোষ আদি।

অথ সুতবেধঃ।

পাপাৎ সপ্তমগঃ শশী যদি ভবেৎ পাপেন যুক্তোথবা যত্নেনাশু বিবর্জ্জয়েৎ মুনিমতো দোষাপ্যয়ং কথ্যতে। যাত্রায়াং বিপদো গৃহে সুতবধঃ ক্ষৌরেষু রোগোদ্ভবো বৈধব্যং বিবাহে ব্রতে চ মরণং শূলঞ্চ পুংস্কর্ম্মণি।

অস্যার্থঃ। যে রাশিতে বিবাহের দিনাবধারণ। পাপ গ্রহের সপ্তম যদ্যপি তিনি হন। পাপযুক্ত অথবা যদ্যপি রাশি থাকে। যত্ন করি পরিত্যাগ করিবা তাহাকে। পূর্ব্বমত সর্ব্ব দোষ হইবে ঘটন। সুতবেধ বলি তাকে করিল রটন।

অথ যামিত্রবেধঃ।

রবি মন্দ কুজাক্রান্তং মৃগাঙ্কাৎ সপ্তমং ত্যজেৎ। বিবাহ যাত্রা চূড়াসু গৃহকর্ম্ম প্রবেশনে।

অস্যার্থঃ। যে নক্ষত্র ঘটিত যে রাশিতে নিয়ম। রবি শনি কুজ যদি তাহার সপ্তম। এইত যামিত্র বেধ যাত্রায় বিপদ। ক্ষৌরে রোগান্বিত হয় গৃহে সুতবধ। বিবাহে বিধবা নারী ব্রতেতে মরণ। পুংসবনে শূল হয় করি নিবারণ।


অথ সপ্তশলাকাবেধঃ।

কৃত্তিকাদি চতুঃসপ্ত রেখারাশৌ পরিভ্রমন্। গ্রহশ্চেদেকরেখাস্থো বেধঃ সপ্তশলাকজঃ। বৈশ্বস্য চতুর্থাংশে শ্রবণাদৌ লিপ্তিকাচতুষ্কেচ। অভিজিতং স্থে খচরে বিজ্ঞেয়া রোহিণীবিদ্ধা। অভিজিন্নক্ষত্র কথনং।

অস্যার্থঃ। অনল বৈষ্ণববেধ ব্রহ্ম শূন্যগণি। বাণ এক্ষণে ঋতুমধ্যে সাত উনিশে জানি। বসু শক্রফণি মৈত্র দিগপক্ষে মেলা। শিবাচাঁদে

দিবাকরে পৌষ্ণসনে খেলা। কর ছাব্বিশ ছুইন পঁচিশ স্বাতী শতভিষা। বিশাখা ধনিষ্ঠা সনে বেধ সপ্তশলাকা ভাষা।

"যস্যাঃ শশী সপ্তশলাকবিদ্ধঃ পাপৈরপাপৈরথবা বিবাহে। রক্তাং শুকেনৈব তু রোদমানা শ্মশানভূমিং প্রমদা প্রয়াতি।



অস্যার্থঃ। ঊর্দ্ধ সপ্তরেখা মধ্যে সপ্ত রেখা দিবা। কৃত্তিকা অবধি অঙ্ক তাহাতে রাখিবা। শ্রবণার পূর্ব্বেতে থাকিবে অভিজিৎ। পরস্পর শলাকায় বাধক নিশ্চিত। যে নক্ষত্রে বিবাহের দিন স্থির হবে। তার সঙ্গে যার বেধ সে নক্ষত্র লবে। তাতে যদি চন্দ্র বিনা থাকে অন্য গ্রহ। সপ্তশলাকাদি বেধ জানিবা সংগ্রহ। তাহে বিবাহিতা নারী সেই বস্ত্র পরি। স্বামির দাহের কর্ত্রী হন শীঘ্র করি। যার সঙ্গে যার বেধ ক্রমে বলি অত্র। কৃত্তিকা সহিত বেধ শ্রবণা নক্ষত্র। রোহিণী সহিত বেধ হয় অভিজিৎ। মৃগশিরার বেধ পূর্ব্বাষাঢ়ার সহিত। উত্তরাষাঢ়ার সহ আর্দ্রার মিলন। মূলার সহিত পুনর্ব্বসুর ঘটন। জ্যেষ্ঠায় পুষ্যায় বেধ অশ্লেষানুরাধা। মঘায় ভরণী বেধ জানিবেন আধা। পূর্ব্বফলগুণীর হয় অশ্বিনীর বেধ। উত্তরফলগুণীর আর রেবতী নিষেধ। হস্তার সহিত পূর্ব্ব ভাদ্রের ঘটনা। উত্তরভাদ্রপদ চিত্রা জানিবেক মানা। স্বাতী শতভিষার বেধ বিশাখা ধনিষ্ঠা। সপ্তশলাকা বেধ জানিবা অনিষ্টা।

অথ বিবাহের লগ্ন কথনং।

কন্যা তুলাভৃন্মিথুনে চ সাধ্বী মেষেষ্বসাধ্বী ধনবর্জ্জিতা চ। নিন্দ্যেপি লগ্নে দ্বিপদাংশ ইষ্টঃ কন্যাদিলগ্নেষ্বপি নান্যভাগঃ। ধনুর্ষি কুলটা নারী

তৎ পূর্ব্বার্দ্ধে সতীত্বভবং জগুঃ। সপ্তাষ্টাস্ত্য বহিঃশুদ্ধে ক্রুদু পতাব্রেকা-দশাদ্বিত্রিগে সৌম্যে স্ত্র্যায় ষড়ষ্টগৈর্ব্ব চ ভৃগৌ ষষ্ঠে ব্রজে চাষ্টমে।

অস্যার্থঃ। কন্যা তুলা মিথুন লগ্নেতে বিবাহিতা। পতি পুত্রবতী সাধ্বী হয় সুনিশ্চিতা। শেষ লগ্নে বেশ্যা হয় সধন বর্জ্জিত। দ্বিপদাংশে ইষ্ট হয় যে লগ্নে নিন্দিত॥ ধনু লগ্নে কিঞ্চিৎ বিশেষ এই কয়। পরার্দ্ধে কুলটা সতী পূর্ব্বার্দ্ধেতে হয়। চতুর্থ দশম সপ্ত আর লগ্ন আদ্য। অষ্টম দ্বাদশ লগ্ন এই কয় বাধ্য। ইহাতে যদ্যপি শুভ গ্রহ নাহি রাখে। একাদশ দ্বিতীয় তৃতীয় যদি থাকে। অষ্টম তৃতীয় একাদশ ষষ্ঠ স্থান। পাপগ্রহ যদ্যপি তথায় স্থান পান। শুক্র ষষ্ঠ স্থানে যদি হয়েন বর্জ্জিত। মঙ্গল অষ্টম স্থানে নহে কদাচিৎ। সেই বিবাহের লগ্ন জানিবা উত্তম। ইহা ভাবে সুত হিবুক যোগের নিয়ম।

অথ যামিত্র বেধের প্রতি প্রসব।

মূল ত্রিকোণ নিজ মন্দিরগোথ পূর্ণো মিত্রর্ক্ষ সৌম্য গৃহগোথ তদী ক্ষিতো বা। যামিত্রবেধবিহিতানপহৃত্য দোষান্ দোষাকরঃ সুখমনেক বিধং বিধত্তে।

অস্যার্থঃ। মূল ত্রিকোণ যদি থাকে শশধর। অর্থাৎ সে বৃষরাশি শশাঙ্কের ঘর। নিজগৃহে স্থিতি কিম্বা পূর্ণ চন্দ্র হয়। মিত্র শুভ গৃহের দৃষ্টি অথবা আলয়। থাকেন যদ্যপি শশী দোষ করে দূর। কি করে যামিত্র বেধ মঙ্গল প্রচুর।

অথ দশযোগ ভঙ্গঃ।

তিথ্যঙ্গবেদৈক দশোন বিংশ ভৈকাদশাষ্টাদশ বিংশ সঙ্খ্যা। ইষ্টোডু না সূর্য্যযুতোডু না চ যোগা দমূশ্চেৎ দশযোগ ভঙ্গঃ।

অস্যার্থঃ। কর্ম্মকালে যে নক্ষত্রে সূর্য্য থাকেন সেই নক্ষত্রের অঙ্ক এবং কর্ম্মকালীন নক্ষত্রের অঙ্ক মিলাইবেক। তাহাতে সাতাইশের অধিক হইলে সাতাইশ ত্যাগ করিয়া যদি ১৫। ৬। ৪। ১। ১০। ১৯। ২৭। ১১। ১৮। ২০ এই সকল সঙ্খ্যার মধ্যে কোন সঙ্খ্যা হয় তবে বিদ্ধ নক্ষত্র দোষ কহা যায়। পরন্ত নক্ষত্রের প্রথম পাদে সূর্য্য থাকিলে কর্ম্মকালীন নক্ষত্রের চতুর্থ পাদ। ও দ্বিতীয় পাদে থাকিলে তৃতীয় পাদ। ও তৃতীয় পাদে থাকিলে দ্বিতীয় পাদ। আর চতুর্থ পাদে থাকিলে প্রথম পাদ দুষ্ট হয় অন্য অন্য পাদে বিশেষ দোষ নাই অতএব তাহা মধ্যম হয়।

অথ চন্দ্র শুদ্ধিঃ।

সপ্তাদ্য চন্দ্রে প্রবমর্থলাভঃ ষষ্ঠে তৃতীয়ে ধনভোগমায়ুঃ। সর্ব্বত্র সিদ্ধি-

র্দশমে বদন্তি একাদশে সর্ব্বসুখানি চৈব। সপ্তমোপচয়াস্তন্তু শশী সর্ব্বত্র শোভনঃ। শুক্ল পক্ষে দ্বিতীয়স্তু পঞ্চমো নবমস্তথা।

অস্যার্থঃ। কর্ম্মকর্ত্তা জন্ম রাশি অবধি করিয়া। ক্রিয়ার দিনের রাশি পর্য্যন্ত গণিয়া। অর্থাৎ ক্রিয়ার কালে হবে যে নক্ষত্র। তাহাতে যে রাশি ঘটে করিয়া একত্র। যত অঙ্ক হবে তার এক তিন ছয়। সাত দশ একাদশে চন্দ্রশুদ্ধি হয়। ইহাতে করিলে কর্ম্ম হয় যেই ফল। বিশেষ করিয়া তাহা লিখিব সকল। একে সাতে অর্থলাভ জানিবে নির্ণয়। তিন হলে ধনভোগ আয়ু বৃদ্ধি হয়। সিদ্ধি হয় সর্ব্বত্র করিলে ক্রিয়া দশে। পরে সর্ব্ব সুখে সুখী হয় একাদশে। বিশেষত শুক্লপক্ষে একতির নির্ণয়। দুই পাচ নয় হৈলে শুভ চন্দ্র কয়।

অথ তারাশুদ্ধিঃ।

জন্মসম্পৎ বিপৎ ক্ষেমঃ প্রত্যরিঃ সাধকস্তথা। মিত্রং পরমমিত্রঞ্চ নব তারাঃ প্রকীর্ত্তিতাঃ। সর্ব্ব মঙ্গলকার্য্যাণি ত্রিষু জন্মসু কারয়েৎ। বিবাহশ্রাদ্ধ ভৈষজ্য যাত্র ক্ষৌরাণি বর্জ্জয়েৎ।

অস্যার্থঃ। তারাশুদ্ধি বিবরণ, জন্ম আদি তারাগণ, সমুদয় গণনায় নব। বিশেষ ২ করি, তথাচ সন্দেহ ধরি, বোধ পক্ষে বিধি অনুভব। জন্ম তারা প্রথমত, সম্পদ সে দ্বিতীয়ত, বিপদ তৃতীয় অঙ্ক পায়। চতুর্থেতে ক্ষেম জানি, প্রত্যরি পঞ্চম মানি, ষষ্ঠ অঙ্কে সাধক জানায়। সপ্তমেতে বধ কহে, অষ্টমেতে মিত্র রহে, নবমে পরম মিত্র সারা। ইতোমধ্যে ত্যাজ্য করি, জন্ম বিপদ প্রত্যরি, বধ এই মন্দ চারি তারা। গণনার কহি এই, তারা পরিচ্ছেদ যেই, ক্রিয়া করিবেন যেই জন। তারা জন্ম তারা যেই, জন্ম তারা হবে সেই, ক্রমে সবে নবের গণন। ক্রিয়ার দিনের তারা, পর্য্যন্ত করিবে ধারা, যে তারায় হবে সমার্পন। সে যদি সুতারা জান, তবে তারা শুদ্ধি মান, পরে কহি অন্য প্রকরণ। এই গণনার দ্বারা, যদি হয় মন্দ তারা, অথচ কর্ত্তব্য কর্ম্ম হবে। প্রতিকার হেতু তথা, প্রায়শ্চিত্ত বিধি যথা, মন্দ তারা শুভ হয় তবে। জন্ম তারায় শাকদান, গুড় বিপদে বিধান, প্রত্যরিতে দিবেক লবণ। বধেতে ঠেকিলে পরে, প্রায়শ্চিত্ত বিধি পরে, দিবে তিলকাঞ্চন তখন।

অথ সুত হিবুকযোগঃ।

সুত হিবুক বিয়দ্বিলগ্ন ধর্ম্মে ত্বমরগুরুর্দ্দানবার্চিতে. বা যদি শুভমুপযাতি তচ্ছুভত্বং শুভমপি বৃদ্ধি মুপৈতি তৎপ্রভাবাৎ।

অস্যার্থঃ। যে লগ্নে বিবাহ দিবা তাহার পঞ্চম। চতুর্থ দশম কিম্বা

অথবা নবম। সেই২ লগ্নে গুরু কিম্বা শুক্রাচার্য্য। এই সুতহিবুক যোগ জানিবে নিদ্ধার্য্য। ইহাতে বিবাহ দিলে সর্ব দোষ খণ্ডে। অভাবে বিবাহ দিবে গোধূলির দণ্ডে।

অথ বিদ্ধ নক্ষত্র।

আদ্য পাদ স্থিতে সূর্য্যে তুরীয়াংশং প্রদূষ্যতি। দ্বিতীয়স্থে তৃতীয়স্থ বিপরীতমতোন্যথা।

অস্যার্থঃ। যে নক্ষত্রে বিবাহিতা হইবে নিশ্চিত। সে নক্ষত্রে আদ্য পাদে সূর্য্যের বিদিত। দ্বিতীয়ে থাকিলে হয় তৃতীয়ে নষ্টতা। চতুর্থ থাকিলে হয় আদ্যের দুষ্টতা। বিপরীতমত এই জানিহ নিশ্চিত। ইহাতে বিবাহ হইলে আপদ বেষ্টিত।

অথ লগ্নের দোষ নাশক সুতহিবুক যোগ।

লগ্নে তৎপঞ্চমে তুর্য্যে দশমে নবমে তথা গুরু ভৃগুর্বা দোষঘ্নো বিবাহে বর্দ্ধতে সুখং।

অস্যার্থঃ। যে লগ্নে বিবাহ হইবেক সেই রাশিতে কিম্বা তাহার চতুর্থ অথবা পঞ্চম কিম্বা নবম অথবা দশম স্থানে যদি বৃহস্পতি কিম্বা শুক্র থাকেন তবে লগ্নের সকল দোষ ক্ষয় হইয়া শুভের বৃদ্ধি হয়।

অথ দ্বিরাগমনং।

শ্বশ্রুং হন্ত্যষ্টমে বর্ষে শ্বশুরঞ্চ দশাব্দকে। সংপ্রাপ্তে দ্বাদশে বর্ষে পতিং হন্তি দ্বিরাগমে। বিবাহ মাসি প্রথমং বধ্বা নাগমনং যদি। তদা সর্ব্বমিদং চিন্ত্যং যুগ্মাদ্যব্দং বিচক্ষণৈঃ।

অস্যার্থঃ। বিবাহ প্রথম মাসে না হয় গমন। যুগ্মবর্ষ ত্যজিবেক তাহে বিচক্ষণ। অষ্টম বর্ষে দ্বিরাগমে শাশুড়ি বিনাশে। শ্বশুর বিনাশ হয় দশম বরষে। হইলে দ্বাদশ বর্ষ পতি করে নাশ। অতঃপর দ্বিরাগমে উক্ত যেই মাস।

পুষ্যাদিত্যে সমীরণাদিতিবসুশ্রবণ্য্যত্তরা রেবতী তারা নায়ক রোহিণীষু শুভদে মেষালি কুম্ভে রবৌ। কন্যা মন্মথ মীন তৌলি মৃগভে স্যাদঙ্গনা দ্ব্যাগমঃ। ভর্ত্তুর্গোচর শোভনে দিন করে নাস্তং গতে ভার্গবে জীবো জালি-রবৌ শুভে শুভদিনে বারাদি যাত্রোদিতে। পতিনানীয়মানায়াঃ পুরঃ শুক্রো ন দোষভাক।

অস্যার্থঃ। পুষ্যা হস্তা পুনর্ব্বসু উত্তরফল্গুনী। উত্তরভাদ্রপদ স্বাতী ধনিষ্ঠা রোহিণী। উত্তরাষাঢ়া মৃগশিরা রেবতী নক্ষত্র। অতঃপর মাসের

বিশেষ কহি অত্র। বৈশাখ ফালগুণ মাস অগ্রহায়ণক। বুধ বৃহস্পতি শুক্র রজনীনায়ক। এই কয় বার মাত্র হয় দ্বিরাগম। চন্দ্র তারা শুদ্ধি আর কালের নিয়ম। কন্যা তুলা মিথুন মকর এই লগ্ন। অগ্রেতে থাকিলে শুক্র তাহে যাত্রা ভগ্ন। স্বয়ং আপনি পতি নারী যদি আনে। অগ্রেতে থাকিলে শুক্র দোষ নাহি মানে।

অথ প্রথম রজোদর্শনে শুভাশুভং।

আদিত্যে বিধবা নারী সোমেচৈব পতিব্রতা। বেশ্যা মঙ্গলবারেচ বুধে সৌভাগ্যমেবচ। বৃহস্পতৌ পতিঃ শ্রীমান্ শুক্রে পুত্রবতী ভবেৎ। শনৌ বন্ধ্যাং বিজানীয়াৎ প্রথমে স্ত্রী রজস্বলা।

অস্যার্থঃ। নারীর প্রথম রজোদর্শন রবিবারে হইলে বিধবা হয় সোমবারে হইলে পতিব্রতা মঙ্গলবারে বেশ্যা বুধবারে হইলে পতির সৌভাগ্য বৃহস্পতি বারে পতির সম্পত্তি শুক্রবারে বহু সন্তানের উৎপত্তি শনিবারে হইলে বন্ধ্যা হয় এই সকল দোষ শান্তির কারণ ভূমি বা গো অথবা সুবর্ণ কিম্বা ধান্য দানপ্রায়শ্চিত্ত ব্যবহার করিয়া থাকেন।

অথ পঞ্চ পর্ব।

চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা পর্বাণ্যেতানি রাজেন্দ্র রবি সংক্রান্তিরেবচ।

অস্যার্থঃ। চতুর্দ্দশী অমাবস্যা অষ্টমী পূর্ণিমা। সংক্রান্তি এই পঞ্চদিন পর্ব মাসে সীমা। স্ত্রী গমন অধ্যয়ন তৈল মক্ষণ দেহে। নিষেধ জানিবা নরের জ্যোতিষেতে কহে।

অথ গর্ব্ভাধান।

পাপসংযুত মধ্যগেষু দিনস্থত লগ্নক্ষপাসমিষু তদ্ব্যয়েষু শুভোত্তিষ্ঠতেষু বিজয়ে ছিদ্রে বিপাপে সুখে। সত্যকেষু ত্রিকোণ কণ্টকবিধস্থায় ত্রিষ প্রাপ্তিতে পাপে যুগ্মনিশাসু গণ্ডসময়ে পুংশুদ্ধিতঃসঙ্গমঃ।

অস্যার্থঃ। স্ত্রীদিগের রজোদর্শনাবধি ষোল দিন পর্য্যন্ত ঋতু হয় তাহার মধ্যে প্রথম চারি দিন এবং একাদশ দিন ও ত্রয়োদশ দিন ত্যাজ্য হয় অপর দশ দিনের মধ্যে যুগ্ম দিনে গর্ব্ভাধান প্রশস্ত অযুগ্মদিনে মধ্যম হয় রবি মঙ্গল বৃহস্পতিবারে প্রশস্ত সোমবারে এবং ভদ্রাতে প্রশস্ত পূর্ণা ও জয়াতে মধ্যম রিক্তা এবং পঞ্চ পর্বে নিষিদ্ধ হয় পুষ্যা হস্তা মৃগ শিরা আর্দ্রা পুনর্ব্বসু পূর্ব্বাষাঢ়া শ্রবণা পূর্ব ভাদ্রপদ নক্ষত্রে প্রশস্ত রোহিণী ভরণী চিত্রা অশ্লেষা বিশাখা শতভিষা মূলা আর অশ্বিনী মঘা রেবতী জ্যেষ্ঠা

উত্তরফলগুণী।উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ এই কএক নক্ষত্রে নিষিদ্ধ ভিন্ন তন্নক্ষত্রে মধ্যম।

অথ পঞ্চামৃতং।

রেবত্যশ্বি পুনর্বসু দ্বয় মরুন্মূলানুরাধা মঘা হস্তাসূত্তরফল্গুনীভেষুচ ভৃগৌ জীবার্কবারে তথা লগ্নেক্ষোড়ূপশোভনেষু নিয়তং সংত্যজ্য রিক্তাং তিথিং দেয়ং মাসিতু পঞ্চমে সুকরণে পঞ্চামৃতং যোষিতাং। দুগ্ধং সশর্করং চৈব ঘৃতং দধি তথা মধু পঞ্চামৃত মিদং শুভং।

অস্যার্থঃ। শুক্ল পক্ষে পঞ্চামৃত পঞ্চম মাসেতে। রবি বৃহস্পতি শুক্র এ তিন বারেতে। চন্দ্র তারা শুদ্ধি শুভ লগ্ন শুভ যোগ। রিক্তা তিথি ভিন্ন করণ বিষ্টি ভোগ। পুনর্বসু পুষ্য মঘা উত্তরফলগুণী হস্তা স্বাতি উত্তরাষাঢ়া মূলা অশ্বিণী। অনুরাধা রেবর্তী আর উত্তরভাদ্রপদ। এ কয় নক্ষত্র শুভ নাহিক আপদ। দধি দুগ্ধ ঘৃত চিনি মধু এই কয়। একত্র করিয়া পঞ্চ ভক্ষণ নির্ণয়। কহিলাম উক্ত বার নক্ষত্রাদি যত। দিবে পঞ্চামৃত নিজ কুলাচার মত।

অথ সুপ্রসব মন্ত্র।

অস্তি গোদাবরী তীরে জম্ভলী নাম রাক্ষসী
তস্যাঃ স্মরণমাত্রেণ বিশল্যা গর্ভিণী ভবেৎ।
সুপ্রসবের কারণ বত্রিশের ঘর পূরণ।

চন্দ্র নেত্র সমুদ্র বাণ পৃষ্ঠে নবকরি বুঝহ সন্ধান। যাহা কর অঙ্ক তাহা কর আধা অস্ত্র পদেং ভাগ সমাধা।

বত্রিশের ঘর।

১	৮	৯	১৪
১১	১২	৩	৬
৭	২	১৫	৮
১৩	১০	৫	৪

অথ জাতক প্রকরণ পাতাকি গণনা।

বারেশাদদ্ধযামেষু রাত্র্যহ্নোঃ পঞ্চষট্‌ক্রমাৎ। অধিপাঃস্যু গ্রহাস্তত্র যন্নার্কাহে ভবন্তি তে। রবীজ্যেন্দু ভৃগু ক্ষ্মাজ শনিজ্ঞরবয়োঃ নিশি। রবি

শুক্রস্ত রাত্রীশাঃ শনীজ্যাঙ্গজভাস্করাঃ। দিনে উহ্যাঃ পরেস্বেবং তত্রাধ্যক্ষাশ্চতুর্গ্রহাঃ। তির্য্যগূর্দ্ধগতা রেখা স্ত্রিস্ত্রো দেয়াঃ পতাকয়া। যুতাঃ কার্য্য বেধবিদা সর্বসঙ্গতরেখয়া। দক্ষস্থোদ্গাতরেখাতো বামং মেষাত্তরাশয়। পঞ্চাষ্ট যুগ্মবিংশাশ্চ ষড়দশেন্দ্রাগ্নি সাগরাঃ। কর্কটা মীনপর্য্যন্তমঙ্কাদেয়া যথাক্রমং। বালস্থ জন্মকালীন গ্রহলগ্নমজাদিষু বিন্যস্য চিন্তয়েৎ প্রাজ্ঞঃ শুভাশুভমথ গ্রহাৎ। শুভ দণ্ড যোগবেধের্লগ্না দ্বালস্য শোভনং। পাপ দণ্ড যোগবেধে রাশ্যঙ্কাদ্রিষ্টিকালবিৎ। বলে ধিকে দিনং মধ্যে মাসো হীনেচ হায়নং। কর্কি মীনধনুর্ভ্যাঞ্চ হরিঃ কীট ঘটেন চ। স্ত্রিয়াস্তৌলি মৃগাভ্যাঞ্চ ধটে মীনেচ কন্যয়া। ধনুষো মৃগকর্কিভ্যাং মকরে ধনুষা স্ত্রিয়াঃ। মীনে কর্কি তুলাভূভ্যাং মীন স্ত্রীধনু ষাস্ত্বজে। তুলা কর্কি মৃগৈদ্বন্দ্বে কীট অন্তু বৃষেষু চ। সিংহবদ্বেধ এতেষু বাম দক্ষিণ সংমুখে।


অস্যার্থঃ। দিবামানকে আট ভাগ করিলে তাহার প্রথম ভাগে অর্থাৎ দিবসের প্রথম যামার্দ্ধে সেই দিনের বারাধিপতি গ্রহ যামার্দ্ধপতি হয়েন আর তাহাহইতে ছয় ছয় দিন অন্তরে যে যে বারাধিপতি গ্রহ হয়েন তাহারা ক্রমে দ্বিতীয়াদি যামার্দ্ধের পতি হইবেন যেমন রবিবারে প্রথম যামার্দ্ধের পতি রবি দ্বিতীয়ে পতি শুক্র তৃতীয়ের পতি বুধ ইত্যাদি এই রূপে প্রত্যহ দিবসের প্রতিযামার্দ্ধে অধিপতি নিশ্চয় হইবেক আর রাত্রিমানকে আট ভাগ করিলে তাহার প্রথম ভাগে বারাধিপতি গ্রহ যামার্দ্ধপতি হয়েন তাহাহইতে পঞ্চম গণনাক্রমে যে যে গ্রহ প্রাপ্ত হইবেন তাহারা ক্রমে দ্বিতীয়াদি যামার্দ্ধের পতি হইবেন যেমন রবিবারে রাত্রির প্রথম যামার্দ্ধের পতি রবি হয়েন দ্বিতীয় যামার্দ্ধের পতি বৃহস্পতি তৃতীয়ে সোম ইত্যাদি। এই যামার্দ্ধপতি গ্রহগণনায় রাহু কেতুকে ত্যাগ করিবেক। পরে দিবাতে রবির যামার্দ্ধে রবি রাহু বুধ সোম সোমের যামার্দ্ধে সোম রবি রাহু বুধ মঙ্গলের যামার্দ্ধে মঙ্গল রবি রাহু বুধ বুধের যামার্দ্ধে বুধ সোম রবি রাহু বৃহস্পতির যামার্দ্ধে বৃহস্পতি সোম রবি রাহু ইহারা ক্রমে এক এক দিবাদণ্ডের অধিপতি হয়েন। রাত্রিতে রবির যামার্দ্ধে রবি শুক্র বুধ সোম সোমের যামার্দ্ধে সোম শনি বৃহস্পতি মঙ্গল মঙ্গলের যামার্দ্ধে মঙ্গল রবি শুক্র বুধ বুধের যামার্দ্ধে বুধ সোম বৃহস্পতির যামার্দ্ধে বৃহস্পতি মঙ্গল রবি শুক্র শুক্রের যামার্দ্ধে শুক্র বুধ সোম শনি শনির যামার্দ্ধে শনি বৃহস্পতি মঙ্গল রবি ইহারা ক্রমে এক এক রাত্রিদণ্ডের পতি হয়েন। বালকের জন্ম সময়ে লগ্ন ও দণ্ড পতি নিশ্চয় করিয়ে

যদি ঐ লগ্নে বা লগ্নের বেধস্থানে দণ্ডপাতি গ্রহ থাকেন তবে পতাকী বেধ হয় ।

জন্মকালীন দণ্ডাধিপ গ্রহ যদি শুভ হয়েন এবং তাঁহার সহিত শুভ গ্রহের যোগ থাকে এবং লগ্নেও লগ্নের বেধস্থানে শুভ গ্রহ থাকেন আর পাপ গ্রহ না থাকেন তবে বালকের শুভ হয় ইহার বিপরীত হইলে বালকের মৃত্যু হয় শুভাশুভ মেলন হইয়া শুভের আধিক্য হইলে ক্লেশে প্রাণ ধারণ শুভাশুভ সমান হইলে জীবন সংশয় হয় । পরন্তু বুধের দণ্ডে পতাকী বেধ হইলে অবশ্য মরণ হয় ।

লগ্নের বেধ স্থানে এই চক্রের রেখা দৃষ্টি করিলে নিশ্চয় হইবেক ।

অথ পতাকীচক্রং ।



পতাকী বৃষ্টির কাল ।

পতাকী চক্রে যে লগ্নে অঙ্ক আছে সেই অঙ্ক এবং সেই লগ্নে বেধস্থানের অঙ্ক এক করিলে যত হইবেক তত দিন বা মাস অথবা বৎসরে বৃষ্টি হইবেক যেমন কর্কট লগ্নে অঙ্ক ৫ আর তাহার বেধ স্থান ধনু এবং মীন তাহারদের অঙ্ক ১০ এবং ৪ এই ১৯ বৃষ্টির কাল হয় অর্থাৎ ১৯ দিনে বা ১৯ মাসে অথবা ১৯ বৎসরে জাত সন্তানের পতাকীবেধের ফল হইবেক এই প্রকার অন্য২ লগ্নের বৃষ্টির কাল নির্ণয় কর্ত্তব্য হয় ।

অথান্ন প্রাশনং ।

ষষ্ঠে মাসি নিশাকরে শুভকরে রিক্তেতরে বা তিথৌ সৌম্যাদিত্য মিতেন্দু

জীবদিবসে পক্ষে চ স্বন্ধেত্তরে। প্রাজেশাদিতি পৌষ্ণ বৈষ্ণব যুগৈর্হস্তাদি ষট্কোত্তরে রাগ্নেয়াপ্পাতি পিতৃভৈশ্চ নিত্তরামন্নাদিভক্ষ্যং শুভমিতি। দ্বাদশী সপ্তমী নন্দা রিক্তাসু পঞ্চ পর্ব্বসু। বলমায়ুর্যশো হন্যাৎ শিশূনামন্নভক্ষণং।

অস্যার্থঃ। ষষ্ঠ মাসে শিশুর করাবে অন্নাশন। অনুকূল চন্দ্র তারা জানিবা শোভন। রিক্তা নন্দা পঞ্চ পর্ব্ব সপ্তমী দ্বাদশী। ইহা ভিন্ন তিথি আর শুক্লপক্ষে শশী। রবি সোম বুধ শুক্র বৃহস্পতিবার। অশ্বিনী রোহিণী চিত্রা ধনিষ্ঠাতে আর। শ্রবণা রেবতী হস্তা মৃগশিরা স্বাতি। উত্তরফল্গুণী অনুরাধা পুষ্যা খ্যাতি। উত্তরভাদ্রপদ উত্তরাষাঢ়া। নক্ষত্র বৃষ মীন কন্যা মিথুন বর্জ্জিবেন অত্র। দগ্ধা দশযোগভঙ্গ আদি যাহা বেধ। পূর্ব্বমত অন্নাশনেজানিবেন নিষেধ।

অথ কর্ণবেধঃ।

নোজন্মেন্দুভমাস সূর্য্য রাবিজন্মাজাত সুপ্তাচ্যুতে শস্তেহর্কে লঘু মৃগ্ম বিষ্ণুমৃদুভে স্বাতুগ্ত্বরাদিত্যভৈঃ। সৌম্যে স্ত্র্যায়ত্রিকোণ কণ্টকগতৈঃ পাপৈ স্ত্রিলাভারিগৈ রোজন্দে শ্রুতিবেধ ঈজ্য নিতভে লগ্নে তু কালে শুভে। যদাপত্যদ্বয়ং তিষ্ঠেৎ সম্ভবোপ্যপরস্য চ। ষট্কর্ণং তং বিজানীয়াৎ বর্জ্জিতং ত্রিদশৈরপি। ইত্যাশক্য দ্বয়োর্মধ্যে শুদ্ধি র্যস্যাথ বৎসরে। কর্ণবেধো হিতস্তস্য নাত্র জ্যেষ্ঠবিচারণা।

অস্যার্থঃ। অযুগ্ম বৎসরে উত্তরায়ণে চৈত্র এবং জন্মমাসভিন্ন মাসে শুক্ল পক্ষে সোম বৃহস্পতি শুক্রবার রিক্তাভিন্ন তিথিতে অশ্বিনী পুনর্ব্বসু উত্তরফল্গুণী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ পুষ্যা স্বাতি মৃগশিরা ধনিষ্ঠা অনুরাধা হস্তা চিত্রা শ্রবণা রেবতী নক্ষত্রে রবি চন্দ্র ও তারা শুদ্ধ হইলে মেষ কর্কট তুলা মকর ধনু মীন বৃষ লগ্নে কর্ণবেধ প্রশস্ত হয়। দক্ষিণায়নে হরিশয়নে এবং অগ্রহায়ণ ও পৌষমাসভিন্ন কালে মধ্যম হয় আর জন্ম চন্দ্র এবং জন্ম তারা হইলে কর্ত্তব্য হয় না।

অথ বিদ্যারম্ভঃ।

লঘুচর শিবমূলাধোমুখত্বষ্টু পৌষ্ণ শশিমু চ হরিবোধে শুক্রজীবার্কবারে। উদিতবতি চ জীবে কেন্দ্রকোণে তু সৌম্যৈরপঠন দিনবর্জ্জং পাঠয়েৎ পাঞ্চমাব্দে। আরম্ভানন্তরং যত্র প্রত্যারম্ভো ন বিদ্যতে। গর্গাদি মুনয়ঃ সর্ব্বে তমেবাহুর্গলগ্রহং।

অস্যার্থঃ। পঞ্চম বৎসর বয়স সময়ে হরিশয়ন ভিন্ন উত্তরায়ণে শুক্ল পক্ষে বৃহস্পতিবারে ষষ্ঠী রিক্তা এবং অনধ্যায়ভিন্ন তিথিতে এবং অনধ্যা

যুভিন্ন দিনে পুষ্যা অশ্বিনী হস্তা স্বাতি পুনর্ব্বসু শ্রবণা ধনিষ্ঠা শতভিষা আর্দ্রা মূলা অশ্লেষা মঘা ভরণী কৃত্তিকা বিশাখা পূর্ব্বফলগুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ চিত্রা রেবতী মৃগশিরা নক্ষত্রে বিদ্যারম্ভ প্রশস্ত হয় রবিবারে এবং শুক্রবারে এ কর্ম্ম মধ্যম হয়।

অথ চূড়াকরণং।

চূড়াকার্য্যে প্রতিষ্ঠায়াং ভানুশুদ্ধির্বিধীয়তে। অমুগ্মাব্দে তথা চূড়া রবি ভৌম শনীতরে। রিক্তা দর্শাষ্টমী ষষ্ঠী প্রতিপদ্বর্জ্জিতে শিতে। রোহিণ্যশ্বি বিশাখ মূল ভরণী কৃত্তাদি পূর্ব্বত্রয়ে জন্মর্ক্ষেপি চ জন্মমাসি হিমগৌ যাম্যে নবে চোত্তরে। যঃ অর্য্যাৎ ক্ষুক্ষর্ম্ম মাস দিবসে সিংহ নিরংশে রবৌ তে দূনং পুরুষাঃ পতন্তি নিয়তং বহ্নৌ পতঙ্গা ইব। ন জন্ম মাসে নচ চৈত্র পৌষে ন মার্গ সংজ্ঞেন হরৌ প্রসুপ্তে। সূর্য্যেন্দুকূলে শশিনি প্রশস্তে তারাবলে চন্দ্রবিবৃদ্ধপক্ষে।

অস্যার্থঃ। প্রথম বা তৃতীয় বৎসর অথবা কুলাচারের অনুসার বয়সে উত্তরায়ণে চৈত্র মাস এবং জন্মমাসভিন্ন মাসে শুক্ল পক্ষে রবি মঙ্গল শনি ভিন্ন বারে প্রতিপদ ষষ্ঠী অষ্টমী রিক্তা পূর্ণিমাভিন্ন তিথিতে রোহিণী রেবতী অশ্বিনী পুষ্যা ধনিষ্ঠা জ্যেষ্ঠা শ্রবণা স্বাতি হস্তা মৃগশিরা শতভিষা পুনর্ব্বসু চিত্রা নক্ষত্রে দশযোগ ভঙ্গ দোষ এবং যুতবেধ যামিত্রবেধ না থাকিলে রবি চন্দ্র এবং বিশেষতঃ তারা শুদ্ধ হইলে বৃষ মিথুন কর্কট কন্যা ধনু মীন লগ্নে চূড়াকরণ প্রশস্ত হয় পরন্তু জন্ম চন্দ্রে এবং জন্ম তারাতে কর্ত্তব্য হয় না আর দক্ষিণায়নে মধ্যম হয় কিন্তু পৌষ মাসে নিষিদ্ধ ও জ্যেষ্ঠপুত্রের জ্যৈষ্ঠ মাসে দশ দিনের মধ্যে এবং সমুদয় অগ্রহায়ণ মাসে কর্ত্তব্য হয় না।

অথ উপনয়নং।

জীবার্কেন্দু শুদ্ধৌ হরিশয়নবহির্ভাস্করে চোত্তরস্থে স্বাধ্যায়ে বেদবর্ণাধিপ ইহ শুভদে ক্ষৌরিভে নাদিতৌ চ। শুক্রার্কেজ্যর্ক্ষলগ্নে রবি মদন তিথিং প্রোজ্ঝ্য ষষ্ঠাষ্টমেন্দুং নোর্দ্ধাবস্তুতিচারে কথিত গুরুদিনে কাল শুদ্ধৌ ব্রতং স্যাৎ। দ্বিতীয়ৈকাদশী গ্রাহ্যা পঞ্চমী দশমী তথা। তৃতীয়া চৈব মেধাবী ভবদত্র বলান্বিতঃ। পক্ষয়োর্মাঘমাসস্য দ্বিতীয়াং পরি বর্জ্জয়েৎ।

অস্যার্থঃ। হরিশয়নভিন্ন উত্তরায়ণে শুদ্ধ কালে রবি বৃহস্পতি চন্দ্র তারা বেদাধিপতি এবং জাত্যধিপতি শুদ্ধ হইলে রবি বৃহস্পতি শুক্র বারে সপ্তমী ত্রয়োদশী রিক্তা এবং অনধ্যায়ভিন্ন তিথিতে এবং অনধ্যায়ভিন্ন দিনে রেবতী অশ্বিনী পুষ্যা ধনিষ্ঠা জ্যেষ্ঠা শ্রবণা স্বাতি হস্তা মৃগশিরা শতভিষা

চিত্রা নক্ষত্রে চিন্তামণিমতে রোহিণী নক্ষত্রে উপনয়ন প্রশস্ত হয় রোহিণী পূর্ব্ব ফলগুণী পূর্ব্ব ভাদ্রপদ উত্তরাভাদ্রপদ পূর্ব্ব াষাঢ়া মধ্যম হয়।

অথ দীক্ষা।

ধ্রুবমৃদু নক্ষত্রগণে রবি শুভবারেষু সুতিথৌ দীক্ষা। স্থিরলগ্নে শুভে চন্দ্রে কেন্দ্রে ত্রিকোণে শুভে গুরৌ ধর্ম্মে।

অস্যার্থঃ। দীক্ষা চৈত্র মাসে করিলে দুঃখ বৈশাখে ধনসঞ্চয় জ্যৈষ্ঠে মরণ আষাঢ়ে বন্ধুনাশ শ্রাবণে সম্পত্তি ভাদ্রমাসে সন্তান ক্ষয় আশ্বিনে সকল প্রকার সুখ কার্ত্তিকে জ্ঞান অগ্রহায়ণে সুখ পৌষে জ্ঞানক্ষয় মাঘে মেধাবৃদ্ধি হয় ফাল্গুণেও মেধাবৃদ্ধি হয় ইহার মধ্যে মলমাস ত্যাজ্য হয়।

শনি মঙ্গলভিন্ন বারে পূর্ণিমা আর উভয় পক্ষীয় দ্বিতীয়া সপ্তমী দশমী ত্রয়োদশী তিথিতে রোহিণী উত্তরফলগুণী উত্তরাষাঢ়া উত্তর ভাদ্রপদ চিত্রা অনুরাধা মৃগশিরা রেবতী অশ্বিনী ভরণী হস্তা স্বাতি বিশাখা শ্রবণা ধনিষ্ঠা শতভিষা আর্দ্রা পুষ্যা নক্ষত্রে প্রীতি আয়ুষ্মান সৌভাগ্য শোভন ধৃতি বৃদ্ধি ধ্রুব সুকর্ম্মা সাধ্য শুক্র হর্ষণ বরীয়ান শিব সিদ্ধি ব্রহ্ম ইন্দ্র যোগে কিন্তুঘ্ন শকুনি চতুষ্পাদ নাগ ও বিষ্টিভিন্ন করণে চন্দ্র এবং তারা শুদ্ধ হইলে দীক্ষা কর্ত্তব্য পরন্তু অকালে বর্ত্তব্য হয় না।

জন্মতারাতে বিষুব এবং অয়নসংক্রান্তিতে উত্তম তীর্থে গ্রহণে শ্রাবণী পূর্ণিমা চৈত্র শুক্ল চতুর্দ্দশীতে দীক্ষা করায় তিথি নক্ষত্রাদি বিচারের আবশ্যকতা নাই।

অথ দেবতাগঠনং।

শস্তেন্দৌ মাঘষট্কে শুভদিবস. স্তিথৌ জ্ঞোগুরুজ্ঞর্ক্ষলগ্নে মূলাধোবক্ত্র সৌম্যত্রয়রহিত উড়ৌ নাস্তনীচোপগেহে। ক্ষীণং ষষ্ঠাষ্টমেন্দুং হরিশয়নমসৎযুক্তলগ্নঞ্চ কেন্দ্রে জীবো শিতেচ ত্রিভব রিপুগেহে সংস্থে দেব প্রতিষ্ঠা।

অস্যার্থঃ। সোম বুধ কিম্বা বৃহস্পতিবারে শুক্ল পক্ষে রিক্তাভিন্ন তিথিতে রোহিণী উত্তরফলগুণী উত্তরাষাঢ়া। উত্তরভাদ্রপদ পুষ্যা অশ্বিনী হস্তা চিত্রা অনুরাধা মৃগশিরা রেবতী শতভিষা শ্রবণা স্বাতি পুনর্ব্বসু ধনিষ্ঠা নক্ষত্রে চন্দ্র তৃতীয় দশম সপ্তম জন্মস্থ কিম্বা একাদশ হইলে দেবতাগঠন প্রশস্ত হয়। পরন্তু জন্ম তারা এবং দশম ষোড়শ অষ্টাদশ ত্রয়োবিংশতি ও পঞ্চবিংশতি তারায় কর্ত্তব্য হয় না।

অথ পুষ্করিণ্যারম্ভঃ।

পুষ্যামৈত্র করোত্তর স্ববরুণ ব্রহ্মাম্বু পিত্রেন্দুভৈঃ। শস্তের্কে শুভযোগ

বারুক্তিথিষু ক্রূরেন্নবীর্য্যেষু চ। পূর্ণেন্দৌ জলরাশিষে দশমগে শুক্রে শুভাংশোদয়ে প্রারম্ভঃ সলিলাশয়স্য শুভদো জীবেন্দুপুত্রোদয়ে।

অস্যার্থঃ। হরিশয়নভিন্ন কালে শুক্ল পক্ষে সোম বুধ বৃহস্পতি কিম্বা শুক্রবারে রিক্তাভিন্ন তিথিতে পুষ্যা অনুরাধা হস্তা উত্তরফলগুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ ধনিষ্ঠা শতভিষা রোহিণী পূর্ব্বাষাঢ়া মঘা মৃগশিরা নক্ষত্রে রবি এবং চন্দ্র শুদ্ধ হইলে পুষ্করিণ্যারম্ভ করিবেক।

অথ হলপ্রবাহ বীজবপনাদি।

হলপ্রবাহবদ্বীজবপনস্য বিধিঃ স্মৃতঃ। চিত্রায়াঞ্চ শুভে কেন্দ্রে স্থিরস্য মনুজোদয়ে। ধান্যরোপণনক্ষত্রাণি। পূর্ব্বভাদ্রপদা মূলং রোহিণ্যুত্তর ফলগুনী। বিশাখা শতভিষা রাধা ধান্যানাং রোপণে বরাঃ।

অস্যার্থঃ। শনি মঙ্গলভিন্ন বারে রিক্তা অষ্টমী পূর্ণিমা অমাবস্যা দ্বাদশী ভিন্ন তিথিতে পূর্ব্বফলগুণী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ ভরণী কৃত্তিকা অশ্লেষা মঘা আর্দ্রাভিন্ন নক্ষত্রে হলপ্রবাহ প্রশস্ত হয়।

অথ জন্মরাশি অনুসারে নামের আদ্যক্ষর নির্ণয়।

জন্মরাশি মেষ হইলে অ ল বৃষ হইলে উ ঈ উ ব মিথুন হইলে ক ছ কর্কট হইলে ড হ সিংহ হইলে ম ট কন্যা হইলে ঠ ও প থ তুলা হইলে র ত বিছা হইলে ন জ ধনু হইলে ফ ঢ ধ ভ মকর হইলে খ য কুম্ভ হইলে গ শ মীন হইলে ঝ এঃ দ চ এই সকল আদ্যক্ষর যুক্ত নাম কর্ত্তব্য হয় এই নাম দ্বারা সকল কর্ম্মে রাশিনির্ণয় হয়।

অথ অশৌচ ব্যবস্থা।

জন্ম মরণে ব্রাহ্মণের ১০ দিবসাশৌচ ক্ষত্রিয়ের ১২ দিবস বৈশ্যের ১৫ দিবস শূদ্রের এক মাস সপিণ্ডের জন্ম মরণে সম্পূর্ণাশৌচ হয় সপিণ্ডানন্তর দশম পুরুষপর্য্যন্ত ৩ দিবস দশম পুরুষানন্তর চতুর্দ্দশ পুরুষপর্য্যন্ত পক্ষিণী অর্থাৎ বর্ত্তমান দিবস এবং আগামি দিবস রাত্রি সহিত ১২ প্রহরের নাম পক্ষিণী চতুর্দ্দশ পুরুষানন্তর নামস্মৃতিপর্য্যন্ত ১ দিবস। অনন্তর স্নানে শুদ্ধিঃ॥

অথ প্রসবদ্বারমাহ।

পূর্ব্বস্যাঞ্চাপ্যবাচ্যাং মেষ অম্ভুলি কর্কটে তুলালগ্নে চ কৌবের্য্যাং মিথুনে মীন কার্ম্মুক কন্যায়াঞ্চ বৃষে লগ্নে পশ্চিমে চ গৃহং সদা মকরে সিংহ লগ্নে তু দক্ষিণেশ দিশা ক্রমাৎ।

অস্যার্থঃ। কর্কট বৃশ্চিক মেষ কুম্ভ লগ্ন যার। জন্মিলে সূতিকাগৃহের

পূর্ব দিকে দ্বার। তুলা ধনু মীন আর মিথুন লগ্ন যোগে। জন্মিবে সূতিকা দ্বার হয় উত্তর দিগে কন্যা এবং বৃষ লগ্নে যদি জন্ম হয় পশ্চিমে সূতিকা দ্বার জানিবে নিশ্চয় মকর এবং সিংহ লগ্নে যদি জন্মে নর। দক্ষিণে সূতিকাদ্বার জানিবা সত্বর।

অথ শিরজ্ঞানং।

মেষে চাপমৃগেন্দ্রয়োঃ কিল শিশুঃ প্রাচীশিরা জায়তে। কন্যাগো মকরেষু দক্ষিণশিরা জাতো ভবেন্নিশ্চিতং। মীনে বৃশ্চিককর্কিণো যদি তদা কৌবের মূর্দ্ধা শিশুঃ। স্ত্রীযুর্কোঘট মুনয়ো যদি তদা পাশ্চাত্যমস্তো ভবেৎ।

অস্যার্থঃ। ধনু সিংহ মেষ লগ্নে জন্মিলে সন্তান। পূর্ব শির হয় তার জ্যোতিষের প্রমাণ। কিম্বা বৃষ মকর লগ্নেতে জন্মাইলে। দক্ষিণ শিরসি হয় জ্যোতিষেতে বলে। বৃশ্চিক কর্কট মীন লগ্নে জন্ম যার। উত্তর শিরসি হয় জেনো সারোদ্ধার। তুলা স্ত্রী মিথুন লগ্নেতে হলে জন্ম। পশ্চিম শিরসি হয় জ্যোতিষের মর্ম্ম।

অথ জ্বরোৎপত্তিদোষ।

কৌশিকঃ। স্বাতিকাসু যদাব্যাধিনৃণাং সম্প্রতিপদ্যতে নবরাত্রং ভবেৎ পীড়া ত্রিরাত্রং রোহিণীষু চ মৃগশীর্ষে পঞ্চরাত্রমার্দ্রায়াং মুচ্যতেহ সুভিঃ পুনর্ব্বসৌ তথাশ্লেষে সপ্তরাত্রং বিধীয়তে নবরাত্রংতথাশ্লেষে মাসমেকং মঘাসু চদ্বৌ মাসৌ পূর্ব্বফলগুণ্যামুত্তরাসু ত্রিপঞ্চকং হস্তেন সপ্তমে মোক্ষ শ্চিত্রায়ামর্দ্ধমাসকং মাসদ্বয়ং ভবেৎ স্বাত্যাং বিশাখে বিংশতির্দিনং মৈত্র চাপি দশাহানি জ্যেষ্ঠায়ামর্দ্ধমাসকং মূলে ন জায়তে মোক্ষঃ পূর্ব্বাষাঢে ত্রিপঞ্চকং উত্তরৈর্বিংশতিজ্ঞেয়া দ্বৌ মাসৌ শ্রবণে তথা ধনিষ্ঠায়ামর্দ্ধ মাসং বারুণ্যাঞ্চ দশাহকং নচ ভাদ্রপদে মোক্ষঃ উত্তরাসু ত্রিপঞ্চকং রেবত্যাং দিনবিংশত্যাপাহোরাত্রং তথাশ্বিনী প্রাণৈর্বিমুচ্যতে নিত্যং ভরণ্যাং নাত্র সংশয়ঃ কৌশিকেন সমাদিষ্টা নক্ষত্রব্যাধিসম্ভবাঃ

অস্যার্থঃ। অশ্বিনীতে রোগ হইলে এক দিন ভোগ ভরণীতে মরণ শঙ্কা স্বাতিকাতে নয় দিন ভোগ রোহিণীতে তিন দিন মৃগশিরাতে পাঁচ দিন ভোগ আর্দ্রায় মরণ ভয় পুনর্ব্বসুতে এবং পুষ্যাতে সাত দিন ভোগ অশ্লেষায় নয় দিন মঘাতে এক মাস পূর্ব্ব ফলগুণীতে দুই মাস উত্তরফলগুণীতে এক পক্ষ হস্তায় সাত দিন চিত্রায় এক পক্ষ স্বাতিতে দুই মাস বিশাখায় কুড়ি দিন অনুরাধায় দশ দিন জ্যেষ্ঠায় এক পক্ষ মূলাতে মরণান্ত পূর্ব্বাষাঢ়ায় এক পক্ষ উত্তরাষাঢ়ায় কুড়ি দিন শ্রবণায় দুই মাস ধনিষ্ঠাতে এক পক্ষ শতভিষায় দশ দিন পূর্ব্বভাদ্রপদে মরণ স্তু উত্তরভাদ্রপদে এক পক্ষ রেবতীতে কুড়ি দিন ভোগ হয়।

রবি সপ্ত সোমে নয় মঙ্গলেতে দশ। বুধে তিন গুরুবার দ্বাদশ দিবস॥ শুক্র তিন কিম্বা সাতশনি চৌদ্দ দিন॥ বার জ্বর ভোগ এই বুঝহ প্রবীণ

রোগ হইবার কালে তারা শুদ্ধ থাকিলে নক্ষত্র দোষ শান্তি হইয়া উক্ত দিনাপেক্ষায় অল্প কালে রোগ নষ্ট হয় আর অশুদ্ধ থাকিলে জীবন সংশয় হয় আর চন্দ্র শুদ্ধ থাকিলে সকল দোষের ন্যূনতা হয় এবং অশুদ্ধ থাকিলে দোষের বৃদ্ধি হয়॥

অথ সাংঘাতিক রোগোৎপত্তিঃ।

রবি মঙ্গল কিম্বা শনিবারে ষষ্ঠী নবমী চতুর্দ্দশী তিথি এবং অশ্লেষা শতভিষা আর্দ্রা স্বাতি মূলা পূর্ব্বফল্গুণী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র এই বার তিথি নক্ষত্রযোগে রোগ হইলে মৃত্যু হয়।

অথ বিহিত দ্রব্যাদি ভক্ষণ নিষেধঃ।

প্রতিপদে অর্থহানি কুষ্মাণ্ড ভক্ষণে। দ্বিতীয়াতে বৃহতীতে বিহীন ভজনে শত্রুবৃদ্ধি পটোল খাইলে তৃতীয়ায়। মূলাহারে চতুর্থীতে ধনহানি পায়। পঞ্চমীতে শ্রীফলে কলঙ্ক অতিশয়। ষষ্ঠীতে খাইলে নিম্ব পশুযোনি হয়। তালে শরীরের নাশ সপ্তমীর যোগে অষ্টমীতে মূর্খ হয় নারিকেল ভোগে॥ অলাবু গোমাংস তুল্য নবমী তিথিতে। দশমীতে গোবধ সদৃশ কলম্বীতে। শিম্বে মহাপাপ একাদশীর নিয়ম। দ্বাদশীতে পূঁইশাকে ব্রহ্মহত্যাসম। ত্রয়োদশী তিথিতে বর্ত্তাকী যদি খায়। সন্তানের হানি হয় বিধানে জানায়। চতুর্দ্দশী তিথির দিবসে নরগণে। চিররোগী হয় মাসকলাই ভক্ষণে॥ অমাবস্যা পূর্ণিমায় যদি খায় মাংস। পূর্ণরূপে মহানামে প্রকাশে পাপাংশ।

অথ অশৌচ গ্রহণসময়ঃ॥

অশৌচ যদ্যপি সূর্য্যোদয়ের পূর্ব্বে হয় তবে পূর্ব্ব দিবস লইয়া গণনা করিবেক অশৌচ নিশ্চয় না হইলে হয় না অশৌচের মধ্যে যদি জ্ঞাত হওয়া যায় তবে শেষ যে কএক দিন থাকে তাহাতে শুদ্ধ হয় অশৌচ কালানন্তর সম্বৎসরের মধ্যে শ্রবণ করিলে সপিণ্ডবর্গের তিন দিবসাশৌচ হয় এবং সম্বৎসরান্তে দুই বৎসরের মধ্যে জ্ঞাত হইলে সপিণ্ডবর্গের সদ্যঃশৌচ মাত্র পুত্রাদির ১ দিবস দুই বৎসরের পর শ্রবণ করিলে সজ্যোতিঃ অর্থাৎ দিনে শ্রবণ করিলে দিনমাত্র রাত্রে শ্রবণ করিলে রাত্রিমাত্র স্ত্রীয়পুত্র জন্মাশৌচানন্তর শ্রবণ করিলে স্নানমাত্রে শুদ্ধ হয়॥

অথ দাহনিষেধঃ।

দুই বৎসর পরিপূর্ণ না হইয়া যে বালকের মৃত্যু হয় তাহার দাহাদি না করিয়া মৃত্তিকাসাৎ করিবেক।

অথ অশৌচ ব্যবস্থা হেতু ॥

জন্ম মরণে ব্রাহ্মণের ১০ দিবসাশৌচে ক্ষত্রিয়ের ১২ দিবস বৈশ্যের ১৫ দিবস শূদ্রের একমাস সপিণ্ডের জন্ম মরণে সম্পূর্ণা শৌচ হয় সপিণ্ডানন্তর দশম পুরুষ পর্য্যন্ত ৩ দিবস হইয়া দশম পুরুষানন্তর চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত পক্ষিনী অর্থাৎ বর্ত্তমান দিবস এবং আগামি দিবা রাত্রি সহিত চার প্রহরের নাম পক্ষিণী চতুর্দ্দশ পুরুষানন্তর নাম স্মৃতি পর্য্যন্ত ১ একদিবস পরান্তর স্নানে শুদ্ধি॥

অথ মাতামহাদ্যশৌচ।

মাতামহ মরিলে ৩ রাত্রাশৌচ শ্বশুর এবং শাশুড়ি নিকটে মরিলে ৩ রাত্রাশৌচ অন্য এক গ্রামে বা গ্রামান্তরে মরিলে এক রাত্রাশৌচমাত্র। কিন্তু ব্যবহার ত্রিরাত্রাশৌচ॥ বিবাহিতা ভগিনী এবং মাতামহী মাতুল মাতুলানী পিতৃস্বসা অর্থাৎ পিতার ভগিনী এবং দৌহিত্র ও ভাগিনেয়াদি মরিলে পক্ষিণী অশৌচ হয় কিন্তু মাতামহী মরিলে ৩ রাত্রাশৌচ ব্যবহার। পরন্তু মাতৃভগিনীপুত্র মাতুলপুত্র মরিলে পক্ষিণী অশৌচ হয়॥

অথ মৃত্যু বিশেষাশৌচ।

অনশনে বজ্রাঘাতে অগ্নিতে জলেতে উচ্চদেশহইতে পতনে সংগ্রামে শৃঙ্গি দংষ্ট্রি নখি ব্যাল অর্থাৎ হিংস্রক জন্তু বিষ চণ্ডাল চৌরকর্ত্তৃক যদি প্রমাদে মৃত্যু হয় তবে ৩ রাত্রাশৌচমাত্র। পরন্তু অগ্ন্যাদিতে প্রাণত্যাগ করিব এই অভিপ্রায়ে যে ব্যক্তি মরে অর্থাৎ যে আত্মঘাতী হয় তাহার অশৌচ নাই এবং পতি স্ত্রী মরণ কারণ পাতিত্য কর্ত্তৃক হত এবং জাতি সঙ্কর ও চণ্ডালাদির সহিত ক্রীড়ারূপ যুদ্ধ করিতে তৎকর্ত্তৃক নিহত এবং যে কৃত্রিম বিষদান করে ও অগ্নির দ্বারা মরে ও যে বিষ ভক্ষণ করাইয়া মারে ও যে বধাতিরিক্ত মারণাদি করে ও সর্ব্বদা যাহার বুদ্ধি পরোপকারে রত এবং ক্রোধেতে অনশন বা বিষভক্ষণ অগ্নিতে প্রবেশ করিয়া বা পর্ব্বত বা বৃক্ষ হইতে পড়িয়া মরে এবং সজ্জাতি হইয়া চর্ম্ম বা অস্থিতে পত্রাদি করে এবং যে মনুষ্য বধস্থানাদি করে এবং উৎকল দেশে প্রসিদ্ধ কণ্ঠ দেশোৎপন্ন ভগ যাহাদিগের এবং নপুংসকের এবং ব্রাহ্মণ বিষয়পরাধী হইয়া নিহত দিগের এবং যে আত্মহত্যাদিত অভিচারাদি হত এবং যে মহাপাতকী কেবল পতিত ইহারদিগের দাহাদি করিবেক না পক্ষি মৎস্য সংস্থ শৃঙ্গি দংষ্ট্রি নখি কর্ত্তৃক হত যে ব্যক্তি এবং পতন অনশনের দ্বারা এবং জলে প্রবেশ করিয়া যে মরে তাহারদিগের শাস্ত্রকৃত বলেন এই সকল হেতুতে করিয়া ৩ দিবসে

মধ্যে মরিলে ৩ রাত্রাশৌচ ইহার পর মরিলে স্বজাত্যুক্তাশৌচ হয় এবং ক্ষত হইয়া যদি সপ্তাহের মধ্যে মরে ৩ রাত্রাশৌচমাত্র সপ্তাহের পর মরিলে সজাত্যুক্তাশৌচ হয় ।

অথ সূতিকাশৌচ ।

দ্বিজাতি স্ত্রীর পুত্র জননে ২০ দিন কন্যা জননে এক মাসাশৌচ হয় । শূদ্রের পুনঃ দুয়েতেই মাস শৌচ ।।

অথ অকৃতচূড়া কন্যা মরণাশৌচ ব্যবস্থা ।।

জন্মাবধি দুই বৎসরপর্য্যন্ত অকৃত চূড়া কন্যা মরণে সর্ব্ব বর্ণের সদ্যঃ শৌচমাত্র বিবাহের পর কন্যার মৃত্যু হইলে ভর্ত্তৃকুলে সম্পূর্ণাশৌচ হয় অজাতদন্তা কন্যা মরণে সোদরের সদ্যঃশৌচমাত্র জাতদন্তা কন্যা মরণে এক রাত্রাশৌচ চূড়া হইলে ত্রিরাত্রাশৌচ হয় ।।

অথ বালকাশৌচ ।

অষ্টম মাসপর্য্যন্ত গর্ব্ভস্রাব নবম মাসাদিতে বালকজাত হইয়া যদ্যপি তদশৌচের মধ্যে মরে তবে মাতাপিতার অস্পৃশ্য প্রযুক্ত জন্মাশৌচ হয় । সপিণ্ডেরদিগের সদ্যঃশৌচ এবং গর্ব্ভেতে মরিয়া যদি কন্যা বা পুত্রের জন্ম হয় তবে সপিণ্ডবর্গের সম্পূর্ণ জন্মাশৌচ হয় ।। পরন্তু যদ্যপি বালকের দন্ত হইয়া মৃত্যু হয় তবে পিতামাতার ৩ দিন সপিণ্ডবর্গের ১ দিবস অশৌচ ইহার মধ্যে যদি চূড়া হইয়া থাকে তবে সকলের ৩ রাত্রাশৌচ হয় । এবং যদ্যপি চূড়া না হইয়া থাকে তবে মাতা পিতার ৩ রাত্রি অন্যের সদ্যো-শৌচমাত্র । দুই বৎসরের পর ছয় বৎসরপর্য্যন্ত অনুপনীত বালক মরিলে ৩ রাত্রাশৌচ উপনীত বালক মরিলে সম্পূর্ণাশৌচ হয় । শূদ্রের ছয় মাসপর্য্যন্ত যদি চূড়া এবং দন্তোৎপত্তি না হইয়া থাকে তবে তাহার মরণে ৩ রাত্রাশৌচ হয় ইহার মধ্যে, দন্তোৎপত্তি হইলে ৫ দিবস এবং দুই বৎসরের মধ্যে চূড়া হইলে ১২ দিবস এবং বিবাহ হইলে এক মাসাশৌচ হয় । ছয় মাসের পর দুই বৎসরপর্য্যন্ত অকৃতচূড় বালক মরিলে ৫ দিবস এবং ইহার পর বৎসরপর্য্যন্ত শূদ্র বালক মরিলে ১২ দিবসাশৌচ হয় ।।

অথ গর্ব্ভস্রাবাশৌচ ।

দুই মাসের মধ্যে গর্ব্ভস্রাব হইলে সেই স্ত্রীর রজস্বলাশৌচ হয় কিন্তু অন্যের হয় না । ছয় মাসের মধ্যে গর্ব্ভস্রাব হইলে সেই স্ত্রীর অশৌচ হয় আট মাসের মধ্যে যদি গর্ব্ভস্রাব হয় তবে সেই স্ত্রীর স্বজাত্যুক্তাশৌচ হয় ।। সপিণ্ডেরদিগের সদ্যঃ শৌচমাত্র কিন্তু ব্যবহার একাহ। তিন চারি পাঁচ

ছয় মাসপর্য্যন্ত গর্ভস্রাব হইলে দৈবপৈত্র কর্ম্মেতে, ব্রাহ্মণীর যত মাস গর্ভ তত দিন আর এক দিন অধিক ক্ষত্রিয়ের ২ দিন বৈশ্যের ৩ দিন শূদ্রের ৬ দিন অধিকাশৌচ হয় অন্যত্র যত মাস গর্ভ তত দিন অশৌচ বিধি এবং সাত আট মাসে গর্ভে করিলে তদনন্তর হইলে নবম মাসের যে ব্যবস্থা সেই ব্যবস্থা জানিবেন ।।

অথ ত্রিপুষ্কর।

পুনর্ব্বসূত্তরাষাঢ়া কৃত্তিকোত্তরফল্গুনী। পূর্ব্বভাদ্রং বিশাখা চ রবি ভৌমশনৈশ্চরাঃ। দ্বিতীয়া সপ্তমী চৈব দ্বাদশী তিথিরেবচ। এতে নামেক যোগে তু ভবতীতি ত্রিপুষ্করঃ।। বারে মস্য মৃতং হন্তি তিথৌ গোধনমেব চ নক্ষত্রে গোত্রহ নিঃসংশং সর্ব্বং হন্তি ত্রিপুষ্করে ।।

অস্যার্থঃ। শনি মঙ্গল রবিবার ভদ্রা তিথি এবং কৃত্তিকাপুনর্ব্বসু উত্তর-ফল্গুনীবিশাখা উত্তরাষাঢ়াপূর্ব্ব ভাদ্রপদএই কএকনক্ষত্র মৃত্যুকালীন দোষের উৎপাদক হয়। ইহার মধ্যে বার দোষকে একপাদ তিথি দোষকে একপাদ ও নক্ষত্রদোষকে দ্বিপাদ গণনা করা যায় সুতরাং বার তিথি নক্ষত্র তিনের দোষ হইলে সম্পূর্ণ পুষ্কর দোষ হয়।

অথ হাঁচিটিক্‌টিকী ।।

উপবেশন এবং শয়ন ও দান আর ভোজন বস্ত্র পরিধান আর বিবাদ এবং বিবাহ এই সাত কর্ম্মব্যতিরেকে সকল কর্ম্মে হাঁচি প্রতি বন্ধক আর গোর হাঁচি মৃত্যুর কারণ হয় পরন্তু বৃদ্ধ বালক ও কফির হাঁচি আর যত্ন পূর্ব্বক হাঁচি প্রতি বন্ধক হয় না অপর হাঁচি এবং টিক্‌টিকী শব্দ ঊর্দ্ধদিকে হইলে ধনলাভ ও কার্য্য সিদ্ধি পূর্ব্ব দিকে এবং অগ্নিকোণে হইলে ভয় দক্ষিণে অগ্নিভয় নৈঋতকোণে কলহ পশ্চিমে লাভ বায়ু কোণে বরপ্রাপ্তি এবং বস্ত্র গন্ধ ও জললাভ উত্তরে স্ত্রীলাভ ও ঈশানকোণে হইলে মরণ হয় ।।

বিশেষ বিশেষ জ্যেষ্ঠী পতনের ফল ।।

জ্যেষ্ঠী মস্তকে পড়িলে রাজ্যলাভ হয় হস্তে ঐশ্বর্য্য কর্ণে ভূষণলাভ চক্ষেতে, বন্ধু দর্শন নাসিকায় সুগন্ধ লাভ মুখে মিষ্টান্নপ্রাপ্তি গলদেশে সম্পত্তি স্তনদ্বয়ে সৌভাগ্য বক্ষে সুখবৃদ্ধি পৃষ্ঠে ভূমিলাভ পার্শ্বে বন্ধু দর্শন কটিতে বস্ত্রলাভ গুহ্যে মৃত্যু ঊরুতে বাহনলাভ জানুতে এবং জঙ্ঘাতে অর্থ ক্ষয় পদে ভ্রমণ ফল হয় ।।

অথ গোধূলিতে এবং ঊষাতে যাত্রা।

যদি তিথি নক্ষত্রাদি বিরুদ্ধ থাকিত ও যাত্রা করিবার প্রয়োজন হয় তবে

গোধূলিতে কিম্বা উষাতে গমন কর্ত্তব্য পরন্তু পশ্চিম দিকে গোধূলিতে আর পূর্ব্ব দিকে উষাতে যাত্রা নিষিদ্ধ হয়।

অথ প্রকারান্তর যাত্রা।

যাত্রাদিবসীয় বারের অঙ্ক এবং তিথির অঙ্ক ও সেই দিবস মাসের যত দিন হয় সেই অঙ্ক আর যে ব্যক্তি যাত্রা করিবেন তাহার জন্ম নক্ষত্রের অঙ্ক এই চারি অঙ্ক একত্র করিয়া সাত দিয়া হরণ করিলে যদি এক অবশিষ্ট থাকে তবে যাত্রা শুভ হয় দুই থাকিলে লাভ তিন থাকিলে ধনপ্রাপ্তি চারি থাকিলে কার্য্যসিদ্ধি পাঁচ থাকিলে পথে বিঘ্ন ছয় থাকিলে মরণ সাত থাকিলে সম্পত্তি হয় এরূপ বিবেচনাতেও অগত্যা যাত্রা হইতে পারে।।

অথ নৌকাযাত্রা।

সোম বুধ বৃহস্পতি কিম্বা শুক্রবারে রিক্তাভিন্ন তিথিতে অশ্বিনী হস্তা মৃগশিরা পূর্ব্বফালগুনী পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ অনুরাধা ধনিষ্ঠা শ্রবণা ইহার মধ্যে কোন নক্ষত্রে চন্দ্র তারা শুদ্ধ হইলে শুভলগ্নে নৌকাযাত্রা প্রশস্ত হয়।

অথ শিবজ্ঞান।

যখন যাত্রাদি ক্রিয়া আবশ্যক হয় আর জ্যোতিঃশাস্ত্রোক্ত শুভক্ষণ প্রাপ্ত না হয় তখন শিবজ্ঞানে উক্ত সময়ানুসারে কর্ম্ম করা উচিত হয় এই শিবজ্ঞানোক্ত মাহেন্দ্র যোগে যাত্রাদি করিলে জয় অমৃত যোগে কার্য্যসিদ্ধি বক্রে কার্য্যনাশ শূন্যে মৃত্যু বা অপমান হয়। দিবা রাত্রিতে এই সকল যোগ মাঘ ফালগুণ চৈত্র বৈশাখ শ্রাবণ ভাদ্রে এক প্রকার ও আশ্বিন কার্ত্তিক অগ্রহায়ণ পৌষে এক প্রকার জ্যৈষ্ঠে আষাঢ় এক প্রকার হয়।

মাঘ ফালগুণ চৈত্র বৈশাখ শ্রাবণ ভাদ্রে। দিবাদণ্ড।

রবিবার	মাহেন্দ্র ২	অমৃত ৮	শূন্য ৮	মাহেন্দ্র ২	বক্র ১০				
সোমবার	অ ৪	ব ৮	অ ১	ব ১	মা ৪	শূ ২			
মঙ্গলবার	ব ৪	শূ ২	অ ১	ব ৪	শূ ২	অ ৪	শূ ২	অ ৪	শূ ২
বুধবার	অ ৪	ব ১	অ ৬	শূ ২	ব ৪	মা ৪	অ ৪	শূ ২	
গুরুবার	মা ৪	শূ ২	ব ১	মা ১	শূ ৪	ব ৪	শূ ৪		
শুক্রবার	অ ২	ব ২	অ ১	ব ১	অ ১	শূ ৪	অ ৪		
শনিবার	শূ ৪	ব ৪	শূ ২	অ ৮	শূ ৪	ব ৪	শূ ৪		

রাত্রিদণ্ড।।

শূন্য ২	মাহেন্দ্র ২	অমৃত ৪	বক্র ৮	মাহেন্দ্র ৮	শূন্য ৬
শূ ২	অ ১	ব ১	অ ৮	শূ ৮	

অ ২ ব ৪ শূ ২ অ ৬ ব ৬ অ ৪ ব ৪ শূ ২
শূ ২ অ ৬ মা ৪ ব ৪ শূ ৪ অ ১০
ক ১৪ শূ ৪ ব ৪ অ ২ শূ ৬
ব ৪ অ ৪ শূ ৪ মা ২ ব ৬ শূ ৪ অ ২ মা ২ শূ ২
শূ ২ ব ৪ অ ৬ ব ৪ অ ৪ ব ২ অ ৪ শূ ২

আশ্বিন কার্ত্তিক অগ্রহায়ণ পৌষ। দিবা দণ্ড॥

রবিবার শূ ২ অ ৬ ব ৮ অ ৮ শূ ২ মা ২ শূ ২
সোমবার অ ৪ শূ ৪ অ ৬ ব ১১
মঙ্গলবার অ ২ ব ২ অ ১০ ব ৬ শূ ৬ ব ৪
বুধবার অ ২ মা ২ অ ২ ব ৬ অ ৬ শূ ২ মা ৬ ব ৪
গুরুবার অ ৪ ব ৪ শূ ৪ ব ৬ শূ ২ অ ৪ ব ৬
শুক্রবার অ ২ ব ২ অ ৬০ ব ৬ শূ ২ অ ৮ অ ৪
শনিবার অ ২ ব ২ অ ৬ ব ৬ অ ৮ শূ ২ অ ৪

রাত্রি দণ্ড।

শূ ২ ব ৪ অ ৪ ব ৮ অ ৪ শূ ২ অ ৮ শূ ৪
ব ৬ অ ৮ ব ৮ অ ২ ব ৬
মা ৬ অ ২ শূ ২ অ ৬ ব ৪ মা ৪ শূ ২ অ ৪
ব ২ অ ২ ব ৪ অ ১ ব ২
শূ ২ অ ৮ ব ৬ অ ৮ শূ ২ অ ৪
ব ২ অ ৮ ব ৬ অ ৮ শূ ২ অ ৪
ব ১৪ শূ ৪ ব ৪ অ ২ শূ ৬

জ্যৈষ্ঠ আষাঢ়। দিবা দণ্ড॥

রবিবার শূ ৪ অ ৬ ব ৬ অ ৬ ব ৪ মা ২ শূ ২
সোমবার ব ৮ অ ৪ শূ ৬ ব ৮ শূ ৪
মঙ্গলবার অ ৬ শূ ৪ অ ৬ ব ৬ মা ২ অ ২ মা ২ শূ ২
বুধবার শূ ২ ব ৪ অ ৮ ব ৬ অ ৮ শূ ২
গুরুবার মা ২ শূ ২ ব ৬ মা ৪ শূ ৪ ব ৬ অ ৬
শুক্রবার শূ ২ মা ২ ব ৬ মা ২ শূ ৪ অ ৬ ব ৪ শূ ৪
শনিবার মা ২ শূ ২ ব ৬ মা ৬ শূ ৪ ব ৪ অ ৬

রাত্রি দণ্ড॥

অ ৪ শূ ৪ ব ৪ অ ৬ ব ৮ শূ ৪

ব ৮	অ ৮	শূ ৪	অ ৪	শূ ২	মা ২	শূ ২		
অ ২	ব ৪	মা ৪	শূ ৪	ব ২	অ ৬	শূ ২	ব	৬
অ১০	শূ ২	ব ৬	অ ৬	শূ ২	মা ২			
শূ ২	অ ৬	শূ ২	ব ৪	শূ ২	অ ৬	শূ ৪	অ	৪
অ ৬	শূ ২	ব ৪	শূ ৬	অ ৬	শূ ২	অ ৪		
শূ ২	অ ২	ব ৮	শূ ২	অ ৬	শূ ৪	অ ৬		

বাঙ্গলা নাম	মুসলমানী নাম	ইংরাজী নাম
রবিবার	এতবার। এক শুম্বা।	সণ্ডে
সোমবার	পীর। দোশুম্বা।	মণ্ডে
মঙ্গলবার কুজবা	মঙ্গল। সেশুম্বা।	টুইসডে
বুধবার	বুধ। চহারশুম্বা।	উএডনেস্‌ডে
বৃহস্পতিবার গুরুবার	জুমর‍াত	থর্সডে
শুক্রবার	জুমা	ফ্রাইডে
শনিবার	শনিচর। শুম্বা বাহফ্‌তা	সটরডে

বৈশাখ মাসের মহাবিষুব সংক্রান্তি সঞ্চার গণনা।

মস্তকে ২৪।২৫।২৬।২৭।১।২।৩ রাজ্য লাভন

মুখে ৪।৫।৬ পটুত্ব

দক্ষিণ হস্তে ১২।১৩।১৪

অর্থনাশ

দক্ষিণ পদে ১৮।১৯।২০

সুখ



বাম হস্তে ১৫।১৬।১৭

মহা দুঃখ।


হৃদয়ে ৭।৮।৯।১০।১১ধন

লাভ।

বাম হস্তে ২১।২২।২৩

ভ্রমণ।

সম্বৎ ১৯০৪ ইং ১৮ ৪৭। চান্দ্র চৈত্র কৃষ্ণ পক্ষ ॥



বৈশাখ প্রদং ৫৭।৩৫	রবি	মেষ	রাশিতে	অশ্বিনী	নক্ষত্রে
মহাবিষুব সংক্রান্তি	চন্দ্র	কুম্ভ	রাশিতে	শতভিষা	নক্ষত্রে
দিনমানং ৩১।৮	মঙ্গল	মকর	রাশিতে	শ্রবণা	নক্ষত্রে
পূর্ব যাম দ্বয়ং পূণ্যং	বুধ	মীন	রাশিতে	উত্তরভাদ্রপদ	নক্ষত্রে
শকাব্দাঃ ১৭৬৯	বৃহস্পতি	বৃষ	রাশিতে	রোহিণী	নক্ষত্রে
সম্বৎ ১৯০৪	শুক্র	মেষ	রাশিতে	কৃত্তিকা	নক্ষত্রে
সন ১২৫৪	শনি	কুম্ভ	রাশিতে	শতভিষা	নক্ষত্রে
ইংরাজী ১৮৪৭ সাল	রাহু	কন্যা	রাশিতে	চিত্রা	নক্ষত্রে
এপ্রেল মাস ৩০	কেতু	মীন	রাশিতে	রেবতী	নক্ষত্রে

দিবা ৩১ । ১১	১ বৈশাখ ইং ১৩ এপ্রেল মুং ২৬ রবিয়স সানি।
মুং ২ । ৪ । ৪৪	মেষ ০।৭।৫৮ গতে উদয়ঃ তুলা ১।১০।৪৮ গতে অস্ত ইং
৩ ২৫ ২৫	৫ ঘণ্টা ৪৫ মিনিটে উদয় ৬ ঘণ্টা ১৮ মিনিটে অস্ত ॥
২৮ ১০ ৬	মঙ্গলবার ত্রয়োদশী ২৮।৭ পূর্বভাদ্রপাদ নক্ষত্র
২৮ ৪৯ ৮	১০।৪৯ গর করণ ব্রহ্ম যোগ ৬।৮ পরে ইন্দ্রযোগ ৫২।১৬
৭ ৫ ৫২	সিদ্ধি যোগ যাত্রা নাস্তি অগস্ত্য দোষ মীন বৃষ মিথুন
— ১৬	কন্যা তুলা মকর এই রাশির চন্দ্র শুদ্ধ জন্মে নরগণ
— ১	বিপ্রবর্ণ রাহুর দশা ১০।৪৯ গতে শু দশা মৃতে ত্রিপাদ
শুবৃঘেদং ৫৫	দোষ ১০।৪৯ গতে একপাদ দক্ষিণে যোগিণী ২৮।৭
পালকো রবি	গতে পশ্চিমে বারবেলা ৪ দং গতে ৪ দং ২॥০ প্রহরের
জন্মে মীন রাশি	পর ৪ দং ॥

দিবা ৩১ । ১৪	২ বৈশাখ ইং ১৪ এপ্রেল মুং ২৭ রবিয়স সানি।
মুং ২ । ৪ । ৫৬	মেষ ০।১৫।৫৬ গতে উদয়ঃ তুলা ০।২১।৩৬ গতে অস্ত
	ইং ৫ ঘণ্টা ৪৪ মিনিটে উদয় ৬ ঘণ্টা ১৮ মিনিটে অস্ত।
৪ ২৬ ২৭	বুধবার চতুর্দশী ২২।৯ উত্তরভাদ্রপদ নক্ষত্র ৬।৪০
২৯ ৬ ৫০	শকুনি করণ বৈধৃতি যোগ ৫০।৫৮ যাত্রা নাস্তি রিক্তাদোষ
	পূর্ব্বদিনের রাশির চন্দ্র শুদ্ধ জন্মে নরগণ ৬।৪০ গতে
২২ ৪০ ৫৮	দেবগণ বিপ্রবর্ণ শুক্রস্যদশা পশ্চিমে যোগিণী ২২।৯ গতে
৯ শ ২	ঈশানে বারবেলা ১ প্রহরের পর ৪দং২ প্রহরের পর ৪দং।
জন্মে মীন রাশি	সায়ং সন্ধ্যা নাস্তি ॥

দিবা ৩১ । ১৮	৩ বৈশাখ ইং ১৫ এপ্রেল মুং ২৮ রবিয়স সানি।
মুং ২ । ৪ । ৫৬	মেষ ০।২৩।৫৪ গতে উদয় তুলা ০।৩২।২৪ গতে অস্ত ইং
৫ ২৭ ১	৫ ঘণ্টা ৪৩ মিনিটে উদয় ৬ ঘণ্টা ১৮ মিনিটে অস্ত।
৩০ ২ ৪৩	বৃহস্পতিবার অমাবস্যা ১৬।৩১ রেবতী নক্ষত্র ২।৫২
১৬ ৫২ ৪৫	পরে অশ্বিনী নক্ষত্র ৫৩।৪৫ নাগ করণ বিষ্কুম্ভ যোগ
৩১ ৫৬ ৩	৪৩।১৫ যাত্রানাস্তি পক্ষ্যন্ত দোষ পূর্ব দিনের রাশির ২।৫২
— ৪৫ —	গতে মেষ সিংহ বৃশ্চিক কর্কট মিথুন তুলা এই রাশির চন্দ্র
— মা —	শুদ্ধ সূর্য্য গ্রহণং দিবা দং ১৬।২৮ গতে নৈঋত্যাং স্পর্শঃ
জন্মে মীন ২।৫২	দিবা ১৮।৩৬ গতে আগ্নেয্যাং মোক্ষঃ স্থিতির্দং ২।৭।১৮
গতে মেষ	দর্শনে সন্দেহঃ। জন্মে দেবগণ বিপ্রবর্ণ ২।৫২ গতে বৈশ্যবর্ণ
রাশি	শু দশা ঈশানে ঘোং বাংশে ১ প্র সপ্তাহ যাত্রা নিষেধ ॥

দিবা ৩১ । ২১ সূং ২ । ৫ । ৫৪ ৬ ২ ২ ১ ৫৬ ৩৭ ১১ ৪৮ ৭ ২২ ১ ॰ ৪ জন্মে মেষ রাশি	৪ বৈশাখ ইং ১৬ এপ্রেল খূং ২৯ রবিয়স সানি । মেষ ০।৩১।৫২ গতে উদয় তুলা ০।৪৩।১২ গতে অস্ত ইং৫ ঘণ্টা ৪২ মিনিটে উদয় ৬ ঘণ্টা ১৮ মিনিটে অস্ত । শুক্রবার প্রতিপদ ১১।২২ ভরণী নক্ষত্র ৫৬।৪৮ বব করণ প্রীতি যোগ ৩৭।৭ সিদ্ধিযোগ যাত্রানাস্তি নক্ষত্র দোষ পূর্ব দিনের রাশির চন্দ্রশুদ্ধ জন্মে নরগণ বৈশ্যবর্ণ শূক্রস্থ দশা ৫৬।৪৮ গতে দেবারিগণ ক্ষত্রবর্ণ রবির দশা মৃতে ১১।২২ গতে পাদ দোষ ৫৬।৪৮ গতে ত্রিপাদ পূর্বে যোগিনী ১১।২২ গতে উত্তরে বারবেলা ১ প্রহরের পর ১ প্রহর ॥ চান্দ্র বৈশাখ ॥
দিবা ৩১ । ২৮ সূং ২ । ৫ । ৪০ ৭ ৩ ৩ ২ ৫৪ ৩১ ৯ ৫২ ৩ ৫৩ ৩ ৫ জন্মে মেষ ৯।৫২ গতে বৃষ রাশি ২।১ ২৩ দং ৩১	৫ বৈশাখ ইং ১৭ এপ্রেল খূং ১ জমাদিয়ল আউল । মেষ ০।৩১।১০ গতে উদয় তুলা ০।১৩।২৬ গতে অস্ত ইং৫ ঘণ্টা ৪২ মিনিটে উদয় ৬ঘণ্টা ১৯ মিনিটে অস্ত ॥ শনিবার দ্বিতীয়া ৯।৫৩ কৃত্তিকা নক্ষত্র ৫৪।৫২ কৌলব করণ আয়ুষ্মান যোগ ৩১।৩ যাত্রানাস্তি নক্ষত্র দোষ ৫৪।৫২ গতে যাত্রা মধ্যম পূর্ব দিনের রাশির ৯।৫২ গতে বৃষ মীন ধনু সিংহ কর্কট বৃশ্চিক এই রাশির চন্দ্রশুদ্ধ জন্মে দেবারিগণ বৈশ্যবর্ণ ৯।৫২ গতে শূদ্রবর্ণ ৫৪।৫২ গতে নরগণ ক্ষত্রবর্ণ রবির দশা মৃতে চতুষ্পাদ দোষ ৯।৫৩ গতে ত্রিপাদ উত্তরে যোগিনী ৯।৫৩ গতে অগ্নি কোণে বাং প্র ৪ দং ২।১০ প্রপ ৪ দ শেষ৩ দং । অক্ষয়তৃতীয়া যুগাদ্যা স্নান ।
দিবা ৩১ । ২৮ সূং ২ । ৫ ৫২ ১ ৪ ৪ ৩, ৫৩ ২৭ ৩ ৫৪ ৪৭ ১৭ ৫ ৬ জন্মে বৃষ রাশি	৬ বৈশাখ ইং ১৮ এপ্রেল খূং ২ জমাদিয়ল আউল । মেষ ০।৪৭।২৮ গতে উদয় তুলা ১০।৪৮ গতে অস্ত ইং৫ ঘণ্টা৪১ মিনিটে উদয় ৬ঘণ্টা ১৯ মিনিটে অস্ত ॥ রবিবার তৃতীয়া ৩।১৭ রোহিণীনক্ষত্র ৫৩।৫৪ গরকরণ সৌভাগ্য যোগ ২৫।৪৭ যাত্রামধ্যম ৩।১৭ মধ্যে নক্ষত্রামৃত যোগ যাত্রাশুভ অগ্নিকোণে নৈর্ঋতে নাস্তি পূর্ব দিনের রাশির চন্দ্রশুদ্ধ জন্মে নরগণ শূদ্রবর্ণ রবির দশা মৃতে পাদ দোষ অগ্নি কোণে যোগিনী ৩।১৭ গতে নৈর্ঋতে বারবেলা ১০ প্রহরের পর ১ প্রহর ॥

দিবা ৩১ । ৩২
সূং ২ । ৬ । ৮

২	৫	৫
৪	৫৪	২১
০	৫	২১
৪১	৭	৭
৫৯	—	—
১৩	—	—

বৃ ৫ দং ৪৬ জন্মে বৃষ ২৪ । ৫ গতে মিথুন রাশি

৭ বৈশাখ ইং ১৯ এপ্রেল মুং ৩ জমাদিয়ল আউল । মেষ০।২৫।৪৬ গতে উদয়ঃ তুলা ১।১৫।৩৬ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ৪০ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২০ মিনিটে অস্ত ॥

সোমবার চতুর্থী ০।১১ পরে পঞ্চমী ৫৯।১৪ মৃগশিরা নক্ষত্র ৫৩।৫ বিষ্টি করণ শোভন যোগ ২১।২১ ত্র্যহস্পর্শঃ যাত্রাদি শুভ কর্ম্ম নাস্তি স্নান দানে শুভ পূর্ব্ব দিনের রাশির ২৩।২ গতে মিথুন মেষ মকর কন্যা সিংহ ধনু বৃষ তুলা অন্তু এই রাশির চন্দ্র শুদ্ধ জন্মে দেবগণ ক্ষত্রিয়বর্ণ রবির দশা ২৩।৫ গতে বৈশ্যবর্ণ ৫৪।৫ গতে নরগণ শূদ্রবর্ণ চং দশা দক্ষিণে যোগিনী বারবেলা ৬ দং গতে ৪ দং ৩ প্রহরের পর ৪ দং ।

দিবা ৩১ । ৩৫
সূং ২ । ৬ । ২০

৩	৬	৬
৬	৫৫	১০
৫৯	৩০	৫৬
১	৩	৮

জন্মে মিথুন রাশি ।

৮ বৈশাখ ইং ২০ এপ্রেল মুং ৪ জমাদিয়ল আউল । মেষ ১।৩।৩৪ গতে উদয় তুলা ১।২৩।২৪ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ৩৯ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২০ মিনিটে অস্ত ॥

মঙ্গলবার ষষ্ঠী ৫৯।৭১ আর্দ্রা নক্ষত্র ৫৫।৩০ কৌলব করণ অতি গণ্ড যোগ ১৭।৫৪ পাপ যোগ যাত্রা নাস্তি পূর্ব্ব দিনের রাশির চন্দ্র শুদ্ধ জন্মে নরগণ ৫৫। ৭০ গতে দেবগণ বৈশ্য বর্ণ চন্দ্রস্থ দশা মৃতে পাদদোষ ৫৫।৩০ গতে ত্রিপাদ ২৯।১ গতে পূর্ণ পশ্চিমে যোগিনী বারবেলা ৪ দং গতে ৪ দং ২॥ প্রহরের পর ৪ দং মহাদগ্ধা ।

দিবা ৩১ । ৩৮
সূং ২ । ৬ । ৩২

৪	৭	৭
৭	৫৮	১৫
৬০	৯	২৬
০	৫	৯

শু ৪ দং ১৩

জন্মে মিথুন ৪৩ ।৯ গতে কর্কট রাশি

৯ বৈশাখ ইং ২১ এপ্রেল মুং ৫ জমাদিয়ল আউল । মেষ ১।১১।৪২ গতে উদয়ঃ তুলা ১।৩৭।১২ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ৩৮ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২১ মিনিটে অস্ত ॥

বুধবার সপ্তমী ৬০।০ পুনর্ব্বসু নক্ষত্র ৫৮।৯ গর করণ সুকর্ম্মা যোগ ১৫।২৬ সিদ্ধিযোগ যাত্রা শুভ উত্তরে বায়ু কোণে নাস্তি পূর্ব্ব দিনের রাশির ৪৩।৯ গতে কর্কট বৃষ অন্তু তুলা কন্যা মকর সিংহ বৃশ্চিক মীন এই রাশির চন্দ্র শুদ্ধ দ্বিরাগমন চূড়া করণ কর্ণ বেধ ঔষধ করণ ও ভক্ষণ নব দোলাচ্ছরোহণ নববস্ত্র পরিধান বাণিজ্য জন্মে দেবগণ বৈশ্য বর্ণ ৪৩।৯ গতে বিপ্রবর্ণ চন্দ্রস্থ দশা মৃতে ত্রিপাদ বায়ু কোণে যোং বাং ১ প্র.প ৪ দং ২ প্র প ৪ দং জহ্নু সপ্তমী ব্রতং ।

দিবা ৩১ । ৪২ মুং ২ । ৬ । ৪৮ ৫ ৮ ৮ ৭ ১০ ১৩ ৩ ০ ৫৫ ৬ ৬ ১০ জন্মে কর্কট রাশি	১০ বৈশাখ ইং ২২ এপ্রেল মুং ৬ জমাদিয়ল আউল। মেষ ১।১৯।৪০ গতে উদয়ঃ তুলা ১।৪৮।০ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ৩৭ মিনিটে উদয় ৬ ঘণ্টা ১২ মিনিটে অস্ত ॥ বৃহস্পতিবার সপ্তমী ৩।৬ পুষ্যা নক্ষত্র ৬০।০ বণিজ করণ ধৃতি যোগ ১৩।৫৫ যাত্রামধ্যম নক্ষত্রে মৃত যোগ পূর্ব্ব দিনেররাশির চন্দ্র শুদ্ধ নৌকাযাত্রা দ্বিরা গমণ গৃহারম্ভ গৃহপ্রবেশ পঞ্চামৃতচূড়াকরণ কর্ম্ম বেধ গৃহপূজা এতত কর্ম্মে ভদ্রা দোষ হস্তি জন্মে দেবগণ বিপ্রবর্ণ চন্দ্রস্য দশা ঈশানে যোগিণী বারবেলা শেষ১ প্রহর ॥ অষ্টমীর একো দিষ্ট ও সপীণ্ডন অক্ষয়াস্নানং ওদানাদৌ ॥
দিবা ৩১ । ৪৪ মুং ২ । ৬ । ৫৬ ৬ ৮ ৯ ৮ ১ ১৩ ২ ৪৯ ২৫ ২৯ ১ ১১ জন্মে কর্কট রাশি	১১ বৈশাখ ইং ২৩ এপ্রেল মুং ৭ জমাদিয়ল আউল। মেষ ১।২৭।৩৮ গতে উদয় তুলা ১।৫৮।৪৮ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ৩৬ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২১ মিনিটে অস্ত ॥ শুক্রবার অষ্টমী ২।২৯ পুষ্যা নক্ষত্র ১।৪৯ ববকরণ শূল যোগ ১৩।২৫ দং ২।২৯ গতে অমৃত যোগ যাত্রানাস্তিনক্ষত্র দোষ পূর্ব্ব দিনের রাশির চন্দ্রশুদ্ধ জন্মে দেবগণ ১।৪৯গতে দেবারিগণ বিপ্রবর্ণ চন্দ্রস্য দশা ঈশানে যোগিণী ২।২৯ গতে পূর্ব্বে বারবেলা ১ প্রহরের পর ১ প্রহর ॥ নবমীর একোদ্দিষ্ট ওসপীণ্ডন ॥
দিবা ৩১ । ৪৭ মুং ২ । ৭ । ৮ ৭ ৯ ১০ ৯ ৬ ১৩ ৫ ৪৮ ৪১ ৫৫ ৩ ১২ জন্মে কর্কট ১ । ৪৮ গতে সিংহ রাশি	১২ বৈশাখ ইং ২৪এপ্রেল মুং ৮ জমাদিয়ল আউল। মেষ ১।৩৫।৩৬ গতে উদয় তুলা ২।৯।৩৬ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ৩৬ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২২ মিনিটে অস্ত। শনিবার নবমী ৫।৫৫ অশ্লেষানক্ষত্র ৬।৪৮ কৌলবকরণ গণ্ড যোগ ১৩।৪১ সিদ্ধি যোগ যাত্রা নাস্তি নক্ষত্র দোষ পূর্ব্ব দিনের রাশির ৬।৪৮ গতে সিংহ মীন মিথুন বৃষ তুলা অম্ভ কর্কট ধনু মেষ এই রাশির চন্দ্র শুদ্ধ জন্মে দেবারি গণ বিপ্রবর্ণ চংদশা ৬।৪৮গতে ঐগণ ক্ষত্রিয়বর্ণ মঙ্গলস্য দশা মৃতে পাদ দোষ পূর্ব্বে যোগিণী ৫।৫৫ গতে উত্তরে বারবেলা প্রথম ৪ দং২॥০ প্রহরের পর ৪ দং শেষ ৪ দং দশমীর একোদ্দি ও সপীণ্ডন ॥

দিবা ৩১। ৪৯ ষ্টুং ২। ৭। ১৬ ১ ১০ ১১ ১০ ১২ ১৪ ১০ ৪১ ৪০ ১৯ ৫ ১৩ বু ২৭ দং ১৯ র ২ দং ৩৮ জন্মে সিংহ রাশি	১৩ বৈশাখ ইং ২৫এপ্রেল মুং ৯ জমাদিয়ল আউল। মেষ ১।৪৩।৩৪ গতে উদয় তুলা ২।২০।২৪ গতে অস্ত ইং৫ ঘণ্টা ৩৫ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২২ মিনিটে অস্ত ॥ রবিবার দশমী ১০।১৯ মঘা নক্ষত্র ১২।৪১ গরকরণ বৃদ্ধি যোগ ১৪।৪° অমৃত যোগ যাত্রা নাস্তি নক্ষত্র দোষ ১২।৪১ গতে নক্ষত্রামৃত যোগ যাত্রা পশ্চিমে অগ্নিকোণে নাস্তি পূর্ব দিনের রাশির চন্দ্র শুদ্ধ অন্ন প্রাশন নামকরণ পঞ্চামৃত গর্ভাধানবিদ্যারম্ভ মধ্যম শঙ্খ রত্নাদি ধারণ ধনুর্বিদ্যারম্ভ জন্মে দেবারিগণ ১২।৪১ গতে নরগণ ক্ষত্রিয়বর্ণ মঙ্গলস্থ দশা মৃতে পাদদোষ উত্তরে যোগিণী ১০।১৯ গতে অগ্নি কোণে বারবেলা ১॥° প্রহরের পর ১ প্রহর।
দিবা ৩১। ৫৩ মুং ২। ৭। ২৮ ২ ১১ ১২ ১১ ১৯ ১৩ ১৫ ৪ ৩ ১৬ ৭ ১৪ মং অস্তে দং ৫২ জন্মে সিংহ ৩৪। ৪ গতে কন্যা রাশি	১৪ বৈশাখ ইং ২৬ এপ্রেল মুং ১০ জমাদিয়ল আউল। মেষ ১।৫১।৩২ গতে উদয় তুলা ২৪।২।০ গতে অস্ত ইং৫ ঘণ্টা ৩৪ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৩ মিনিটে অস্ত॥ সোমবার একাদশী ১৫।১৬ পূর্বফলগুনী নক্ষত্র ১৯।৪ বিষ্টি করণ ধ্রুবযোগ ১৬।৭ যাত্রা মধ্যম নক্ষত্রা মৃত যোগ পূর্ব দিনের রাশির ৩৪।৪ গতে কন্যা কর্কট মেষধনু বৃশ্চিক মীন সিংহ মকর বৃষ এই রাশির চন্দ্র শুদ্ধ জন্মে নরগণ ক্ষত্রিয়বর্ণ ৩৪।৪ গতে শুদ্রবর্ণ মঙ্গলস্থ দশা মৃতে ১৫।১৬ গতে পাদ দোষ ১৯।৪ গতে ত্রিপাদ অগ্নি কোণে যোগিনী ১৫।১৬ গতে নৈঋর্তে বারবেলা ৪দ০ গতে ৪ দ০৩প্রহরের পর ৪দ০॥ একাদশার উপবাস সায়ং সন্ধ্যানাস্তি ॥
দিবা ৩১। ৫৫ মুং ২। ৭। ৪০ ৩ ১২ ১৩ ১২ ২৫ ৩৭ ২০ ৩৫ ৩৯ ২৮ ৭ ১৫ জন্মে কন্যারাশি	১৫ বৈশাখ ইং ২৭ এপ্রেল মুং ১১ জমাদিয়ল আউল। মেষ ১।৫৯।৩০ গতে উদয় তুলা ২।৪২।০ গতে অস্ত ইং৫ ঘণ্টা ৩৪ মিনিটে উদয় ৬ঘণ্টা ২৩ মিনিটে অস্ত॥ মঙ্গলবার দ্বাদশী ২০।২৮ উত্তরফলগুনী নক্ষত্র ২৫।৩৫ বালবকরণ ব্যাঘাত যোগ ১৭।৩৯ অমৃতযোগ যাত্রা শুভ উত্তরে নৈঋর্তে নাস্তি পূর্ব দিনের রাশি চন্দ্র শুদ্ধ জন্মে নরগণ শুদ্রবর্ণ মংদশা ২৫।৩৫ গতে দেবগণ বৈশ্য বর্ণ বুধস্থ দশা মৃতে পূর্ণ দোষ ২০।২৮ গতে ত্রিপাদ ২৫।৩৫ মধ্যে নৈঋর্তে যোং বাং ৪দং গতে ৪দং২॥০ প্র প ৪দ০। পিপীতকী দ্বাদশী ব্রতং

দিবা ৩১ । ৫৮
সুং ২ । ৭ । ৪৭
৪ ১৩ ১৪
১৩ ৩১ ১৯
২৫ ৫৫ ১
২৪ ৪ ১৬
জন্মেকন্যা রাশি

১৬ বৈশাখ ইং ২৮ এপ্রেল মুং ১২ জমাদিয়ল আউল। মেষ ২।৭।২৮ গতে উদয় তুলা ২।৫২।৪৮ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ৩৩ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৩ মিনিটে অস্ত ॥

বুধবার ত্রয়োদশী ২৫।২৪ হস্তা নক্ষত্র ৩১।৫৫ তৈতিল করণ হর্ষণ যোগ ১৯।১ পাপ যোগ যাত্রা নাস্তি পূর্ব দিনেররাশির চন্দ্র শুদ্ধ অন্নপ্রাশন নামকরণ গৃহারম্ভ গৃহপ্রবেশ স্বস্ত্যয়ন লোকযাত্রা চূড়াকরণ কর্ন বেধ গ্রহপূজা দ্বিরাগমণ নববস্ত্র পরিধান ঔষধকরণ ও ভক্ষন ধনুর্বিদ্যারম্ভ বাণিজ্য নব দোলাদ্ধ রোহন জন্মে দেবগণ ৩১।৫৫ গতে দেবারিগণ শূদ্রবর্ণ বুধস্য দশা দক্ষিণে যোগিনী ২৫। ২৪ গতে পশ্চিমে বারবেলা ১ প্রহরের পর ৪দং ২প্রপা৫দং

দিবা ৩১ । ৫৯
সুং ২ । ৭ । ৫৬
৫ ১৪ ১৫
১৪ ৩৭ ২০
২৯ ৫১ ১
৪১ ৬ ১৭
জন্মে কন্যা
৭ । ৪১ গতে
তুলা রাশি

১৭ বৈশাখ ইং ২৯ এপ্রেল মুং ১৩ জমাদিয়ল আউল। মেষ২।১৫।২৬ গতে উদয় তুলা ৩।৩।৩৬ গতে অস্ত ইং৫ ঘণ্টা ৩২ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৪ মিনিটে অস্ত ॥

বৃহস্পতি বার চতুর্দশী ২৯।৪১ চিত্রা নক্ষত্র ৩৭।৪১ বণিজ করণ বজ্র যোগ ২০।১ পাপ যোগ যাত্রা নাস্তি পূর্ব দিনের রাশির ৭।৪১ গতে তুলা সিংহ মকর ধনু মেষ কন্যা অন্ত মিথুন এই রাশির চন্দ্র শুদ্ধ জন্মে দেবারিগণ শূদ্রবর্ণ ৭।৪১ গতে ক্ষত্রিয়বর্ণ বুধস্য দশা পশ্চিমে যোগিনী ২৯।৪১ গতে বায়ু কোণে বারবেলা শেষ ১প্রহর ॥

সায়ং সন্ধ্যা নাস্তি ॥

দিবা ৩২ । ২
সুং ২ । ৮ । ৮
৬ ১৫ ১৬
১৫ ৪২ ২০
৩৩ ২৪ ১৭
৫ ০৭ ১৮
জন্মে তুলা রাশি

১৮ বৈশাখ ইং ৩০ এপ্রেল মুং ১৪ জমাদিয়ল আউল। মেষ ২।২৩।২১ গতে উদয় তুলা ৩।১৪।২০ গতে ইং ৫ ঘণ্টা ৩১ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৪ মিনিটে অস্ত ॥

শুক্রবার পূর্ণিমা ৩৩।৫ স্বাতি নক্ষত্র ৪২।২৪ বিষ্টিকরণ অমৃক যোগ ২০।১৭ যাত্র মধ্যম বায়ু কোণে নাস্তি পূর্ব দিনের রাশির চন্দ্রশুদ্ধ দ্বিরাগমণ চূড়াকরণ কর্ণবেধ পঞ্চামৃত গৃহারম্ভ গৃহপ্রবেশনববস্ত্র পরিধান নবদোলাদ্যরোহন ধনুর্বিদ্যারম্ভ ঔষধকরণ ও ভক্ষণ বাণিজ্য শুভ জন্মে দেবগণ ৪২।২৪গতে দেবারিগণ ক্ষত্রিয়বর্ণ বুধস্যদশা বায়ু কোণে বারবার ১ প্রপা১প্র বৈশাখী পূর্ণিমা চন্দন যাত্রা পুষ্প দোল ।

দিবা ৩২ । ৪	১৯ বৈশাখ ইং ১ মে মুং ১৫ জমাদিয়ল আউল॥
স্থং ২ । ৮ । ১৬	মেষ ২।৩১।২২ গতে উদয়ঃতুলা ৩।২৫।১২ গতে অস্ত ইংং৫
• •	ঘণ্টা ৩০ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৪ মিনিটে অস্ত।
৭ ১৬ ১৭	শনিবার প্রতিপদ ৩৫।২২ বিশাখা নক্ষত্র ৪৫।৫৬ বাল
১৬ ৪৫ ১৯	বকরণ ব্যতীপাত যোগ ১৯।৪৫ যাত্রা নাস্তি ব্যতীপাত
৩৫ ৫৬ ৪৫	দোষ অমৃত যোগ ১৯।৪৫ গতে যাত্রা শুভ পূর্ব্বে নাস্তি
	বিবাহরং ১০।১৫ দং গতে শুভ পূর্ব্ব দিনের রাশির ৩০।৫৬
২২ ২ ১৯	গতে বৃশ্চিক কন্যা মিথুন ধনু মকর বৃষ এই রাশির চন্দ্র
জন্মে তুলা ৩০।	শুদ্ধ জন্মে দেবারিগণ ক্ষত্রিয়বর্ণ বুধস্য দশা ৪৫।৫৬ গতে
	দেবগণ বিপ্রবর্ণ শদশা মতে ত্রিপাদ দোষ ৩৫।২২ গতে
৫৬ গতে বৃশ্চিক	পূর্ণ ৪৫।৫৬ মধ্যে পূর্ব্বে যোগিণী ৩৫।২২ গতে উত্তরে
রাশি	বারবেলা প্রথম ৪ দং ২॥০ প্রপ ৪ দং শেষ ৪ দং।
দিবা ৩২ । ৭	২০ বৈশাখ ইং২ মে মুং ১৬ জমাদিয়ল আউল॥
স্থং ২ । ৮ । ২৮	মেষ ২।৪৯।২০ গতে উদয় তুলা ৩।৩৬।০ গতে অস্ত ইংং৫
১ ১৭ ১৮	ঘণ্টা ২৯ মিনিটে উদয় ৬ঘণ্টা ২৪ মিনিটে অস্ত ॥
১৭ • ৪৮ ১৮	রবিবার দ্বিতীয়া ৩৬।২১ অনুরাধা নক্ষত্র ৪৮।২১
৩৬ ২১ ১৪	তৈতিল করণ বরীয়ান যোগ ১৮।১৪ যাত্রা নাস্তি পূর্ব্ব
	দিনের রাশিরচন্দ্র শুদ্ধ গর্ভাধান শঙ্খ রত্নাদি ধারণ নব
২১ ৪ ২০	দোলাছা রোহন বাণিজ্য জন্মে দেব গণ ৪৮।২১ গতে
শু° ৫ দং ২২	দেবারিগণ বিপ্রবর্ণ শনির দশা মতে দ্বিপাদ ৩৬।২১ গতে
জন্মে বৃশ্চিক	পাদ উত্তরে যোগিণী ৩৬।২১ গতে অগ্নি কোণে বার
রাশি	বেলা ১॥০ প্রহরের পর ১ প্রহর ॥
দিবা ৩২ । ১০	২১ বৈশাখ ইং৩ মে মুং ১৭ জমাদিয়ল আউল।
স্থং ২ । ৮ । ৪০	মেষ ২।৪৭।১৮ গতে উদয় তুলা ৩।৪৬।১৮ গতে অস্ত
২ ১৮ ১৯	ইং ৫ ঘণ্টা ২৪ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৮ মিনিটে অস্ত।
১৮ ৪৯ ১৫	সোমবার তৃতীয়া ৩৬।৩ জ্যেষ্ঠা নক্ষত্র ৪৯। ৩৫ বণিজ
৩৬ ৩৫ ৪৬	করণ পরিঘ যোগ ১৫।৪৬ যাত্রামধ্যম পূর্ব্বে অগ্নি কোণে
৩০ ৬ ২১	নাস্তি পূর্ব্ব দিনের রাশির ৪৯।৩৫ গতেধনু তুলা কন্যা মীন
জন্মে বৃশ্চিক	ধনু মিথুন এই রাশির চন্দ্র শুদ্ধ নৌকাযাত্রা নব দোলাছা
রাশি ৪৯ । ৩৫	রোহণ জন্মে দেবারিগণ বিপ্রবর্ণ ৪৯।৩৫ গতে ক্ষত্রিয়বর্ণ
গতে ধনু রাশি	শনির দশা অগ্নিকোণে যোং বাং৪দং গতে ৪দং২॥০ প৪দং

দিবা ৩২ । ১৩	২২ বৈশাখ ইং ৪ মে মুং ১৮ জমাদিয়ল আউল ।
সুং ২ । ৮ । ৫২	মেষ ২।৫৫।১৬ গতে উদয় তুলা ৩।৫৭।৩৬ গতে অস্ত ইং
	৫ ঘণ্টা ২৮ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৫ মিনিটে অস্ত ।
৩ ১৯ ২০	মঙ্গলবার চতুর্থী ৩৪।৩২ মূলানক্ষত্র ৪৯।৩১ বব করণ
১৯ ৪৯ ১২	শিব যোগ ১২।১৯ যাত্রা নাস্তি রিক্তা দোষ পূর্ব্ব দিনের
৩৪ ৩১ ১৯	রাশির চন্দ্র শুদ্ধ বিবাহ রাং ৭।৩ মধ্যে জন্মে দেবারিগণ
	ক্ষত্রিয় বর্ণ শনির দশা ৪৯।৩১ গতে নরগণ ঐ বর্ণ বুদশা
৩২ ১ ২২	মৃতে পাদ দোষ নৈঋতে যোগিণী ৩৪।৩২ গতে দক্ষিণে
জন্মে ধনু রাশি	বার বেলা ৪দং গতে ৪দং২।।০ প্রহরের পর ৪ দং।।
দিবা ৩২ । ১৬	২৩ বৈশাখ ইং ৫ মে মুং ১৯ জমাদিয়ল আউল ।।
সুং ২ । ৯ । ৪	মেষ ৩।৩।১৪ গতে উদয় তুলা ৪।৮।২৪ গতে অস্ত ইং ৫
৪ , ২০ ২১	ঘণ্টা ২৭ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৫ মিনিটে অস্ত ।।
২০ ৪৮ ৭	বুধবার পঞ্চমী ৩১।৫২ পূর্ব্বাষাঢ়া নক্ষত্র ৩৮।২৪ কৌলব
	করণ সাধ্য যোগ ৭।৫৩ যাত্রা মধ্যম উত্তরে দক্ষিণে নাস্তি
৩১ ২৪ ৫৩	পূর্ব্ব দিনের রাশির চন্দ্র শুদ্ধ জন্মে নরগণ ক্ষত্রিয় বর্ণ
৫২ ৩ ২৩	বৃহস্পতির দশা মৃতে ৪৮। ২৪ গতে দ্বিপাদ দোষ দক্ষিণে
জন্মে ধনু রাশি	যোগিণী ৩১।৫২ গতে পশ্চিমে বার বেলা ১ প্রহরের
বুমেষে দং ২৩	পর ৪ দং ২ প্রহরের পর ৪ দং।।
দিবা ৩২ । ১৮	২৪ বৈশাখ ইং ৬ মে মুং ২০ জমাদিয়ল আউল ।
সুং ২ । ৯ । ১২	মেষ ৩।১১।১২ গতে উদয় তুলা ৪।১৯।১২ গতে অস্ত ইং ৫
	ঘণ্টা ২৭ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৬ মিনিটে অস্ত ।।
৫ ২১ ২২	বৃহস্পতিবার ষষ্ঠী ২৮।১১ উত্তরাষাঢ়া নক্ষত্র ৪৬।১৮
২১ ৪৬ ২	গরকরণ সিদ্ধি যোগ ২।৩৬ পরে শুভ যোগ ৫৬।৩৭ যাত্রা
২৮ ১৮ ৩৬	নাস্তি নক্ষত্র দোষ পূর্ব্ব দিনের রাশির ১।১৮ গতে মকর
১১ ৫ ৫৬	বৃশ্চিক সিংহ মেষ মীন কর্কট এই রাশির চন্দ্র শুদ্ধ
— — ৩৭	নৌকা যাত্রা নববস্ত্র পরিধান শঙ্খ রত্নাদি ধারণ নব
২৪	দোলাস্থ রোহণ জন্মে নরগণ ক্ষত্রিয়বর্ণ ১।১৮ গতে শূদ্র
মং । ২৪ দং ১০	বর্ণ ৪৬।১৮ গতে দেবগণ ঐ বর্ণ বৃহস্পতির দশা মৃতে
	দ্বিপাদ দোষ ২৮।১১ গতে ত্রিপাদ ৪৬।১৮ মধ্যে পশ্চিমে
জন্মে ধনু ১।১৮	যোগিণী ২৮।১১ গতে বায়ু কোণে বারবেলা শেষ ১
গতে মকর রাশি	প্রহর

দিবা ৩২। ২১ সূং ২। ৯। ২৪ ৬ ২২ ২৪ ২২ ৪৩ ৪৯ ২৩ ২৫ ৫৬ ৩৮ ১ ২৫ শুন্নিথুনে দং ৫৮ জন্মে মকর রাশি	২৫ বৈশাখ ইং ৭ মে মুং ২১ জমাদিয়ল আউল ।। মেষ ৩।১৯।১০ গতে উদয়ঃ তুলা ৪।৩০।10 গতে অস্ত ইং ৫ ঘণ্টা ২৬ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৭ মিনিটে অস্ত । শুক্রবার সপ্তমী ২৩।৩৮ শ্রবণা নক্ষত্র ৪৩।২৫ ববকরণ শুক্র যোগ ৪৯।৫৬ পাপ যোগযাত্রা নাস্তি নক্ষত্রামৃত যোগ পূর্ব্ব দিনের রাশির চন্দ্র শুদ্ধ যজুর্ব্বেদি বিবাহ রাং ১৪। ২ মধ্যে শুভ জন্মে দেবগণ শূদ্রবর্ণ বৃদশা ৪৩।২৫ গতে দেবারি গণ শূদ্রবর্ণ রাহুর দশা মৃতে পাদ দোষ ২৩।৩৮ মধ্যে বায়ু কোণে যোগিণী ২৩।৩৮০ গতে ঈশানে বার বেলা ১ প্রহরের পর ১ প্রহর ।।
দিবা ৩২। ২৪ মূং ২। ৯। ৩৬ ৭ ২৩ ২৫ ২৩ ৩৯ ৪২ ১৮ ৫: ৪৯ ২৬ ৩ ২৬ র ৩ দং ২৬ জন্মে মকর ৯।৫৯ গতে কুম্ভ রাশি	২৬ বৈশাখ ইং ৮ মে মুং ২২ জমাদিয়ল আউল । মেষ ৩।২৭।৮ গতে উদয় তুলা ৪।৪০।৪৮ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ২৬ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৭ মিনিটে অস্ত ।। শনিবার অষ্টমী ১৮।২৬ ধনিষ্ঠা নক্ষত্র ৩৯।৫৯ কৌলব করণ ব্রহ্ম যোগ ৪২।৪৯ যাত্রামধ্যম পূর্ব্বে ঈশানে নাস্তি পূর্ব্ব দিনের রাশির ৯।৫৯ গতে কুম্ভ ধনু কন্যা সিংহ বৃষ মেষ এই রাশির চন্দ্রশুদ্ধ ধনুর্বিদ্যারম্ভঃ জন্মে দেবারিগণ শূদ্রবর্ণ ৯।৫৯ গতে বৈশ্যবর্ণ রাহুরদশা মৃতে পাদ দোষ ঈশানে যোগিণী ১৮।২৬ গতে পূর্ব্বে বারবেলা প্রথম ৪ দং ২।।০ প্রহরের পর ৪ দং শেষ ৪দং ।। ত্রিলোচনাষ্টমী ব্রতং ।।
দিবা ৩২। ২৭ সূং ২।৯ । ৪৮ ১ ২৪ ২৬ ২৪ ৩৬ ৩৫ ১২ ১২ ১৯ ৪৪ ৫ ২৭ জন্মে কুম্ভ রাশি	২৭ বৈশাখ ইং ৯ মে মুং ২৩ জমাদিয়ল আউল । মেষ ৩।৩৫।৬ গতে উদয় তুলা ৪।৫১।৩৬ গতে অস্ত ইং ৫ ঘণ্টা ২৫ মিনিটে উদয় ৬ ঘণ্টা ২৮ মিনিটে অস্ত । রবিবার নবমী ১২।৪৪ শতভিষা নক্ষত্র ৩৬।১২ গরকরণ ঐন্দ্র যোগ ৩৫।১৯ অমৃত যোগ ১২।৪৪ গতে যাত্রা শুভ পশ্চিমোত্তরে নাস্তি পূর্ব্ব দিনের রাশির চন্দ্র শুদ্ধ গর্ভা ধান জন্মে দেবারিগণ ৩৬।১২ গতে নরগণ বৈশ্যবর্ণ রাহুর দশা মৃতে পাদ দোষ ৩৬।১২ গতে ত্রিপাদ পূর্ব্বে যোগিণী ১২।৪৪ গতে উত্তরে বারবেলা ১।।০ প্রহরের পর ১ প্রহর ।।

